"মানবকল্যাণে শান্তির ফতওয়া"

একটি অনুসন্ধানী পর্যালোচনা

মাওলানা সাইফুল্লাহ খালেদ

“মানবকল্যাণে শান্তির ফতওয়া”

একটি অনুসন্ধানী পর্যালোচনা

মাওলানা সাইফুল্লাহ খালেদ
ফাযেলে দারুল উলূম দেওবন্দ
পরিচালক, জাবালে নূর ফাউন্ডেশন, তেজগাঁও, ঢাকা
মুহাদ্দিস, জামিয়াতুল কারীম আলইসলামিয়া
ওয়ারলেস, মগবাজার, ঢাকা

আল হিকমাহ
ওয়ারলেস, মগবাজার, ঢাকা

❑ "মানবকল্যাণে শান্তির ফতওয়া"
একটি অনুসন্ধানী পর্যালোচনা
❑ মাওলানা সাইফুল্লাহ খালেদ
ফাযেলে দারুল উলূম দেওবন্দ
পরিচালক, জাবালে নূর ফাউন্ডেশন, তেজগাঁও, ঢাকা
মুহাদ্দিস, জামিয়াতুল কারীম আলইসলামিয়া ওয়ারলেস,
মগবাজার, ঢাকা
❑ প্রকাশক: আজিজুল বারী কাউসার
আল হিকমাহ, ওয়ারলেস, মগবাজার, ঢাকা
❑ প্রথম প্রকাশ: শাবান ১৪৩৮ হি. মে ২০১৭ ঈ.

❑ মূল্য : ৪০০ (চারশত টাকা মাত্র)

সূচিপত্র

বিসমিল্লাহির রাহমানির রাহীম

‘সন্ত্রাস ও জঙ্গীবাদ বিরোধী মানবকল্যাণে শান্তির ফতওয়া’ নামে এক লক্ষ স্বাক্ষর সম্বলিত একটি লেখা তৈরি হয়েছে আজ এক বছর পূর্ণ হতে চলেছে। এক লক্ষ স্বাক্ষরের মাধ্যমে মূলত ইসলামের একটি অকাট্য ও সর্বস্বীকৃত রুকনের উপর এক লক্ষ কুঠারাঘাত করা হয়েছে। **কোন জাতি সম্মিলিতভাবে নিজের পায়ে এভাবে কুঠারাঘাত করেছে এমন নজির সৃষ্টি করতে পৃথিবী ব্যর্থ হয়েছে। ভবিষ্যতে পারবে বলেও কোন সম্ভাবনা নেই।**

এ ফতওয়া প্রকাশিত হয়ে তার বিষফল পৃথিবীব্যাপী ছড়িয়ে চলেছে। দেশী ও আন্তর্জাতিক কুফরী শক্তির পক্ষ থেকে তার প্রচার চলছে। বিশ্ব শয়তানী শক্তির স্বাক্ষর ও সাধুবাদ নিয়ে এ লেখা ও অপকর্মটি পৃথিবী জুড়ে বিচরণ করে চলেছে। দেশের সাধারণ মুসলমান, সাধারণ তালিবুল ইলম ও সাধারণ শিক্ষিত শ্রেণী সে অপকর্মের শিকার হয়ে তাদের দ্বীন ও ঈমানকে হারাতে বসেছে। একদল অন্ধ মানুষ তার পিছনে ছুটে চলেছে।

কিন্তু দ্বীনের কর্ণধার হওয়ার দাবিদারগণের সর্বোচ্চ আসনে যারা অধিষ্ঠিত রয়েছেন, তাদের অনেকে আজও তার খবরও পাননি। দ্বিতীয় সিঁড়ির কর্ণধারগণ দু’চার দিন আগে খবর পেয়েছেন বলে শোনা যাচ্ছে। তৃতীয় সিঁড়ির কর্ণধারগণ খবর পেয়েছেন, তবে বিষয়টিকে একটি কলাগাছের সঙ্গে তুলনা করে ক্ষান্ত হয়েছেন, যা এমনি এমনি শেষ হয়ে যাবে। চতুর্থ শ্রেণীর কর্ণধারগণ গবেষণার টেবিলে বসা আছেন, ভাবছেন কি করা যায়। এরই মধ্যে একটি বছর পার হয়ে গেছে। পঞ্চম শ্রেণীর কর্ণধারগণ হেকমতপূর্ণ ভাষার গাঁথুনী তৈরি করে চলেছেন। ষষ্ঠ শ্রেণীর কর্ণধারগণ শতভাগ নির্ভুল কথা বলার জন্য পৃষ্ঠার পর পৃষ্ঠা উল্টে চলেছেন। এভাবে আরো কতো শ্রেণীর গবেষক কতো প্রস্তুতি নিয়ে চলেছেন তার কোন শেষ নেই।

এমতাবস্থায় কোন শ্রেণীতেই পড়েন না এমন কিছু লোক বিষয়টি নিয়ে ভেবেছেন। কাঁচা পাকা কিছু একটা জাতির সামনে তুলে ধরেছেন। মুসলমানদের ঈমান বাঁচানোর তাগিদে যতটুকু না করলেই নয়, ততটুকু করে তা উপস্থাপন করেছেন। এ আশা নিয়ে যে, বিশেষজ্ঞ আলেমগণ এবার যদি এর প্রতি একটু দৃষ্টিপাত করেন। কমপক্ষে এ বিশ্লেষণের ভুল ধরার তাগিদেও যদি কলমটা একটু হাতে নেন। অন্যায়ের ভুল না ধরে কমপক্ষে ভুল ধরার ভুল ধরতে গিয়েও যদি একটু নড়ে চড়ে বসেন তবু আশা করি জাতি উপকৃত হবে।

লেখাটির মুদ্রিত কপির উপর টীকা নম্বর বসিয়ে টীকানম্বরসহ মূল লেখার ফটোকপি শেষে যুক্ত করে দেয়া হয়েছে। যাতে খেয়ানতের কোন অভিযোগ না আসে। এছাড়া পাঠক মূল কপিটি দেখলেই সঠিক অবস্থা উপলব্ধি করতে সক্ষম হবেন বলে আশা করছি। যুক্তির দাবি অনুযায়ী এক লক্ষ স্বাক্ষর সম্বলিত লেখাটি এ বইয়ের শুরুতেই দেয়া উচিত ছিল। কিন্তু আত্মমর্যাবোধের সামান্য একটু লাজ আছে বলে তা পারিনি। এমনিভাবে লেখাটিকে টীকার উপরে স্থান দিতেও মন সায় দেয়নি। আবার মূল কপি উল্লেখ না করেও হচ্ছে না। তাই টীকা লেখা হয়েছে আগে আর মূল লেখাটি উল্লেখ করা হয়েছে পরে। পাঠক একটু কষ্ট করে মূল লেখাটি দেখে সে অনুযায়ী টীকাগুলো দেখবেন। বাড়তি কষ্ট দিলাম, ক্ষমা করবেন।

আর এ কাজটি করতে এক বছর অপেক্ষা করে যে অন্যায় করেছি তার জন্য আল্লাহর কাছে ক্ষমা চাচ্ছি।

-প্রকাশক

নিবেদন

এ ভূমিকায় আমার নিজের পক্ষ থেকে বলার মত কিছু নেই। কাউকে নসীহত করব, কারো কাছে কোন আবদার করব, কোন হুকুম করব, বা ধমক দেব কোন কিছুই করার মত মনের শক্তি নেই। ভাবতে ভাবতে কেমন যেন নিথর হয়ে যাই। নিজেকে বড় অসহায় মনে হয়। কি হওয়ার ছিল, কি হল? কাদের কাছে কি পাওয়ার ছিল, কি পেলাম? যাদেরকে নিয়ে স্বপ্ন দেখতাম, দেখাতাম– তাদেরকে আজ ভুলে যেতে খুব ইচ্ছা করছে। আজ আমার নিজস্ব কোন আবেদন নিবেদন নেই। সবার সকল বিপদ আপদে সব সময় যিনি একমাত্র ভরসা তাঁর কালামে পাক থেকে একটি অংশ এখানে তুলে ধরতে চাই। তাঁর চাইতে সুন্দর করে আমরা বলতে পারব না। তুলে ধরতে চাই আমার জন্য, সবার জন্য। কুরআনের এ অংশটুকু আমি অনুবাদসহ উল্লেখ করব। পাঠক যেন তা পড়েন, ভেবে ভেবে বার বার পড়েন। এটাই আমার নিবেদন। এটাই আমার আকুতি। আমার ফরিয়াদ।

আল্লাহ রাব্বুল আলামীন তাঁর পবিত্র কালামে তাঁর প্রিয় বান্দাদেরকে খুব মুহাব্বত ও ভালোবাসার সাথে সম্বোধন করে বলেন-

وَلَا تَهِنُوا فِي ابْتِغَاءِ الْقَوْمِ إِنْ تَكُونُوا تَأْلَمُونَ فَإِنَّهُمْ يَأْلَمُونَ كَمَا تَأْلَمُونَ وَتَرْجُونَ مِنَ اللَّهِ مَا لَا يَرْجُونَ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا (١٠٤) إِنَّا أَنْزَلْنَا إِلَيْكَ الْكِتَابَ بِالْحَقِّ لِتَحْكُمَ بَيْنَ النَّاسِ بِمَا أَرَاكَ اللَّهُ وَلَا تَكُنْ لِلْخَائِنِينَ خَصِيمًا (١٠٥) وَاسْتَغْفِرِ اللَّهَ إِنَّ اللَّهَ كَانَ غَفُورًا رَحِيمًا (١٠٦) وَلَا تُجَادِلْ عَنِ الَّذِينَ يَخْتَانُونَ أَنْفُسَهُمْ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ مَنْ كَانَ خَوَّانًا أَثِيمًا (١٠٧)

আর শত্রু সম্প্রদায় অনুসন্ধানে তোমরা দুর্বল হয়ো না। তোমাদের যদি কষ্ট হয়ে থাকে, তবে তাদেরও তো তোমাদের মতই কষ্ট হচ্ছে। আর তোমরা

আল্লাহর নিকট থেকে এমন জিনিষের আশা কর যার আশা তারা করে না। আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। (১০৪) নিশ্চয় আমি তোমার প্রতি সত্যসহকারে কিতাব নাযিল করেছি, যাতে তুমি মানুষের মধ্যে ফয়সালা কর সে অনুযায়ী যেভাবে আল্লাহ তোমাকে দেখিয়েছেন। **আর তুমি খিয়ানতকারীদের পক্ষে বিতর্ককারী হয়ো না।** (১০৫) এবং তুমি আল্লাহর কাছে ক্ষমা চাও। নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। (১০৬) **আর যারা নিজেদের প্রতি খিয়ানত করে তুমি তাদের পক্ষে বিতর্ক করো না। নিশ্চয় আল্লাহ কোনও খিয়ানতকারী পাপিষ্ঠকে পসন্দ করেন না।** (১০৭)

يَسْتَخْفُونَ مِنَ النَّاسِ وَلَا يَسْتَخْفُونَ مِنَ اللَّهِ وَهُوَ مَعَهُمْ إِذْ يُبَيِّتُونَ مَا لَا يَرْضَى مِنَ الْقَوْلِ وَكَانَ اللَّهُ بِمَا يَعْمَلُونَ مُحِيطًا (١٠٨) هَا أَنْتُمْ هَؤُلَاءِ جَادَلْتُمْ عَنْهُمْ فِي الْحَيَاةِ الدُّنْيَا فَمَنْ يُجَادِلُ اللَّهَ عَنْهُمْ يَوْمَ الْقِيَامَةِ أَمْ مَنْ يَكُونُ عَلَيْهِمْ وَكِيلًا (١٠٩)

তারা মানুষ থেকে তো লজ্জা করে কিন্তু আল্লাহ থেকে লজ্জা করে না, অথচ তিনি তাদের সাথেই থাকেন যখন তারা রাতে এমন বিষয়ের পরিকল্পনা করে যা তিনি পছন্দ করেন না। আর তারা যা কিছু করে আল্লাহ তা পরিবেষ্টন করে আছেন। (১০৮) হে, তোমরাই তো তারা, যারা দুনিয়ার জীবনে তাদের পক্ষে বিতর্ক করেছ। সুতরাং কিয়ামতের দিন তাদের পক্ষে আল্লাহর সাথে কে বিতর্ক করবে? কিংবা কে হবে তাদের তত্ত্বাবধায়ক? (১০৯)

وَمَنْ يَعْمَلْ سُوءًا أَوْ يَظْلِمْ نَفْسَهُ ثُمَّ يَسْتَغْفِرِ اللَّهَ يَجِدِ اللَّهَ غَفُورًا رَحِيمًا (١١٠) وَمَنْ يَكْسِبْ إِثْمًا فَإِنَّمَا يَكْسِبُهُ عَلَى نَفْسِهِ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا (١١١) وَمَنْ يَكْسِبْ خَطِيئَةً أَوْ إِثْمًا ثُمَّ يَرْمِ بِهِ بَرِيئًا فَقَدِ احْتَمَلَ بُهْتَانًا وَإِثْمًا مُبِينًا (١١٢) وَلَوْلَا فَضْلُ اللَّهِ عَلَيْكَ وَرَحْمَتُهُ لَهَمَّتْ طَائِفَةٌ مِنْهُمْ أَنْ يُضِلُّوكَ وَمَا يُضِلُّونَ إِلَّا أَنْفُسَهُمْ وَمَا يَضُرُّونَكَ مِنْ شَيْءٍ وَأَنْزَلَ اللَّهُ عَلَيْكَ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَعَلَّمَكَ مَا لَمْ تَكُنْ تَعْلَمُ وَكَانَ فَضْلُ اللَّهِ عَلَيْكَ عَظِيمًا (١١٣)

যে ব্যক্তি কোন মন্দ কাজ করে ফেলে কিংবা নিজের প্রতি যুলম করে বসে তারপর আল্লাহর কাছে ক্ষমা চায়, সে আল্লাহকে পাবে অতি ক্ষমাশীল, পরম দয়ালু। (১১০) যে ব্যক্তি কোন গুনাহ কামায়, সেতো তা দ্বারা নিজেরই শুধু ক্ষতি সাধন করে। আর আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। (১১১) আর যে ব্যক্তি কোন অপরাধ বা পাপ অর্জন করে, অতঃপর কোন নির্দোষ ব্যক্তির উপর তা

আরোপ করে, তাহলে সে তো মিথ্যা অপবাদ ও প্রকাশ্য গুনাহের বোঝা বহন করল। (১১২) তোমার উপর যদি আল্লাহর অনুগ্রহ ও তাঁর দয়া না হত তবে তাদের মধ্য থেকে একদল তোমাকে পথভ্রষ্ট করার সংকল্প করেই ফেলেছিল! পকৃতপক্ষে তারা নিজদের ছাড়া কাউকে পথভ্রষ্ট করে না এবং তারা তোমার কোনই ক্ষতি করতে পারবে না। আর আল্লাহ তোমার প্রতি নাযিল করেছেন কিতাব ও হিকমাত এবং তোমাকে শিক্ষা দিয়েছেন যা তুমি জানতে না। আর তোমার উপর আল্লাহর মহা অনুগ্রহ রয়েছে। (১১৩)

لَا خَيْرَ فِي كَثِيرٍ مِنْ نَجْوَاهُمْ إِلَّا مَنْ أَمَرَ بِصَدَقَةٍ أَوْ مَعْرُوفٍ أَوْ إِصْلَاحٍ بَيْنَ النَّاسِ وَمَنْ يَفْعَلْ ذَلِكَ ابْتِغَاءَ مَرْضَاتِ اللهِ فَسَوْفَ نُؤْتِيهِ أَجْرًا عَظِيمًا (١١٤) وَمَنْ يُشَاقِقِ الرَّسُولَ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدَى وَيَتَّبِعْ غَيْرَ سَبِيلِ الْمُؤْمِنِينَ نُوَلِّهِ مَا تَوَلَّى وَنُصْلِهِ جَهَنَّمَ وَسَاءَتْ مَصِيرًا (١١٥)

তাদের গোপন পরামর্শের অধিকাংশে কোন কল্যাণ নেই। তবে (কল্যাণ আছে) যে নির্দেশ দেয় সদাকা কিংবা ভালো কাজ অথবা মানুষের মধ্যে মীমাংসার। আর যে তা আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে করবে তবে অচিরেই আমি তাকে মহাপুরস্কার দান করব। (১১৪) যে রাসূলের বিরুদ্ধাচরণ করে তার সামনে হিদায়াত স্পষ্ট হয়ে যাওয়ার পর এবং মুমিনদের পথের বিপরীত পথ অনুসরণ করে, আমি তাকে সেই পথেই ছেড়ে দেব, যে পথ সে অবলম্বন করেছে, এবং তাকে প্রবেশ করাব জাহান্নামে। আর আবাস হিসেবে তা খুবই মন্দ। (১১৫)

إِنَّ اللهَ لَا يَغْفِرُ أَنْ يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَلِكَ لِمَنْ يَشَاءُ وَمَنْ يُشْرِكْ بِاللهِ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا (١١٦) إِنْ يَدْعُونَ مِنْ دُونِهِ إِلَّا إِنَاثًا وَإِنْ يَدْعُونَ إِلَّا شَيْطَانًا مَرِيدًا (١١٧) لَعَنَهُ اللهُ وَقَالَ لَأَتَّخِذَنَّ مِنْ عِبَادِكَ نَصِيبًا مَفْرُوضًا (١١٨) وَلَأُضِلَّنَّهُمْ وَلَأُمَنِّيَنَّهُمْ وَلَآمُرَنَّهُمْ فَلَيُبَتِّكُنَّ آذَانَ الْأَنْعَامِ وَلَآمُرَنَّهُمْ فَلَيُغَيِّرُنَّ خَلْقَ اللهِ وَمَنْ يَتَّخِذِ الشَّيْطَانَ وَلِيًّا مِنْ دُونِ اللهِ فَقَدْ خَسِرَ خُسْرَانًا مُبِينًا (١١٩) يَعِدُهُمْ وَيُمَنِّيهِمْ وَمَا يَعِدُهُمُ الشَّيْطَانُ إِلَّا غُرُورًا (١٢٠) أُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَلَا يَجِدُونَ عَنْهَا مَحِيصًا (١٢١).

নিশ্চয় আল্লাহ ক্ষমা করেন না তাঁর সাথে শরীক করাকে তবে এর নিচের যেকোন গুনাহ যাকে চান ক্ষমা করেন। আর যে আল্লাহর সাথে শরীক করে সে তো ঘোর পথভ্রষ্টতায় পথভ্রষ্ট হল। (১১৬) আল্লাহ ছেড়ে তারা যাদেরকে ডাকে তারা কেবল কতিপয় নারী। আর তারা যাকে ডাকে সেতো অবাধ্য শয়তান ছাড়া কেউ নয়- (১১৭) যার প্রতি আল্লাহ লা'নত করেছেন এবং সে আল্লাহকে বলেছিল, 'অবশ্যই আমি তোমার বান্দাদের এক নির্দিষ্ট অংশকে (অনুসারী হিসেবে) নিয়ে নেব'। (১১৮) আর অবশ্যই আমি তাদেরকে পথভ্রষ্ট করব, মিথ্যা আশ্বাস দেব এবং অবশ্যই তাদেরকে আদেশ দেব, ফলে তারা পশুর কান ছিদ্র করবে এবং অবশ্যই তাদেরকে আদেশ করব, ফলে অবশ্যই তারা আল্লাহর সৃষ্টি বিকৃত করবে'। আর যে অল্লাহর পরিবর্তে শয়তানকে অভিভাবকরূপে গ্রহণ করে, সে তো স্পষ্টই ক্ষতিগ্রস্ত হল। (১১৯) সে তাদেরকে প্রতিশ্রুতি দেয় এবং তাদেরকে মিথ্যা আশ্বাস দেয়। আর শয়তান তাদেরকে কেবল প্রতারণামূলক প্রতিশ্রুতিই দেয়। (১২০) এদের সকলেরই আশ্রয়স্থল জাহান্নাম। তারা সেখান থেকে পালাবার জায়গা পাবে না। (১২১)

وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ سَنُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا وَعْدَ اللَّهِ حَقًّا وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ قِيلًا (١٢٢) سورة النساء.

আর যারা ঈমান এনেছে এবং নেক আমল করেছে, অচিরেই তাদেরকে আমি প্রবেশ করাব জান্নাতসমূহে, যার তলদেশে প্রবাহিত হবে নহরসমূহ। সেখানে তারা হবে স্থায়ী। আল্লাহর প্রতিশ্রুতি সত্য। আর কথায় আল্লাহ অপেক্ষা অধিক সত্যবাদী কে? (১২২) -সূরা নিসা ১০৪-১২২

-সাইফুল্লাহ খালেদ

এক লক্ষ স্বাক্ষর সম্বলিত ফতওয়া ও তার উপর কৃত টীকাসমূহ

اللهم احفظنا من كل بلاء الدنيا وعذاب الآخرة

১.'ইসলাম শান্তিবাদী'

এর অর্থ কী? ইসলাম গ্রহণকারীকে ইসলাম শান্তি দেবে নাকি যে ইসলামকে অস্বীকার করবে তাকেও শান্তি দেবে? এ শান্তি আল্লাহর বন্ধুদের জন্য নাকি আল্লাহর শত্রুদের জন্য? কুরআন কী বলে দেখা যেতে পারে। আল্লাহ তাআলা বলেন,

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا ادْخُلُوا فِي السِّلْمِ كَافَّةً وَلَا تَتَّبِعُوا خُطُوَاتِ الشَّيْطَانِ إِنَّهُ لَكُمْ عَدُوٌّ مُبِينٌ.

فَإِنْ زَلَلْتُمْ مِنْ بَعْدِ مَا جَاءَتْكُمُ الْبَيِّنَاتُ فَاعْلَمُوا أَنَّ اللَّهَ عَزِيزٌ حَكِيمٌ.

"হে মুমিনগণ, তোমরা ইসলামে পূর্ণরূপে প্রবেশ কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করো না। নিশ্চয় সে তোমাদের স্পষ্ট শত্রু। অতএব তোমরা যদি পদস্খলিত হও, তোমাদের নিকট সুস্পষ্ট নিদর্শনসমূহ আসার পর, তবে জেনে রাখ, আল্লাহ পরাক্রমশালী, প্রজ্ঞাময়"। -সূরা বাকারা ২০৮-২০৯

ইসলাম ছাড়া বাকি সকল পথ যদি প্রকাশ্য শত্রু শয়তানের হয় তাহলে সেক্ষেত্রে শান্তি প্রতিষ্ঠার কী ব্যবস্থা? দলিল-প্রমাণ এসে যাওয়ার পরও যারা তা গ্রহণ করেনি তাদের জন্য তো আল্লাহ তাআলা তাঁর পরাক্রমশালী গুণটি ব্যবহার করেছেন। সারা পৃথিবীর জন্য ইসলাম শান্তির বার্তা নিয়ে এসেছে। সে বার্তা গ্রহণ না করেও কি শান্তির অধিকারী হওয়া যাবে?

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের প্রায় সাতাশটি যুদ্ধে সরাসরি অংশগ্রহণ, অসংখ্য যুদ্ধের কাফেলা প্রেরণ, খোলাফায়ে রাশেদীনের নেতৃত্বে শত শত যুদ্ধের কাফেলা প্রেরণ এবং সারা পৃথিবীর দিগন্তে দিগন্তে ইসলামকে পৌঁছে দেয়ার ক্ষেত্রে যে হাজার হাজার কাফেরদের হত্যা করতে হয়েছে, আরো হাজার হাজারকে ক্রিতদাস বানাতে হয়েছে এবং লক্ষ লক্ষ কাফেরকে কর দিয়ে হীনতার সাথে জীবন যাপন করতে বাধ্য করা হয়েছে -এগুলো কি শান্তির পরিপন্থী কোন বিষয়? না শান্তির জন্য এ বিষয়গুলো অনিবার্য ছিল? বিষয়টি যদি এমনই হয় তাহলে শান্তিবাদী বলে আমরা কী বোঝাতে চাই? ইসলাম শান্তিবাদী হওয়ার সাথে জিহাদের কাফেলাগুলোর বৈপরীত্ব কোথায়? জিহাদের কর্মকাণ্ডের বৈপরীত্ব কোথায়?

যদি বৈপরীত্ব না থাকে তাহলে প্রচলিত জিহাদী কর্মকাণ্ডের বিপরীতে ইসলাম শান্তিবাদী বলার উদ্দেশ্য কী?

জিহাদের কর্মকাণ্ডে ভুল থাকলে শরীয়তের আলোকে সে ভুলগুলো চিহ্নিত করা হবে, শুধরানোর চেষ্টা হবে, শুধরানো না গেলে কাফেরদের বিরুদ্ধে নিজেরা সহীহ তরীকায় জিহাদ শুরু করবে। বড় জিহাদের বাহানায় জিহাদকে অস্বীকার করা, কুফরী শক্তির সহায়তা নিয়ে মুসলমানদের জিহাদের বিরুদ্ধে ফতোয়া দেয়া, কুফরী শক্তির বাহিনী মারা গেলে তাকে শহীদ বলা এবং ইসলামের নামে মারা গেলে তাকে জাহান্নামে পাঠিয়ে দেয়া -এগুলোর সঙ্গে ইসলাম শান্তিবাদী ধর্ম হওয়ার কী সম্পর্ক? জিহাদের কর্মকাণ্ডকে ভুল প্রমাণ করার জন্য ইসলাম শান্তিবাদী ধর্ম এ প্রসঙ্গ নিয়ে আসা মানে তো লক্ষণ খারাপ। মনে হয় এর দ্বারা জিহাদ ও শান্তিবাদী বিপরীত বিষয় এ কথা সারা বিশ্বের মানুষের মনে গেঁথে দেয়ার চেষ্টা চলছে।

২. 'উদার'

এর কোন সীমারেখা আছে কী না? এর একটি সীমারেখা পৃথিবী দিয়েছে, আরেকটি সীমারেখা ইসলাম দিয়েছে। এখানে আমরা ইসলামকে উদারতার কোন সীমারেখায় আটকাবো? পৃথিবীতো বলছে, এ দেশ, এ পৃথিবী

উদারনীতিতে বিশ্বাসী। অতএব দূর্গাপূজায় হিন্দু মুসলমান সবার অংশগ্রহণ করা চাই। আল্লাহ ও আল্লাহর রাসূলকে গালি দিলে তাকে বুকে জড়িয়ে নেয়া চাই। ধর্মের বিরুদ্ধে যেকোন কথা বলার উদারতা চাই। এসব শুনেও একজন মুসলমান মনে কোন কষ্ট না পাওয়ার মত প্রসস্ত হৃদয়ের অধিকারী হওয়া চাই। যে কোন দোয়ার জন্য শুধু মসজিদে দোয়া করানোর সংকীর্ণতা থেকে বেরিয়ে গির্জা, মন্দির সব জায়গায় দোয়া করানোর মত মানসিক উদারতা চাই। যৌনাচারে মানুষ-কুকুর-ঘোড়া এসব ভেদাভেদ তুলে যাওয়া চাই। সব নারী সব পুরুষের যৌনসঙ্গী হওয়ার অধিকার থাকা চাই। বৈবাহিক বন্ধনের সংকীর্ণতা থেকে বেরিয়ে আসা চাই। উদারভাবে সবাই সবার জন্য উন্মুক্ত হয়ে যাওয়া চাই। এ হচ্ছে এক উদারতা।

অপরদিকে ইসলামে উদারতার যে সীমারেখা আমরা পাই তা হচ্ছে-

وَإِنْ جَاهَدَاكَ عَلَى أَنْ تُشْرِكَ بِي مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا وَصَاحِبْهُمَا فِي الدُّنْيَا مَعْرُوفًا وَاتَّبِعْ سَبِيلَ مَنْ أَنَابَ إِلَيَّ ثُمَّ إِلَيَّ مَرْجِعُكُمْ فَأُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُونَ.

"আর যদি তারা তোমাকে আমার সাথে শির্ক করতে জোর চেষ্টা করে, যে বিষয়ে তোমার কোন জ্ঞান নেই, তখন তাদের আনুগত্য করবে না এবং দুনিয়ায় তাদের সাথে বসবাস করবে সদ্ভাবে। আর অনুসরণ কর তার পথ, যে আমার অভিমুখী হয়। তারপর আমার কাছেই তোমাদের প্রত্যাবর্তন। তখন আমি তোমাদেরকে জানিয়ে দেব, যা তোমরা করতে"। -সূরা লোকমান ১৫

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا آبَاءَكُمْ وَإِخْوَانَكُمْ أَوْلِيَاءَ إِنِ اسْتَحَبُّوا الْكُفْرَ عَلَى الْإِيمَانِ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ. قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ.

"হে ঈমানদারগণ, তোমরা নিজদের পিতা ও ভাইদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না, যদি তারা ঈমান অপেক্ষা কুফরীকে প্রিয় মনে করে। তোমাদের মধ্য থেকে যারা তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করে তারাই যালিম। বল, 'তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের সে সম্পদ যা

তোমরা অর্জন করেছ, আর সে ব্যবসা যার মন্দা হওয়ার আশঙ্কা তোমরা করছ এবং সে বাসস্থান, যা তোমরা পছন্দ করছ, যদি তোমাদের কাছে অধিক প্রিয় হয় আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর পথে জিহাদ করার চেয়ে, তবে তোমরা অপেক্ষা কর আল্লাহ তাঁর নির্দেশ নিয়ে আসা পর্যন্ত'। আর আল্লাহ ফাসিক সম্প্রদায়কে হিদায়াত করেন না''। -সূরা তাওবা ২৩-২৪

وَأَذَانٌ مِنَ اللَّهِ وَرَسُولِهِ إِلَى النَّاسِ يَوْمَ الْحَجِّ الْأَكْبَرِ أَنَّ اللَّهَ بَرِيءٌ مِنَ الْمُشْرِكِينَ وَرَسُولُهُ فَإِنْ تُبْتُمْ فَهُوَ خَيْرٌ لَكُمْ وَإِنْ تَوَلَّيْتُمْ فَاعْلَمُوا أَنَّكُمْ غَيْرُ مُعْجِزِي اللَّهِ وَبَشِّرِ الَّذِينَ كَفَرُوا بِعَذَابٍ أَلِيمٍ.

"আর বড় হজ্জের দিন মানুষের প্রতি আল্লাহ ও তাঁর রাসূলের পক্ষ থেকে ঘোষণা, নিশ্চয় আল্লাহ মুশরিকদের থেকে দায়মুক্ত এবং তাঁর রাসূলও। অতএব, যদি তোমরা তাওবা কর, তাহলে তা তোমাদের জন্য উত্তম। আর যদি তোমরা ফিরে যাও, তাহলে জেনে রাখ, তোমরা আল্লাহকে অক্ষম করতে পারবে না। আর যারা কুফরী করেছে, তাদের তুমি যন্ত্রণাদায়ক আযাবের সুসংবাদ দাও"। -সূরা তাওবা ৩

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْمُشْرِكُونَ نَجَسٌ فَلَا يَقْرَبُوا الْمَسْجِدَ الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هَذَا وَإِنْ خِفْتُمْ عَيْلَةً فَسَوْفَ يُغْنِيكُمُ اللَّهُ مِنْ فَضْلِهِ إِنْ شَاءَ إِنَّ اللَّهَ عَلِيمٌ حَكِيمٌ.

"হে ঈমানদারগণ, নিশ্চয় মুশরিকরা নাপাক, সুতরাং তারা যেন মসজিদুল হারামের নিকটবর্তী না হয় তাদের এ বছরের পর। আর যদি তোমরা দারিদ্র্যকে ভয় কর, তবে আল্লাহ চাইলে নিজ অনুগ্রহে তোমাদের অভাবমুক্ত করবেন। নিশ্চয়ই আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়"। -সূরা তাওবা ২৮

এছাড়া প্রত্যেকটি অঙ্গনে উদারতার সীমারেখা শরীয়ত বাতলে দিয়েছে। একজন মানুষ যদি ইসলামের সত্যতাকে স্বীকার করে মুসলমান দাবি করে থাকে তাহলে এ সীমারেখা তাকে অবশ্যই শরীয়ত থেকেই নিতে হবে। পৃথিবীর মানবতা ধ্বংসকারী সংগঠন মানবাধিকার ব্যুরো থেকে নেয়া যাবে না। যারা ইসলামকে মানবতাবিরোধী মনে করে তাদের কাছ থেকে উদারতার সবক নেয়া যাবে না। আল্লাহর দুশমনের সঙ্গে উদারতা দেখিয়ে আল্লাহর

সঙ্গে ভালোবাসার দাবি করা গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ মতবাদের পৃথিবীর এক অত্যাশ্চর্য অবিষ্কার!

৩.'সহিষ্ণু'

কার প্রতি কখন? একজন মুসলমানের ব্যক্তিস্বার্থ্যের উপর আঘাত আসলে ধৈর্য্য ধরবে এ শিক্ষাই ইসলামে দেয়া হয়েছে। কিন্তু আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর মনোনীত ধর্মের উপর যদি আঘাত আসে তাহলে আঘাতকারীর প্রতি সহিষ্ণুতা প্রদর্শনের কোন পদ্ধতি শেখানো হয়েছে? আল্লাহ তাআলার বাণী-

إِنَّ الَّذِينَ يُؤْذُونَ اللَّهَ وَرَسُولَهُ لَعَنَهُمُ اللَّهُ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَأَعَدَّ لَهُمْ عَذَابًا مُهِينًا.

"নিশ্চয় যারা আল্লাহ ও তাঁর রাসূলকে কষ্ট দেয়, আল্লাহ তাদেরকে দুনিয়া ও আখিরাতে লানত করেন এবং তিনি তাদের জন্য প্রস্তুত রেখেছেন অপমানজনক শাস্তি"। -সূরা আহযাব ৫৭

لَئِنْ لَمْ يَنْتَهِ الْمُنَافِقُونَ وَالَّذِينَ فِي قُلُوبِهِمْ مَرَضٌ وَالْمُرْجِفُونَ فِي الْمَدِينَةِ لَنُغْرِيَنَّكَ بِهِمْ ثُمَّ لَا يُجَاوِرُونَكَ فِيهَا إِلَّا قَلِيلًا. مَلْعُونِينَ أَيْنَمَا ثُقِفُوا أُخِذُوا وَقُتِّلُوا تَقْتِيلًا. سُنَّةَ اللَّهِ فِي الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلُ وَلَنْ تَجِدَ لِسُنَّةِ اللَّهِ تَبْدِيلًا.

"যদি মুনাফিকরা, যাদের অন্তরে ব্যাধি রয়েছে তারা এবং শহরে মিথ্যা সংবাদ প্রচারকারীরা বিরত না হয়, তবে আমি অবশ্যই তাদের বিরুদ্ধে তোমাকে ক্ষমতাবান করে দেব। অতঃপর তারা সেখানে তোমার সাথে অল্প সময়ই অবস্থান করতে পারবে- অভিশপ্ত অবস্থায়। অতঃপর তাদেরকে যেখানেই পাওয়া যাবে, পাকড়াও করা হবে এবং নির্মমভাবে হত্যা করা হবে। ইতঃপূর্বে যারা অতিবাহিত হয়ে গিয়েছে, তাদের ক্ষেত্রে এটাই ছিল আল্লাহর রীতি, আর তুমি আল্লাহর রীতিতে কখনই কোন পরিবর্তন পাবে না"।

-সূরা আহযাব ৬০-৬২

وَدُّوا لَوْ تَكْفُرُونَ كَمَا كَفَرُوا فَتَكُونُونَ سَوَاءً فَلَا تَتَّخِذُوا مِنْهُمْ أَوْلِيَاءَ حَتَّى يُهَاجِرُوا فِي سَبِيلِ اللَّهِ فَإِنْ تَوَلَّوْا فَخُذُوهُمْ وَاقْتُلُوهُمْ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَلَا تَتَّخِذُوا مِنْهُمْ وَلِيًّا وَلَا نَصِيرًا.

"তারা কামনা করে, যদি তোমরা কুফরী করতে যেভাবে তারা কুফরী করেছে। অতঃপর তোমরা সমান হয়ে যেতে। সুতরাং আল্লাহর রাস্তায় হিজরত না করা পর্যন্ত তাদের মধ্য থেকে কাউকে তোমরা বন্ধুরূপে গ্রহণ করো না। অতএব তারা যদি মুখ ফিরিয়ে নেয় তাহলে তাদেরকে পাকড়াও

কর এবং তাদেরকে যেখানে পাও হত্যা কর। এবং তাদের কাউকে অভিভাবকরূপে এবং সাহায্যকারীরূপে গ্রহণ করো না"। -সূরা নিসা ৮৯

এগুলো কি সহিষ্ণুতা পরিপন্থী কোন হুকুম? তাহলে এখন যে সহিষ্ণুতার দাওয়াত দেয়া হচ্ছে তা কোন কাফেরের প্রতি না মুসলমানের প্রতি? যদি কুরআনের অনুসরণ করতে চাই তাহলে কুরআনে স্পষ্ট বলে দিয়েছে কার প্রতি সহিষ্ণুতা হবে, আর কার সাথে কঠোরতা হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সাহাবীগণের যে পরিচয় আল্লাহ তাআলা কুরআনে দিয়েছেন আমরা কি সে মাপকাঠির সহিষ্ণুতাই প্রদর্শন করব না নিজেরা কোন একটা তৈরি করব। আল্লাহ তাআলা বলছেন-

مُحَمَّدٌ رَسُولُ اللَّهِ. وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا يَبْتَغُونَ فَضْلًا مِنَ اللَّهِ وَرِضْوَانًا، سِيمَاهُمْ فِي وُجُوهِهِمْ مِنْ أَثَرِ السُّجُودِ، ذَلِكَ مَثَلُهُمْ فِي التَّوْرَاةِ وَمَثَلُهُمْ فِي الْإِنْجِيلِ، كَزَرْعٍ أَخْرَجَ شَطْأَهُ فَآزَرَهُ فَاسْتَغْلَظَ فَاسْتَوَى عَلَى سُوقِهِ يُعْجِبُ الزُّرَّاعَ لِيَغِيظَ بِهِمُ الْكُفَّارَ، وَعَدَ اللَّهُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ مِنْهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا.

"মুহাম্মদ আল্লাহর রাসূল এবং তাঁর সাথে যারা আছে তারা কাফিরদের প্রতি অত্যন্ত কঠোর; পরস্পরের প্রতি সদয়, তুমি তাদেরকে রুকূকারী, সিজদাকারী অবস্থায় দেখতে পাবে। তারা আল্লাহর করুণা ও সন্তুষ্টি অনুসন্ধান করছে। তাদের আলামত হচ্ছে, তাদের চেহারায় সিজদার চিহ্ন থাকে। এটাই তাওরাতে ও ইনজীলে তাদের দৃষ্টান্ত। একটি চারাগাছের মত, যে তার কঁচিপাতা উদগত করেছে ও শক্ত করেছে, অতঃপর তা পুষ্ট হয়েছে ও স্বীয় কাণ্ডের উপর মজবুতভাবে দাঁড়িয়েছে, যা চাষীকে আনন্দ দেয়। যাতে তিনি তাদের দ্বারা কাফিরদেরকে ক্রোধান্বিত করতে পারেন। তাদের মধ্যে যারা ঈমান আনে ও সৎকর্ম করে, আল্লাহ তাদের জন্য ক্ষমা ও মহাপ্রতিদানের ওয়াদা করেছেন"। -সূরা ফাতহ ২৯

يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ.

"হে নবী, কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ কর এবং তাদের উপর কঠোর হও, তাদের ঠিকানা হল জাহান্নাম; আর তা কতইনা নিকৃষ্ট স্থান"। -সূরা তাওবা ৭৩

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قَاتِلُوا الَّذِينَ يَلُونَكُمْ مِنَ الْكُفَّارِ وَلْيَجِدُوا فِيكُمْ غِلْظَةً وَاعْلَمُوا أَنَّ اللَّهَ مَعَ الْمُتَّقِينَ.

"হে মুমিনগণ, তোমরা তোমাদের নিকটবর্তী কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ কর। এবং তারা যেন তোমাদের মধ্যে কঠোরতা দেখতে পায়। আর জেনে রাখ, আল্লাহ মুত্তাকীদের সাথে আছেন"। -সূরা তাওবা ১২৩

সব সহিষ্ণুতা কাফেরদের জন্য বা মুরতাদদের জন্য বরাদ্দ হয়ে গেল কেন? আল্লাহর পথে যারা জিহাদ করে চলেছে তাদের ভাগে এ সহিষ্ণুতার কিছুমাত্রও আসলো না কেন? কী বুঝা যায়, এক লক্ষ মুফতী (?) তাদের ফতোয়ার মাধ্যমে কি এ আয়াতগুলো বাস্তবায়েনের পথই সুগম করছেন? মুজাহিদদের উপর আপত্তি তারা এ আয়াতগুলো অপব্যাখ্যা করছে, বিকৃত করছে। প্রশ্ন হচ্ছে, তাহলে এগুলোর সঠিক ব্যাখ্যা কী? নতুন কোন ব্যাখ্যা না কি তাফসীরের কিতাবাদিতে যে ব্যাখ্যা আছে সেটাই? একটু কিতাবের পাতা উল্টে দেখার আবদার রইল।

৪. 'অসাম্প্রদায়িক'

অবশ্যই ইসলাম একটি অসাম্প্রদায়িক ধর্ম। এ ধর্মে গোষ্ঠীগত কোন ভেদাভেদ নেই। অর্থাৎ আউস-খাযরাজের ব্যবধান নেই, চৌধুরী-পাটোয়ারীর ব্যবধান নেই, আরব-অনারবের কোন ব্যবধান নেই, বাঙ্গালী-অবাঙ্গালীর কোন ব্যবধান নেই, ভাষার জন্য লড়াই নেই, গোষ্ঠীর জন্য লড়াই নেই, জাতীয়তাবাদের বিশ্বাসকে ইসলাম পদতলে মিটিয়ে দিয়েছে। কিন্তু আজ যারা এ সাম্প্রদায়িক বিশ্বাসগুলোকেই লালন করছে তাদের পক্ষ নিয়ে 'আমরা মুসলিম জাতি' এ পরিচয় না দিয়ে আমারা বাঙ্গালী জাতি পরিচয় দিতে বেশি গর্ব অনুভব হচ্ছে। **যেন এক লক্ষ বলতে চান**, জাতীয়তাবাদের জন্য লড়াই সাম্প্রদায়িকতা নয়, ভাষার জন্য লড়াই সাম্প্রদায়িকতা নয়, বাঙ্গালী জাতির জন্য লড়াই সাম্প্রদায়িকতা নয়, চৌধুরী-পাটোয়ারীর লড়াই সাম্প্রদায়িকতা নয়, আউস-খাযরাজের লড়াই সাম্প্রদয়িকতার লড়াই নয়। **ধর্মের জন্য লড়াই হচ্ছে সাম্প্রদায়িকতার লড়াই।**

এক লক্ষের কাছে আজ প্রশ্ন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর সকল সাহাবায়ে কেরাম যে লড়াই করে গেছেন তা ধর্মের জন্য লড়াই ছিল, নাকি আরব-অনারবের লড়াই ছিল? একজন মুসলমান হিসাবে আপনাদের কী বিশ্বাস? যদি তাঁদের সেসব লড়াই ধর্মের জন্য হয়ে থাকে তাহলে আজ ধর্মের জন্য লড়াই কেন সাম্প্রদায়িক হয়ে গেল, আর আরব-অনারবের যুদ্ধ ও বাঙ্গালী-অবাঙ্গালীর যুদ্ধ কেন অধিকার আদায়ের পবিত্র যুদ্ধ হয়ে গেল? আল্লাহ-আল্লাহর রাসূল বিভক্তির সীমারেখা দিয়েছিলেন ধর্মের ভিত্তিতে। আজ আপনারা কেন বিভক্তির সীমারেখা দিচ্ছেন সম্প্রদায়ের ভিত্তিতে? ইসলামের সোনালী যুগে ধর্মের ভিত্তিতে অর্ধ পৃথিবীকে এক ছাউনীতে আনা হয়েছিল? নাকি জাতি সম্প্রদায় ও ভাষার ভিত্তিতে অর্ধ পৃথিবীকে হাজার ভাগে বিভক্ত করা হয়েছিল? একটু ইনসাফ করুন! ইসলামটাকে আবার পড়ুন। একজন মুমিন হিসাবে ধোঁকা খাওয়ারও কোন সুযোগ নেই, ধোঁকা দেয়ারও কোন সুযোগ নেই।

৫. 'ভারসাম্যপূর্ণ'

শব্দটি যদি 'ইতিদাল' ও 'মুতাদিল' শব্দের অনুবাদ হয়ে থাকে তাহলে অবশ্যই ইসলাম একটি ভারসাম্যপূর্ণ ধর্ম। ইসলাম ছাড়া পৃথিবীর কোন ধর্মই ভারসাম্যপূর্ণ নয়। আর ধর্ম যদি ভারসাম্যপূর্ণ না হয় তাহলে তা ধর্মই নয়। কারণ ধর্ম হয় আল্লাহ প্রদত্ত, যিনি ইনসাফের উৎস। যে ধর্ম আল্লাহ দেননি তা কোন ধর্ম নয়। আল্লাহর দেয়া ধর্মের মধ্যে যারা হেরফের করে ফেলেছে সেগুলোও কোন ধর্ম নয়। এ কারণেই আল্লাহ তাআলা ইসলাম ব্যতীত অন্য কোন ধর্মকে ধর্ম বলে স্বীকৃতিই দেননি।

আল্লাহ তাআলা বলেন,

إِنَّ الدِّينَ عِنْدَ اللَّهِ الْإِسْلَامُ وَمَا اخْتَلَفَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ إِلَّا مِنْ بَعْدِ مَا جَاءَهُمُ الْعِلْمُ بَغْيًا بَيْنَهُمْ وَمَنْ يَكْفُرْ بِآيَاتِ اللَّهِ فَإِنَّ اللَّهَ سَرِيعُ الْحِسَابِ.

"নিশ্চয় আল্লাহর নিকট দীন হচ্ছে ইসলাম। আর যাদেরকে কিতাব দেয়া হয়েছে, তাদের নিকট জ্ঞান আসার পরই তারা মতানৈক্য করেছে, পরস্পর

বিদ্বেষবশত। আর যে ব্যক্তি আল্লাহর আয়াতসমূহের সাথে কুফরী করে, (তার স্বরণ রাখা উচিত) নিশ্চয় আল্লাহ হিসাব গ্রহণে দ্রুত''।- সূরা আলে ইমরান ১৯
আল্লাহ তাআলা আরো বলেন,

وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ.

"আর যে ইসলাম ছাড়া অন্য কোন দীন চায় তার কাছ থেকে তা কখনো গ্রহণ করা হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে''। -সূরা আলে ইমরান ৮৫

অতএব এ পৃথিবীতে ইসলাম ব্যতীত কোন ধর্মই ধর্মের মর্যাদা পাবে না। আর এ কারণেই সকল ধর্ম ছেড়ে সকল মানুষকে ইসলামের ছায়াতলেই আসতে হবে। আসতে না চাইলে কমপক্ষে তার আধিপত্য মেনে নিতে হবে। রিবয়ী ইবনে আমের রাযিয়াল্লাহু আনহু রুস্তমকে এ কথাই বলেছিলেন-

قال: الله ابتعثنا، والله جاء بنا لنخرج من شاء من عبادة العباد إلى عبادة الله، ومن ضيق الدنيا إلى سعتها، ومن جور الأديان إلى عدل الإسلام، فأرسَلنا بدينه إلى خلقه لندعوهم إليه، فمن قبل منا ذلك قبلنا ذلك منه ورجعنا عنه، وتركناه وأرضه يليها دوننا، **ومن أبى قاتلناه أبدا حتى نفضي إلى موعود الله.**

قال: وما موعود الله؟ قال: الجنة لمن مات على قتال من أبى، والظفر لمن بقي. فقال رستم: قد سمعت مقالتكم، فهل لكم أن تؤخروا هذا الأمر حتى ننظر فيه وتنظروا! قال: نعم، كم أحب إليكم؟ أيوما أو يومين؟

قال: لا بل حتى نكاتب أهل رأينا ورؤساء قومنا وأراد مقاربته ومدافعته، فقال: إن مما سن لنا رسول الله صلى الله عليه و سلم وعمل به أئتمنا ألا نمكن الأعداء من آذاننا، ولا نؤجلهم عند اللقاء أكثر من ثلاث، فنحن مترددون عنكم ثلاثا، فانظر في أمرك وأمرهم، واختر واحدة من ثلاث بعد الأجل. (تاريخ الطبري ٣\٥٢٠ دار المعارف بمصر)

-দেখুন তারীখে তাবারী ও আলবিদায়া ওয়াননিহায়াসহ তারীখের যে কোন কিতাব

সাহাবায়ে কেরাম এ মূলনীতির উপরই অর্ধ পৃথিবী জয় করেছিলেন। তাই এ কথাই সত্য যে, ইসলাম একটি ভারসাম্যপূর্ণ ধর্ম।

কিন্তু ভারসাম্যপূর্ণ হওয়ার অর্থ যদি হয় ধর্মে ধর্মে কম্প্রোমাইজ বা যৌথ মহড়া, তাহলে এ ভারসাম্য ইসলামে গ্রহণযোগ্য নয়। ভারসাম্য অর্থ যদি হয়, ইসলামের উপর এমনভাবে চলা যার দ্বারা পৃথিবীর কোন ধর্মের অনুসারীরা মনে কষ্ট পাবে না, তাহলে এ ভারসাম্যকে ইসলাম প্রত্যাখ্যান করেছে। এ ভারসাম্যের জন্য আজকের গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষ মতবাদের পক্ষ থেকে নতুন করে প্রস্তাব দেয়ার কী প্রয়োজন? এ প্রস্তাব তো মক্কার মুশরিকরাই দিয়েছিল এবং আল্লাহ ও আল্লাহর রাসূলের পক্ষ থেকে তা স্পষ্ট করে প্রত্যাখ্যান করা হয়েছিল ।

ইসলামের অনুসারী হওয়ার জন্য শুধু আল্লাহর উপর বিশ্বাস যথেষ্ট নয়; বরং অন্য সকল শয়তানী বিশ্বাসকে অস্বীকার করতে হবে। আল্লাহ বলছেন,

لَا إِكْرَاهَ فِي الدِّينِ قَدْ تَبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ **فَمَنْ يَكْفُرْ بِالطَّاغُوتِ** وَيُؤْمِنْ بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَى لَا انْفِصَامَ لَهَا وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ.

"দীন গ্রহণের ব্যাপারে কোন জবরদস্তি নেই। নিশ্চয় হিদায়াত স্পষ্ট হয়েছে ভ্রষ্টতা থেকে। অতএব, যে ব্যক্তি তাগূতকে অস্বীকার করে এবং আল্লাহর প্রতি ঈমান আনে, অবশ্যই সে মজবুত রশি আঁকড়ে ধরে, যা ছিন্ন হবার নয়। আর আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ"। -সূরা বাকারা ২৫৬

মক্কার মুশরিকরা প্রস্তাব দিয়েছিল, আপনি এক বছর আমাদের মূর্তির ইবাদত করুন, তাহলে আমরা এক বছর আপনার ধর্ম মেনে চলব। মোটামুটি সবার ধর্ম সবাই কিছু কিছু মেনে ধর্মের বিষয়ে নিরপেক্ষ একটি রাষ্ট্র গঠন করার জন্য প্রস্তাব দিয়েছিল। আপনারাও আমাদের দুর্গাপূজায় আসবেন, আমরাও আপনাদের ঈদুল আযহায় অংশগ্রহণ করব। আল্লাহ তাআলা সূরা নাযিল করে দিয়েছেন। ধর্ম আর অধর্ম কখনো যৌথ অবস্থানে আসতে পারে না-

قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ. لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ. وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ. وَلَا أَنَا عَابِدٌ مَا عَبَدْتُمْ. وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ. لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ.

"বল, হে কাফিররা, তোমরা যার ইবাদাত কর আমি তার ইবাদাত করি না। এবং আমি যার ইবাদাত করি তোমরা তার ইবাদাতকারী নও। আর তোমরা যার ইবাদত করছ আমি তার ইবাদাতকারী হব না। আর আমি যার ইবাদাত করি তোমরা তার ইবাদাতকারী হবে না। তোমাদের জন্য তোমাদের দীন আর আমার জন্য আমার দীন"। -সূরা কাফিরূন ১-৬

কিন্তু পরিতাপের বিষয়, কুরআনের সে ঘোষণাকে তার বিপরীতে ব্যবহারের অপচেষ্টা চলছে। এ সূরা দিয়েই আজ শত ধর্ম-অধর্মের সমন্বয় ঘটানোর চেষ্টা চলছে। আলেমও তা করছে জাহেলও তা করছে। ইসলামের দাবিদাররাও করছে কুফরী শক্তিও করছে। তাফসীরবিদগণ এ বিষয়ে একমত যে, কুফর ও শিরকের যৌথ মহড়া হতেই পারে না -এ বিষয়ে সূরাটি নাযিল হয়েছে। পাশাপাশি তাঁরা এ বিষয়েও একমত যে, শিরক ও কুফরী ধর্মের উপর চলতে দেয়ার এ হুকুমও জিহাদের আয়াত দ্বারা মানসূখ-রহিত হয়ে গেছে। এক লক্ষ মুফতী সাহেব যে সকল তাফসীরের কিতাব পড়েছেন সেসব কিতাবেই এর স্পষ্ট উল্লেখ রয়েছে। কিন্তু সজাগ মানুষকে ঘুম থেকে জাগানো তো বড় কঠিন ব্যাপার!

৬. 'নবীজী সারা আলমের প্রতিটি বস্তুর জন্য রহমত ও করুণার আধার'

নবীজী মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর এ রহমতগুণ ও করুণাগুণের বহিঃপ্রকাশ কীভাবে করেছিলেন? এর বাস্তবায়ন পদ্ধতি কী ছিল? বিষয়টিকে ধোঁয়াটে না করে এবং কোন প্রকার ধুম্রজাল সৃষ্টি না করে একদম খোলামেলা কথা হওয়া দরকার। এ রহমত ও করুণার আধারের নির্দেশনায়, নেতৃত্বে এবং তাঁর হাতেই যখন হাজার হাজার আল্লাহর দুশমন ইহুদী-খৃস্টান-মুশরিককে হত্যা করা হয়েছে, অপরাধীদের দণ্ডবিধি বাস্তবায়ন করা হয়েছে, মুরতাদদেরকে হত্যা করা হয়েছে, কাবার গিলাফ আঁকড়ে ধরা ব্যক্তিকেও হত্যা করা হয়েছে, নবীকে যে গালি দিয়েছে তাকে হত্যা করা হয়েছে, সবার সামনে জীবন্ত মানুষকে পাথর মেরে হত্যা করা হয়েছে। এ

বিষয়গুলো সত্য ইতিহাস। এখন দ্বীনের একজন যিম্মাদার আল্লাহর নবীকে রহমতের নবী বলে এ সত্যগুলোকে অস্বীকার করবে? না কি এ সত্য ইতিহাসের কারণে (নাউযুবিল্লাহি মিন যালিক) নবীকে রহমতের নবী মনে করবে না? না কি রহমতের দাবিতেই নবীকে এ কাজগুলো করতে হয়েছে -এ কথা বিশ্বাস করবে?

বলার অপেক্ষা রাখে না, নবীর চাইতে আল্লাহ রাব্বুল আলামীন অনেক বেশি দয়ালু, মাখলুকের দয়ার সঙ্গে যার কোন তুলনা চলে না। তিনি নিজে সবকিছু সৃষ্টি করেছেন। তাঁর দয়া ও মায়াইতো সবচাইতে বেশি হওয়ার কথা। কিন্তু সে দয়াবান আল্লাহ যখন রহমতের নবীকে অমুসলিমদের সঙ্গে আচরণের ব্যাপারে আদেশ করেন–

يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ.

"হে নবী, কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ কর এবং তাদের উপর কঠোর হও, তাদের ঠিকানা হল জাহান্নাম; আর তা কতইনা নিকৃষ্ট স্থান"। -সূরা তাওবা ৭৩

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قَاتِلُوا الَّذِينَ يَلُونَكُمْ مِنَ الْكُفَّارِ وَلْيَجِدُوا فِيكُمْ غِلْظَةً وَاعْلَمُوا أَنَّ اللَّهَ مَعَ الْمُتَّقِينَ.

"হে মুমিনগণ, তোমরা তোমাদের নিকটবর্তী কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ কর। এবং তারা যেন তোমাদের মধ্যে কঠোরতা দেখতে পায়। আর জেনে রাখ, আল্লাহ মুত্তাকীদের সাথে আছেন"। -সূরা তাওবা ১২৩

ذَلِكَ بِأَنَّهُمْ لَا يُصِيبُهُمْ ظَمَأٌ وَلَا نَصَبٌ وَلَا مَخْمَصَةٌ فِي سَبِيلِ اللَّهِ **وَلَا يَطَئُونَ مَوْطِئًا يَغِيظُ الْكُفَّارَ وَلَا يَنَالُونَ مِنْ عَدُوٍّ نَيْلًا** إِلَّا كُتِبَ لَهُمْ بِهِ عَمَلٌ صَالِحٌ إِنَّ اللَّهَ لَا يُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ.

"এটা এ কারণে যে, আল্লাহর পথে তাদের (অর্থাৎ মুজাহিদদের) যে তৃষ্ণা, ক্লান্তি ও ক্ষুধার কষ্ট দেখা দেয় **এবং তাদের এমন পদক্ষেপ যা কাফিরদের ক্রোধ জন্মায়** এবং শত্রুদেরকে তারা যে ক্ষতিসাধন করে, তার বিনিময়ে

তাদের জন্য সৎকর্ম লিপিবদ্ধ করা হয়। নিশ্চয় আল্লাহ সৎকর্মশীলদের প্রতিদান নষ্ট করেন না"। -সূরা তাওবা ১২০

তখন এর বিপরীতে তাদের প্রতি দয়া ও ভালোবাসা প্রদর্শনের কী অধিকার নবীর জন্য থাকতে পারে? আর কী অধিকার উম্মতের জন্য থাকতে পারে? যদি বিষয়টি এমন হয় এবং বিষয়টি এমনই যে, এ কুফরী শক্তির সঙ্গে যদি কঠিন আচরণ করা হয় তাহলেই সারা আলম শান্তি পাবে, তবেই তো রহমতের নবী রহমতের নবী হিসাবে প্রমাণিত হবেন। নবীতো তাই প্রমাণ করে গেছেন। আল্লাহর হাজার হাজার দুশমনকে হত্যা করে পৃথিবীকে দুষ্ট শক্তি মুক্ত করে দিয়ে গেছেন এবং কেয়ামত পর্যন্ত যত কুফরী শক্তি, দুষ্ট শক্তি মাথাচাড়া দিয়ে উঠবে সেসকল দুষ্ট শক্তির টুঁটি চেপে ধরে কেয়ামত পর্যন্ত অনাগত মানুষদের শান্তি বিধান করার জন্য রাসূলই আদেশ দিয়ে গেছেন এবং এ আদেশের মাধ্যমেই তিনি রহমতের নবী হওয়ার পূর্ণ হক আদায় করে গেছেন। তিনি বলে গেছেন-

جابر بن عبد الله، يقول: سمعت النبي صلى الله عليه وسلم يقول: «لا تزال طائفة من أمتي يقاتلون على الحق ظاهرين إلى يوم القيامة»، قال: "فينزل عيسى ابن مريم صلى الله عليه وسلم، فيقول أميرهم: تعال صل لنا، فيقول: لا، إن بعضكم على بعض أمراء تكرمة الله هذه الأمة".

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমার উম্মতের একটি দল হকের উপর কিয়ামত পর্যন্ত বিজয়ী থেকে লড়াই-জঙ্গ চালিয়ে যাবে। তিনি বলেন, অতপর ঈসা ইবনে মারয়াম আলাইহিস সালাম অবতরণ করবেন। তখন তাদের আমীর বলবেন, আসুন! আপনি আমাদের ইমামতি করুন। তিনি বলবেন, না! আল্লাহ তাআলার পক্ষ থেকে সম্মানার্থে তোমারাই একে অপরের আমীর"। -সহীহ মুসলিম, হাদীস নং ২৪৭

٢٣٤٩٢- حدثنا عبد الله حدثني أبي ثنا أسود بن عامر ثنا أبو بكر عن عاصم عن أبي وائل قال قال حذيفة بينما أنا أمشي في طريق المدينة قال: إذا رسول الله صلى الله عليه و

سلم يمشي فسمعته يقول أنا محمد وأنا أحمد ونبي الرحمة ونبي التوبة والحاشر والمقفى **ونبي الملاحم**. (مسند أحمد). تعليق شعيب الأرنؤوط: صحيح لغيره.

٣٦٨- حدثنا محمد بن طريف الكوفي، ثنا أبو بكر بن عياش عن عاصم، عن ابي وائل، عن حذيفة قال: لقيت النبي في بعض طرق المدينة فقال: أنا محمد، وأنا احمد، وأنا نبي الرحمة، ونبي التوبة، وأنا المقفى وأنا الحاشر ونبي الملاحم. (**الشمائل المحمدية للترمذي**).

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমি মুহাম্মাদ, আমি আহমাদ, আমি রহমত ও তাওবার নবী, আমার পাদদেশে হাশরের ময়দানে সবাইকে একত্রিত করা হবে, আমি সর্বশেষ নবী এবং আমি রক্তপাত-যুদ্ধের নবী''। -মুসনাদে আহমাদ, হাদীস নং ২৩৪৯২, শামায়েলে তিরমিযী, হাদীস নং ৩৬৮

٥١١٥- حدثنا أبو النصر حدثنا عبد الرحمن بن ثابت بن ثوبان حدثنا حسان بن عطية عن أبي منيب الجرشي عن ابن عمر قال: قال رسول الله صلى الله عليه وسلم: **بعثت بين يدي الساعة بالسيف حتى يعبد الله وحده لا شريك له، وجعل رزقي تحت ظل رمحي، وجعل الذلة والصغار على من خالف أمري**، ومن تشبه بقوم فهو منهم. (**مسند أحمد، قال احمد شاكر: اسناده صحيح**).

١٠- عن طاووس قال: قال رسول الله صلى الله عليه وسلم: "إن الله تعالى بعثني بالسيف بين يدى الساعة، وجعل رزقي تحت رمحي أو ظل رمحي، وجعل الذلة والصغار على من خالفني، ومن تشبه بقوم فهو منهم". (**كتاب السير للإمام محمد**، مقدمة الشارح، باب فَضِيلَة الرِّبَاط).

"রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, আমাকে কিয়ামতের আগ মুহূর্তে তরবারী দিয়ে পাঠানো হয়েছে। যাতে এক আল্লাহর ইবাদত করা হয়, যার কোন শরীক নেই। আমার রিযিক রাখা হয়েছে আমার বর্শার ছায়ার

নিচে। হীনতা ও লাঞ্ছনা তাদের জন্য যারা আমার হুকুমের অবাধ্য হবে। আর যে ব্যক্তি কোনো সম্প্রদায়ের সাদৃশ্যতা গ্রহণ করল সে তাদেরই অন্তর্ভুক্ত''।- মুসনাদে আহমাদ, ৭/১২২ হাদীস নং ৫১১৫, দারুল মাআরিফ মিসর, কিতাবুস সিয়ার, ইমাম মুহাম্মাদ, অধ্যায় ফযীলাতুর রিবাত ১/১৬

والمراد بقوله: بعثني بالسيف أي بعثني بالقتال في سبيل الله كما قال عليه السلام: "أمرت أن أقاتل الناس حتى يقولوا لا إله إلا الله، فإذا قالوها عصموا مني دماءهم وأموالهم إلا بحقها وحسابهم على الله"، ولأن القتال في حق غيره من الانبياء لم يكن مأمورا به وخص رسول الله صلى الله عليه وسلم بذلك، **وصفته في التوراة: نبى الملحمة عيناه حمراوان من شدة القتال. وفى صفة أمته: أناجيلهم في صدورهم، وسيوفهم على عواتقهم.** وإليه أشار في قوله عليه السلام: "السيوف أردية الغزاة". (**شرح كتاب السير للسرخسي**، مقدمة الشارح).

অতএব নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রহমত ও করুণার নবী -এ বিশ্বাসের সঙ্গে আল্লাহর দুশমনদের সঙ্গে তাঁর কঠোর আচরণের কোন বৈপরীত্য নেই। এখন তো আল্লাহর আদেশকে উপেক্ষা করে, নবীজীর আদর্শকে উপেক্ষা করে আল্লাহর দুশমনদের সঙ্গে ভালোবাসা-সম্প্রীতি-উদারতা-সৌহার্দ্যের দাওয়াত দেয়া হচ্ছে। আল্লাহর শত্রুকে যদি কেউ বন্ধু মনে করে তাহলে সে আল্লাহর সঙ্গে বন্ধুত্বের দাবি করে কীভাবে? রাসূলের শত্রুদের সঙ্গে যারা ভালোবাসা রাখার দাওয়াত দেয় তারা রাসূলের বন্ধু হয় কীভাবে? আমরা পৃথিবীর এ কেমন আজব চেহারা দেখতে পাচ্ছি।

৭.'তাঁর সঙ্গী সাহাবীগণের জীবনে মানুষের প্রতি কল্যাণকামিতার ভূরি ভূরি দৃষ্টান্ত বিদ্যমান'

এ কল্যাণকামিতা পূর্বোল্লিখিত রিবয়ী ইবনে আমের রাযিয়াল্লাহু আনহুর কথায়ও ফুটে উঠেছে। আর কল্যাণকামিতার এ দৃষ্টান্তই মূলত মুসলমানদের আদর্শ। তিনি ইরানের অগ্নিপূজারীদের অধিপতিকে বলেছিলেন-

الله ابتعثنا، والله جاء بنا لنخرج من شاء من عبادة العباد إلى عبادة الله، ومن ضيق الدنيا إلى سعتها، ومن جور الأديان إلى عدل الإسلام، فأرسلنا بدينه إلى خلقه لندعوهم إليه، فمن قبل منا ذلك قبلنا ذلك منه ورجعنا عنه، وتركناه وأرضه يليها دوننا، **ومن أبى قاتلناه أبدا حتى نفضي إلى موعود الله.**

"আমরা তিনটি উদ্দেশ্য নিয়ে এসেছি। মানুষদেরকে মানুষের দাসত্ব থেকে আল্লাহর দাসত্বের দিকে নেয়ার জন্য। দুনিয়ার সংকীর্ণতা থেকে আখেরাতের প্রশস্ততার দিকে ডাকার জন্য। আর সকল ধর্মের জুলুম অত্যাচার থেকে ইসলামের ইনসাফের পথে আনার জন্য"।

বলাবাহুল্য, এ মুজাহিদ সাহাবীর প্রত্যেকটি কথাই কল্যাণকামিতার। স্বাধীনতার নামে মানুষ মানুষেরই দাসত্ব করে চলেছে। সে অনুভূতি তার নেই। তাই এ দাসত্ব থেকে পরিত্রাণেরও কোন চিন্তা তার নেই। মানুষ সংকীর্ণ এ পৃথিবীর ঘূর্ণিপাকে নিজেকে হারিয়ে প্রশস্ত আখেরাতের কথা ভুলে গেছে। ধর্মের নামে হাজারো অধর্মের জাঁতাকলে পিষ্ট হচ্ছে। কিন্তু মুক্তিদাতার দেখা সে পাচ্ছে না। এ তিন ধরণের অকল্যাণকর অবস্থা থেকে মুক্তি দেয়ার জন্য মরুর দূত এসে হাজির হয়েছেন অবুঝ অগ্নিপূজারীদের দরবারে।

কিন্তু যে এ কল্যাণের আহবানকে পায়ে ঠেলে দেবে তার জন্য এ কল্যাণকামী সাহাবীর কাছে কী ব্যবস্থা ছিল, আল্লাহর পক্ষ থেকে, রাসূলের পক্ষ থেকে এবং রাসূলের খলিফার পক্ষ থেকে তা ইসলামের ধারক-বাহকরা ভুলে গেছে। এ কল্যাণকামী সাহাবী দ্ব্যর্থহীন কণ্ঠে বলে গেছেন, আল্লাহ আমাদেরকে এ দ্বীন দিয়ে পাঠিয়েছেন তাঁর সৃষ্টিকে এর দিকে ডাকার জন্য। ডাকার পর যে আমাদের এ দাওয়াত গ্রহণ করে নেবে আমরা তার এ গ্রহণ করাকে মেনে নেব এবং ফিরে যাব। তার ভূমির উপর সেই আধিপত্য করবে, আমরা নই। আর যে আমাদের এ দাওয়াতকে প্রত্যাখ্যান করবে আমরা তার সঙ্গে যুদ্ধ করব, লড়াই করব, জঙ্গ করব, জিহাদ করব এবং করতেই থাকব। এর কোন বিকল্প নেই। বিকল্প থাকলে আছে এতটুকু, কেউ যদি মুসলমানদের পক্ষ থেকে আরোপ করা সকল শর্ত মেনে নিয়ে বশ্যতা স্বীকার করে, হীনতার

৮

সাথে মুসলমানদেরকে কর দিয়ে বেঁচে থাকতে চায় তাহলে মুসলমান না হয়েও বেঁচে থাকতে পারবে। আর যুদ্ধে লিপ্ত হওয়ার পর কেউ মুসলমানদের হাতে নিহত হবে, কেউ তাদের হাতে বন্দি হয়ে গোলাম হিসাবে বেঁচে থাকবে। কুরআন, হাদীস ও ফিকহে শরীয়তের এ বিধানগুলো এভাবে এসেছে।

এখন কোন মুসলমান যদি এ বিধানগুলোর মাঝে কঠোরতা, নিষ্ঠুরতা, বর্বরতা ও হিংস্রতা দেখতে পায় তাহলে এ মুসলমানের প্রথম দায়িত্ব হচ্ছে, নতুন করে মুসলমান হওয়া। জঙ্গ ও জিহাদের আদেশ হবে, কাফেরদের হত্যা করার ফরয হুকুম করা হবে, কিন্তু সেখানে কোন কঠোরতা হবে না এর কী ব্যবস্থা? উদারতা ও ভালোবাসার সাথে হত্যা করার পদ্ধতি কি? واغلظ عليهم এবং وليجدوا فيكم غلظة কখন কার সঙ্গে হবে? أشداء على الكفار رحماء بينهم এ- গুণের বাস্তবায়ন কীভাবে হয়েছে? এবং কীভাবে হবে?

এখন প্রশ্ন আসতে পারে, কল্যাণকামিতার দাওয়াত গ্রহণ না করলে এ কঠোরতা কেন হবে? এর প্রথম ও আসল জবাব হচ্ছে, সৃষ্টির মালিক তাঁর সৃষ্টির ব্যাপারে যে সিদ্ধান্ত দেবেন সে সিদ্ধান্তের উপর প্রশ্ন উত্থাপন করার অধিকার আমাদেরকে কে দিয়েছে?! এ প্রশ্নতো সৃষ্টিকর্তার উপর আপত্তি! যে ব্যক্তি আল্লাহ তাআলাকে তার সকল গুণাবলীসহ বিশ্বাস করে সে অবশ্যই একথা বিশ্বাস করবে যে, আল্লাহ তাআলা তাঁর সৃষ্টির কল্যাণেই এ বিধানগুলো দিয়েছেন। রহমতের নবী মানব জাতির কল্যাণেই এ বিধানগুলোর উপর আমল করে গেছেন এবং উম্মতকে আমল করতে নির্দেশ দিয়ে গেছেন। একজন মুসলমানতো অবশ্যই, আল্লাহর অস্তিত্বকে স্বীকার করে এমন ব্যক্তিমাত্রই এ কথা স্বীকার করতে বাধ্য।

তবে আল্লাহ তাআলা এ প্রশ্নের উত্তর দিয়েছেন। উত্তরের সারমর্ম হচ্ছে, শিরক কুফরের মাধ্যমে আল্লাহর বিরুদ্ধে বিদ্রোহ একটি অবস্থা, আর এর কারণে তাকে হত্যা করা হচ্ছে আরেকটি অবস্থা। দু'টিই জটিল বিষয়। এখন যদি এমন হয় যে, শিরক-কুফর থেকে বিরত রাখার জন্য হত্যার কোন বিকল্প

না থাকে তাহলে সেক্ষেত্রে হত্যা করে শিরক-কুফর বন্ধ করা হবে, না কি হত্যা না করে শিরক কুফর করতে দেয়া হবে।

এ প্রসঙ্গে আল্লাহ তাআলা বলেন-

وَاقْتُلُوهُمْ حَيْثُ ثَقِفْتُمُوهُمْ وَأَخْرِجُوهُمْ مِنْ حَيْثُ أَخْرَجُوكُمْ **وَالْفِتْنَةُ أَشَدُّ مِنَ الْقَتْلِ** وَلَا تُقَاتِلُوهُمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ حَتَّى يُقَاتِلُوكُمْ فِيهِ فَإِنْ قَاتَلُوكُمْ فَاقْتُلُوهُمْ كَذَلِكَ جَزَاءُ الْكَافِرِينَ. فَإِنِ انْتَهَوْا فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ. **وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ** فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ.

"তাদেরকে হত্যা কর যেখানে তাদেরকে পাও এবং তাদেরকে বের করে দাও যেখান থেকে তারা তোমাদেরকে বের করেছিল। **আর ফিতনা হত্যার চেয়ে কঠিনতর,** এবং তোমরা মাসজিদুল হারামের নিকট তাদের বিরুদ্ধে লড়াই করো না, যতক্ষণ না তারা তোমাদের বিরুদ্ধে সেখানে লড়াই করে। অতঃপর তারা যদি তোমাদের বিরুদ্ধে লড়াই করে, তবে তাদেরকে হত্যা কর। এটাই কাফিরদের প্রতিদান। তবে যদি তারা বিরত হয়, তাহলে নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু। আর তাদের বিরুদ্ধে লড়াই কর যে পর্যন্ত না ফিতনা খতম হয়ে যায় এবং দীন আল্লাহর জন্য হয়ে যায়। সুতরাং তারা যদি বিরত হয়, তাহলে যালিমরা ছাড়া (কারো উপর) কোন কঠোরতা নেই"। -সূরা বাকারা ১৯১-১৯৩

قال أبو جعفر: يعني تعالى ذكره بقوله: "والفتنة أشد من القتل"، والشرك بالله أشدُّ من القتل. (تفسير الطبري تحت هذه الآية).

عَنْ مُجَاهِدٍ: [وَالْفِتْنَةُ أَشَدُّ مِنَ الْقَتْلِ] ﴿البقرة: ١٩١﴾، قَالَ: «يَقُولُ ارْتِدَادُ الْمُؤْمِنِ إِلَى الْوَثَنِ أَشَدُّ مِنْ أَنْ يُقْتَلَ مُحِقًّا» (تفسير مجاهد تحت هذه الآية).

﴿والفتنة أشد من القتل﴾ روي عن جماعة من السلف أن المراد بالفتنة ها هنا الكفر. (أحكام القرآن تحت هذه الآية).

وقال أبو العالية، ومجاهد، وسعيد بن جبير، وعكرمة، والحسن، وقتادة، والضحاك، والربيع ابن أنس في قوله: [والفتنة أشد من القتل] يقول: الشرك أشد من القتل. (تفسير ابن كثير تحت هذه الآية).

حدثنا بشر بن معاذ قال، حدثنا يزيد قال، حدثنا سعيد، عن قتادة قوله: "ولا تقاتلوهم عندَ المسجد الحرام حتى يُقاتلوكم فيه" كانوا لا يُقاتلون فيه حتى يُبدأوا بالقتال، ثم نسخ بعد ذلك فقال: "وَقاتلوهم حتى لا تكون فتنة" = حتى لا يكون شركٌ = "ويكون الدين لله" = أن يقال: لا إله إلا الله، عليها قاتل نبيُّ الله، وإليها دعا. (تفسير الطبري تحت هذه الآية).

وقاتلوهم حتى لا تكون فتنة ويكون الدين لله فإن انتهوا فلا عدوان إلا على الظالمين. (١٩٣). وقوله تعالى ﴿وقاتلوهم حتى لا تكون فتنة ويكون الدين لله﴾ يوجب فرض قتال الكفار حتى يتركوا الكفر. قال ابن عباس وقتادة ومجاهد والربيع بن أنس: الفتنة هاهنا الشرك، وقيل إنما سمي الكفر فتنة لأنه يؤدي إلى الهلاك كما يؤدي إليه الفتنة. (أحكام القرآن تحت هذه الآية).

وَقاتِلُوهُمْ حَتَّى لاَ تَكُونَ فِتْنَةٌ شرك وَيَكُونَ الدِّينُ للهِّ خالصاً له ليس للشيطان فيه نصيب. (تفسير البيضاوي تحت هذه الآية).

[وَالْفِتْنَة] الشِّرْك مِنْهُمْ [أَشَدّ] أَعْظَم [مِنْ الْقَتْل] لَهُمْ فِي الْحَرَم أَوْ الْإِحْرَام الَّذِي اسْتَعْظَمْتُمُوه. (تفسير الجلالين تحت هذه الآية).

والمراد من «الفتنة» الشرك على ما هو المأثور عن قتادة والسدي وغيرهما، ويؤيده أن

مشركي العرب ليس في حقهم إلا الإسلام أو السيف لقوله سبحانه تُقَاتِلُونَهُمْ أَوْ يُسْلِمُونَ ﴿الفتح: ١٦﴾ (روح المعاني تحت هذه الآية).

[والفتنة أَشَدُّ مِنَ القتل] أي شركهم بالله أعظم من القتل الذي يحل بهم منكم. (تفسير النسفي تحت هذه الآية).

বলাবাহুল্য, أَشَدُّ অর্থ বেশি জঘন্য। অর্থাৎ বেশি ক্ষতিকর। পৃথিবীতে শিরক-কুফরের অস্তিত্ব মানব জাতির জন্য অনেক বেশি ক্ষতিকর। আর তা এত বেশি ক্ষতিকর যার জন্য হত্যার মত একটি জঘন্য বিষয়ের অনুমতি দেয়া হয়েছে। শুধু অনুমতি নয়, আদেশ করা হয়েছে, ফরয করে দেয়া হয়েছে। খুবই যুক্তিসংঙ্গত বিষয়।

৮. 'কতিপয় দুষ্কৃতিকারী নিজেদের হীন স্বার্থ চরিতার্থের উদ্দেশ্যে'

ইসলামের পক্ষে জিহাদের শিরোনামে যারা আল্লাহর দুশমনদের উপর হামলা করছে তাদেরকে দুষ্কৃতিকারী বলে গালি দেয়া হল। যারা আল্লাহর দুশমন কাফের-মুশরিক তারা তো এ গালি দেয়ারই কথা। কিন্তু একজন মুসলমান এ গালি দেয়ার আগে যে কাজগুলো করতে হবে তা হচ্ছে: ১) এ হামলাকারীরা কারা তা স্পষ্ট করে জানতে হবে। ২) হামলা কেন করা হয়েছে তা হামলাকারীদের কাছ থেকেই জানতে হবে। ৩) যাদের উপর হামলা করা হয়েছে তারা কারা? শরীয়তের বিচারে তাদের কী হুকুম তা স্পষ্ট করে জানতে হবে। ৪) বর্তমান পৃথিবীতে জিহাদের হুকুম কী এবং জিহাদের পদ্ধতি কী তা পরিষ্কার করে জানতে হবে। ৫) ইসলামের পক্ষ থেকে জিহাদকে যে পদ্ধতিতেই বাস্তবায়ন করা হোক কাফের শক্তি তা মেনে নেবে না এবং প্রতিরোধ করবেই -একজন মুসলমান এ বিশ্বাস রাখতে হবে। ৬) আর মনে রাখতে হবে জিহাদের যে পদ্ধতিই গ্রহণ করা হবে তা কঠিন। মুহাব্বত-ভালোবাসার সাথে কারো গর্দানে ছুরি চালানো সম্ভব নয়।

অতএব এ বিষয়গুলোকে বিবেচনা না করে যদি কেউ কাফের-মুশরিকদের সুরে সুর মিলিয়ে ইসলামের পক্ষে জিহাদের শিরোনামে আল্লাহর দুশমনদের উপর হামলাকারীদেরকে দুষ্কৃতকারী বলে গালি দেয় তাহলে সে মুরতাদ হয়ে যাবে। আর এ গালিদাতাদের সুরে সুর মিলিয়ে ইসলামের পক্ষে জিহাদকারীদেরকে দুষ্কৃতিকারী বলে দাবিদারদের খাতায় যারা স্বাক্ষর করেছে তারা অজ্ঞতার ওজরে সাময়িকভাবে বেঁচে গেলেও শরীয়তের দৃষ্টিতে এ ওজর মনে হয় বেশিক্ষণ টিকে থাকবে না।

এ ক্ষেত্রে নতুন করে ঈমান আনার প্রশ্ন আসবে। যা কোনভাবে এড়িয়ে যাওয়ার কোন সুযোগ নেই।

মনে রাখতে হবে, এ ফতোয়ায় দুষ্কৃতিকারী বলা হয়েছে সারা বিশ্বের চলমান প্রত্যেকটি জিহাদী কাফেলাকে। দুষ্কর্ম বলা হয়েছে সারা বিশ্বের চলমান জিহাদী প্রতিটি কর্মকাণ্ডকে। এর বিপরীতে জিহাদের ফরয দায়িত্ব বাস্তবায়নের কোন পদ্ধতি দেয়া হয়নি। এরপর বলা হয়েছে, 'এ ফতোয়া জিহাদের বিরুদ্ধে নয়'। এর দ্বারা ধোঁকার মাত্রা বেড়েছে না কমেছে? যে ফতোয়ায় দুষ্কৃতিকারী ও মুজাহিদকে আলাদা করে দেখানো হয়নি সে ফতোয়া জিহাদের বিরুদ্ধে নয় বলার সুযোগ কোথায়?

নিজেদের হীন স্বার্থ চরিতার্থের উদ্দেশ্যে'

সারা বিশ্বে যারা ইসলামের পক্ষে জিহাদের নামে আল্লাহর দুশমনদের উপর হামলা করে চলেছে তাদের হীন স্বার্থগুলো কী কী?

ক). শায়খ উসামা রাহিমাহুল্লাহ সহ চল্লিশ-পঞ্চাশ হাজার আরবের আদরের দুলাল জীবনের কোন্ হীন স্বার্থ চরিতার্থ করার উদ্দেশ্যে ভূ-স্বর্গকে ত্যাগ করে ভূ-গর্ভকে নিজেদের জীবনের সঙ্গে গেঁথে নিয়েছিলেন?

খ). যে সকল নওজোয়ান আজীবন শত্রুর আগুনের কারাগারে কাটাতে হবে জেনেও ইসলামের পক্ষে জিহাদের নামে আল্লাহর দুশমনদের উপর হামলা করে চলেছে তাদের জীবনের হীন স্বার্থগুলো কী কী?

গ). যে মানুষগুলো পৃথিবীর সকল বন্ধনকে ছিন্ন করে ধন-সম্পদ, জীবন, মায়া-ভালোবাসা, আত্মীয়-স্বজন, সব কিছুকে পেছনে ফেলে নিশ্চিতভাবে জেনে-শুনে এ পথে পা বাড়াল, নিজেকে কুরবান করে দিল তাদের হীন স্বার্থগুলো কী?

ঘ). একজন মুসলমান যদি বেহেশত, বেহেশতের নাজ-নেয়ামত, বেহেশতের হুর গেলমানের আশায় এবং জাহান্নাম, জাহান্নামের ভয়াবহ শাস্তির ভয়ে এ কাজগুলো করে তাহলে এ স্বার্থ কি কোন হীন স্বার্থ? হুর-গেলমানের আশায় কেউ জীবন বিলিন করলে এ বিষয়টিকে ব্যঙ্গাত্বক ভাষায় ব্যক্ত করা কি ঈমান পরিপন্থী বিষয় নয়? দলিলের আলোকে চলার পরও পদ্ধতিগত ভুলের কারণে কি একজন মুসলমানের জন্য জাহান্নামের আগুন অপেক্ষা করছে বলা যায়?

ঙ). সারা বিশ্বে যারা ইসলামের পক্ষে জিহাদের নামে আল্লাহর দুশমনদের উপর হামলা করে চলেছে তাদের যোগ্যতা ও দক্ষতাতো এ কথা প্রমাণ করে যে, তারা ইসলামের নাম না নিলে সারা বিশ্বের সকল সন্ত্রাসী গোষ্ঠীর গডফাদার হতে পারতেন। তাদের আরো অতিরিক্ত সুবিধাগুলো ছিল, কোন অমুসলিমের কোপানলে তারা পড়তেন না, খোদ মুসলমানরা তাদের বিরুদ্ধে ফতোয়া দিত না এবং মানব বন্ধন করতো না। (কারণ পৃথিবীর কোন সন্ত্রাসীর বিরুদ্ধে কখনো ফতোয়া দেয়া হয়নি, মানব বন্ধন হয়নি, চাই সে সন্ত্রাসী আমেরিকা হোক বা বৃটিশ হোক, ভারত হোক বা জাতিসংঘ হোক, ন্যাটো হোক বা ইউরোপিয়ান ইউনিয়ন হোক, কালা জাহাঙ্গির হোক বা পিচ্চি হান্নান হোক, মুরগি মিলন হোক বা সুইডেন আসলাম হোক, শামীম ওসমান বা জয়নাল হাজারী হোক, তাহের ও তাহেরপুত্র হোক বা এরশাদ শিকদার হোক, প্রকাশ-বিকাশ হোক বা ডিপজল আর শহিদ কমিশনার হোক, যে কোন ছোট বড় পাতি সন্ত্রাসীই হোক কারো বিরুদ্ধেই কখনো ফতোয়া বা মানববববন্ধন হয়নি)। শরীয়তের মাসআলা মাসায়েল গবেষণা করে এ সকল কার্মকাণ্ড চালানোর প্রয়োজন হত না, সর্বোপরি তারা মুসলমান কর্তৃক নিগৃহীত হত না। তাহলে ইসলামের নামে এ জিহাদ করে যাওয়ার পেছনে তাদের হীন স্বার্থগুলো কী?

বলা হতে পারে, ইসলামের নাম নেয়ার দ্বারা সরলমনা মুসলমানদেরকে ধোঁকা দেয়া সহজ। কিন্তু ইসলামের নাম নেয়ার দ্বারা যে ইসলামী জিহাদের সকল শত্রু সতর্ক হয়ে যাবে এ কথা জিহাদের পক্ষশক্তিও জানে বিপক্ষশক্তিও জানে, যার বাস্তব চিত্র আমরা দেখতে পাচ্ছি। ইসলামী জিহাদের পক্ষশক্তি এ কথা জানে যে, এ শিরোনামের কারণে পৃথিবীর সকল কুফরী শক্তির পক্ষ থেকে এর বিরোধিতা হবে, প্রতিরোধ হবে। কুরআন এর পক্ষে সাক্ষী, হাদীস এর পক্ষে সাক্ষী, সীরাত এর পক্ষে সাক্ষী, ইতিহাস এর পক্ষে সাক্ষী, বর্তমন বাস্তব চিত্র এর পক্ষে সাক্ষী।

ইসলামী জিহাদের পক্ষ শক্তি এ কথাও জানে যে, খোদ মুসলমানদের খানকাহ থেকে এর বিরোধিতা করা হবে, তাবলীগের জামাআতের পক্ষ থেকে এর বিরোধিতা করা হবে, গণতান্ত্রিক রাজনীতির পক্ষ থেকে বিরোধিতা করা হবে, তালীমের দরসগাহ থেকে বিরোধিতা করা হবে, বিলাসী মুসলমানদের পক্ষ থেকে বিরোধিতা করা হবে, কুফরী শক্তির বন্ধুদের পক্ষ থেকে বিরোধিতা হবে।

তাহলে ইসলামের শিরোনাম নেয়ার দ্বারা শতকরা কত ভাগকে ধোঁকা দেয়া যাবে আর এ শিরোনাম না নেয়ার দ্বারা শতকরা কত ভাগকে ধোঁকা দেয়া যাবে? অতএব এ শিরোনাম গ্রহণ করার পেছনে হীন স্বার্থগুলো কী?

চ). সারা বিশ্বে যারা ইসলামী জিহাদের কার্যক্রম চালিয়ে যাচ্ছেন তাঁরা খানকার পীর, তাবলীগের যিম্মাদার, মাদরাসার মুহতামিম, রাজনৈতিক নেতা, সরকারের দালালগোষ্ঠীর তুলনায় অতিরিক্ত কী কী সুবিধা ভোগ করছেন যা তাঁদের হীন স্বার্থের তালিকায় আসতে পারে? স্বাভাবিক জীবন যাপনের পরিবর্তে প্রতিটি মুহূর্ত ঝুঁকিপূর্ণ করে তোলার পেছনে কোন কোন হীন স্বার্থ কাজ করছে? এ কাজে নিবেদিতপ্রাণ প্রত্যেককে তার যোগ্যতা অনুযায়ী বিচার করলে এ পথ ছাড়া অন্য পথে কি তারা এর চাইতে বেশি হীন স্বার্থ চরিতার্থ করতে পারত না?

৯. ‘কুরআন ও হাদীসের অপব্যাখ্যা দিয়ে’

প্রথম প্রশ্ন হচ্ছে, কুরআনের কোন কোন আয়াতের এবং কোন কোন হাদীসের অপব্যাখ্যা করলে জিহাদের ফরয হুকুম প্রমাণিত হয়?! আর কোন কোন আয়াত ও হাদীসের সঠিক ব্যাখ্যা করলে আল্লাহর দুশমনদেরকে হত্যা করা বর্বরতা ও নিষ্ঠুরতা বলে প্রমাণিত হয়?!

ইসলামী জিহাদের শিরোনামে যারা সারা বিশ্বে লড়াই করে চলেছে তারা তো নিম্নোক্ত আয়াত, তাফসীর বিশারদগণের তাফসীর, হাদীস, মুহাদ্দিসগণ কর্তৃক প্রদত্ত হাদীসের ব্যাখ্যা এবং মুজতাহিদ ইমামগণের ইজতেহাদ ও ফতোয়ার আলোকে করছেন। এখন এসকল আয়াতের আলোকে ইসলামের পক্ষে লড়াই করা যদি আয়াত ও হাদীসের অপব্যাখ্যা হয় তাহলে এগুলোর সঠিক ব্যাখ্যা কি? ধারাবাহিক কিছু আয়াত ও হাদীস ব্যাখ্যা ও মাসআলাসহ দেখা যেতে পারে-

وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ إِلَّا عَلَى الظَّالِمِينَ.

“আর তাদের বিরুদ্ধে লড়াই কর যে পর্যন্ত না ফিতনা খতম হয়ে যায় এবং দীন আল্লাহর জন্য হয়ে যায়। সুতরাং তারা যদি বিরত হয়, তাহলে যালিমরা ছাড়া (কারো উপর) কোন কঠোরতা নেই”। -সূরা বাকারা ১৯৩

وقَوْله تَعَالَى [وَقاتِلُوهُمْ حَتَّى لا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ] **يُوجِبُ فَرْضَ قِتَالَ الْكُفَّارِ حَتَّى يَتْرُكُوا الْكُفْرَ.** قَالَ ابْنُ عَبَّاسٍ وَقَتَادَةُ وَمُجَاهِدٌ وَالرَّبِيعُ بْنُ أنس: **الفتنة هاهنا الشِّرْكُ،** وَقِيلَ إنَّمَا سُمِّيَ الْكُفْرُ فِتْنَةً لِأَنَّهُ يُؤَدِّي إلَى الْهَلَاكِ كَمَا يُؤَدِّي إلَيْهِ الْفِتْنَةُ. (**أحكام القرآن للجصاص تحت هذه الآية ١\٣٢٤** دار احياء التراث العربي).

ثم أمر تعالى بقتال الكفّار: {حَتَّى لا تَكُونَ فِتْنَةٌ} أي: شرك. قاله ابن عباس، وأبو العالية، ومجاهد، والحسن، وقتادة، والربيع، ومقاتل بن حيان، والسُّدي، وزيد بن أسلم.{وَيَكُونَ الدِّينُ لِلَّهِ} أي: يكونَ دينُ الله هو الظاهر العالي على سائر الأديان، كما ثبت في الصحيحين: عن أبي موسى الأشعري قال: سُئِل النبي صلى الله عليه وسلم عن الرجل

يُقاتل شجاعة، ويقاتل حَمِيَّة، ويقاتل رياء، أيّ ذلك في سبيل الله؟ فقال: "من قاتل لتكون كلمة الله هي العليا فهو في سبيل الله". وفي الصحيحين: "أمِرْتُ أنْ أقاتلَ الناس حتى يقولوا لا إله إلا الله، فإذا قالوها عصموا مني دماءهم وأموالهم إلا بحقها، وحسابهم على الله" وقوله: {فَإِنِ انْتَهَوْا فَلا عُدْوَانَ إِلا عَلَى الظَّالِمِينَ} يقول: فإن انتهوا عما هم فيه من الشرك، وقتال المؤمنين، فكُفُّوا عنهم. (**تفسير ابن كثير** تحت هذه الآية)

(وَقاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ لِلَّهِ فَإِنِ انْتَهَوْا فَلا عُدْوانَ إِلاَّ عَلَى الظَّالِمِينَ.

١٩٣) فيه مسألتان: الأولى - قوله تعالى: " وقاتلوهم " أمر بالقتال لكل مشرك في كل موضع، على من رآها ناسخة. ومن رآها غير ناسخة قال: المعنى قاتلوا هؤلاء الذين قال الله فيهم: " فإن قاتلوكم " والاول أظهر، وهو أمر بقتال مطلق لا بشرط أن يبدأ الكفار. دليل ذلك قوله تعالى: " ويكون الدين لله "، وقال عليه السلام: (أمرت أن أقاتل الناس حتى يقولوا لا إله إلا الله). فدلت الآية والحديث على أن سبب القتال هو الكفر، لأنه قال: " حتى لا تكون فتنة " أي كفر، فجعل الغاية عدم الكفر، وهذا ظاهر. قال ابن عباس وقتادة والربيع والسدي وغيرهم: الفتنة هناك الشرك وما تابعه من أذى المؤمنين. (**تفسير القرطبي** تحت هذه الآية).

এ আয়াতের ব্যাখ্যায় যদি বলা হয়, ইসলাম যারা গ্রহণ করবে না তাদের বিরুদ্ধে জঙ্গ-জিহাদ চলতেই থাকবে যতক্ষণ না তারা ইসলাম গ্রহণ করবে, নয়তো নিজেদের হীনতার স্বীকৃতির সাথে অমুসলিম হওয়ার অপরাধে মুসলমানদেরকে কর দিয়ে চলবে। -এ ব্যাখ্যা সঠিক হবে? নাকি যদি বলা হয়, অমুসলিমদের সঙ্গে সাম্যের গান গেয়ে সমঅধিকারের ভিত্তিতে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র গঠন করতে হবে। এ ব্যাখ্যা সঠিক হবে? তাফসীরবিদগণ কি বলেন এবং মুজতাহিদগণ কি বলেন?

مُحَمَّدٌ رَسُولُ اللهِ وَالَّذِينَ مَعَهُ أَشِدَّاءُ عَلَى الْكُفَّارِ رُحَمَاءُ بَيْنَهُمْ تَرَاهُمْ رُكَّعًا سُجَّدًا يَبْتَغُونَ فَضْلًا مِنَ اللهِ وَرِضْوَانًا سِيمَاهُمْ فِي وُجُوهِهِمْ مِنْ أَثَرِ السُّجُودِ ذَلِكَ مَثَلُهُمْ فِي التَّوْرَاةِ وَمَثَلُهُمْ فِي الْإِنْجِيلِ كَزَرْعٍ أَخْرَجَ شَطْأَهُ فَآزَرَهُ فَاسْتَغْلَظَ فَاسْتَوَى عَلَى سُوقِهِ يُعْجِبُ الزُّرَّاعَ لِيَغِيظَ بِهِمُ الْكُفَّارَ وَعَدَ اللهُ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ مِنْهُمْ مَغْفِرَةً وَأَجْرًا عَظِيمًا.

"মুহাম্মদ আল্লাহর রাসূল এবং তার সাথে যারা আছে তারা কাফিরদের প্রতি অত্যন্ত কঠোর; পরস্পরের প্রতি সদয়, তুমি তাদেরকে রুকূকারী, সিজদাকারী অবস্থায় দেখতে পাবে। তারা আল্লাহর করুণা ও সন্তুষ্টি অনুসন্ধান করছে। তাদের আলামত হচ্ছে, তাদের চেহারায় সিজদার চিহ্ন থাকে। এটাই তাওরাতে তাদের দৃষ্টান্ত। আর ইনজীলে তাদের দৃষ্টান্ত হলো একটি চারাগাছের মত, যে তার কঁচিপাতা উদগত করেছে ও শক্ত করেছে, অতঃপর তা পুষ্ট হয়েছে ও স্বীয় কান্ডের উপর মজবুতভাবে দাঁড়িয়েছে, যা চাষীকে আনন্দ দেয়। যাতে তিনি তাদের দ্বারা কাফিরদেরকে ক্রোধান্বিত করতে পারেন। তাদের মধ্যে যারা ঈমান আনে ও সৎকর্ম করে, আল্লাহ তাদের জন্য ক্ষমা ও মহাপ্রতিদানের ওয়াদা করেছেন"। -সূরা ফাতহ ২৯

يَا أَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ وَمَأْوَاهُمْ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ.

(سورة التوبة ٨٤)

"হে নবী, কাফির ও মুনাফিকদের বিরুদ্ধে জিহাদ কর এবং তাদের উপর কঠোর হও, আর তাদের ঠিকানা হল জাহান্নাম; আর তা কতইনা নিকৃষ্ট স্থান"। -সূরা তাওবা ৭৩ .

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا قَاتِلُوا الَّذِينَ يَلُونَكُمْ مِنَ الْكُفَّارِ وَلْيَجِدُوا فِيكُمْ غِلْظَةً وَاعْلَمُوا أَنَّ اللهَ مَعَ الْمُتَّقِينَ. (سورة التوبة ١٢٣).

"হে মুমিনগণ, তোমরা তোমাদের নিকটবর্তী কাফিরদের বিরুদ্ধে যুদ্ধ কর। এবং তারা যেন তোমাদের মধ্যে কঠোরতা দেখতে পায়। আর জেনে রাখ, আল্লাহ মুত্তাকীদের সাথে আছেন"। -সূরা তাওবা ১২৩

قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّى تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ

"ইবরাহীম ও তার সাথে যারা ছিল তাদের মধ্যে তোমাদের জন্য রয়েছে উত্তম আদর্শ। তারা যখন স্বীয় সম্প্রদায়কে বলছিল, তোমাদের সাথে এবং

আল্লাহর পরিবর্তে তোমরা যা কিছুর উপাসনা কর তা হতে আমরা সম্পর্কমুক্ত। আমরা তোমাদেরকে অস্বীকার করি; এবং উদ্রেক হল আমাদের-তোমাদের মাঝে শত্রুতা ও বিদ্বেষ চিরকালের জন্য; যতক্ষণ না তোমরা এক আল্লাহর প্রতি ঈমান আন"। -সূরা মুমতাহিনাহ ৪

وَمَا كَانَ اسْتِغْفَارُ إِبْرَاهِيمَ لِأَبِيهِ إِلَّا عَنْ مَوْعِدَةٍ وَعَدَهَا إِيَّاهُ فَلَمَّا تَبَيَّنَ لَهُ أَنَّهُ عَدُوٌّ لِلَّهِ تَبَرَّأَ مِنْهُ إِنَّ إِبْرَاهِيمَ لَأَوَّاهٌ حَلِيمٌ. (١١٤)

"নিজ পিতার জন্য ইবরাহীমের ক্ষমা প্রার্থনা তো ছিল একটি ওয়াদার কারণে, যে ওয়াদা সে তাকে দিয়েছিল। অতঃপর যখন তার নিকট স্পষ্ট হয়ে গেল যে, নিশ্চয় সে আল্লাহর শত্রু, সে তার সাথে সম্পর্ক ছিন্ন করল। নিশ্চয় ইবরাহীম ছিল অধিক প্রার্থনাকারী ও সহনশীল"। -সূরা তাওবা ১১৪

এ আয়াতগুলোর সঠিক ব্যাখ্যা করলে কী অর্থ দাঁড়াবে? সঠিক ব্যাখ্যা করে কি এ কথা প্রমাণ করা যাবে যে, ইহুদী-খৃস্টান-হিন্দু-বৌদ্ধ-নাস্তিক-মুরতাদ সবার সঙ্গে মুহাব্বত-ভালোবাসা-সৌহার্দ্য-সম্প্রীতির সম্পর্ক রাখতে হবে? আল্লাহর দুশমনের সঙ্গে শত্রুতা-কঠোরতা-বিদ্বেষ থাকতে হবে -এ কথা কি আয়াতগুলোর ভুল ব্যাখ্যা করলে প্রমাণিত হয়?!

فَإِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا فَضَرْبَ الرِّقَابِ حَتَّى إِذَا أَثْخَنْتُمُوهُمْ فَشُدُّوا الْوَثَاقَ فَإِمَّا مَنًّا بَعْدُ وَإِمَّا فِدَاءً حَتَّى تَضَعَ الْحَرْبُ أَوْزَارَهَا ذَلِكَ وَلَوْ يَشَاءُ اللَّهُ لَانْتَصَرَ مِنْهُمْ وَلَكِنْ لِيَبْلُوَ بَعْضَكُمْ بِبَعْضٍ وَالَّذِينَ قُتِلُوا فِي سَبِيلِ اللَّهِ فَلَنْ يُضِلَّ أَعْمَالَهُمْ. (٤)

"অতএব তোমরা যখন কাফিরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও, তখন তাদের ঘাড়ে আঘাত কর। পরিশেষে তোমরা যখন তাদেরকে সম্পূর্ণভাবে পর্যুদস্ত করবে তখন তাদেরকে শক্তভাবে বেঁধে নাও। তারপর হয় অনুগ্রহ না হয় মুক্তিপণ আদায়, যতক্ষণ না যুদ্ধ তার বোঝা রেখে দেয়[১]। এটাই বিধান। আর আল্লাহ ইচ্ছা করলে তাদের কাছ থেকে প্রতিশোধ গ্রহণ করতে পারতেন, কিন্তু তিনি তোমাদের একজনকে অন্যের দ্বারা পরীক্ষা করতে চান। আর যারা

---

[১] অর্থ যুদ্ধ বন্ধ হওয়া।

আল্লাহর পথে নিহত হয় তিনি কখনো তাদের আমলসমূহ বিনষ্ট করবেন না"। -সূরা মুহাম্মদ ৪

সঠিক ব্যাখ্যা করলে এ আয়াত থেকে কী হুকুম বের হয়?

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا آبَاءَكُمْ وَإِخْوَانَكُمْ أَوْلِيَاءَ إِنِ اسْتَحَبُّوا الْكُفْرَ عَلَى الْإِيمَانِ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ. قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ. (سورة التوبة ٢٣-٢٤).

"হে ঈমানদারগণ, তোমরা নিজদের পিতা ও ভাইদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না, যদি তারা ঈমান অপেক্ষা কুফরীকে প্রিয় মনে করে। তোমাদের মধ্য থেকে যারা তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করে তারাই যালিম। বল, তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের সে সম্পদ যা তোমরা অর্জন করেছ, আর সে ব্যবসা যার মন্দা হওয়ার আশঙ্কা তোমরা করছ এবং সে বাসস্থান, যা তোমরা পছন্দ করছ, যদি তোমাদের কাছে অধিক প্রিয় হয় আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর পথে জিহাদ করার চেয়ে, তবে তোমরা অপেক্ষা কর আল্লাহ তাঁর নির্দেশ নিয়ে আসা পর্যন্ত। আর আল্লাহ ফাসিক সম্প্রদায়কে হিদায়াত করেন না"। -সূরা তাওবা ২৩-২৪

এ আয়াতদু'টির সঠিক ব্যাখ্যা কি?
তাফসীর ও ফিকহের কিতাবাদিতে এগুলোর ব্যাখ্যা কি এসেছে?
ঈমানের জন্য সব কিছুকে কুরবান করতে বলা হয়েছে?
নাকি সব কিছুর জন্য ঈমানকে কুরবান করতে বলা হয়েছে? সব কিছুর জন্য জিহাদকে ত্যাগ করতে বলা হয়েছে না কি জিহাদের জন্য সব কিছুকে ত্যাগ করতে বলা হয়েছে?

لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ يُوَادُّونَ مَنْ حَادَّ اللَّهَ وَرَسُولَهُ وَلَوْ كَانُوا آبَاءَهُمْ أَوْ أَبْنَاءَهُمْ أَوْ إِخْوَانَهُمْ أَوْ عَشِيرَتَهُمْ أُولَئِكَ كَتَبَ فِي قُلُوبِهِمُ الْإِيمَانَ وَأَيَّدَهُمْ بِرُوحٍ مِنْهُ

وَيُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ أُولَئِكَ حِزْبُ اللَّهِ أَلَا إِنَّ حِزْبَ اللَّهِ هُمُ الْمُفْلِحُونَ. (٢٢)

"যারা আল্লাহ ও পরকালের প্রতি ঈমান আনে তুমি পাবে না এমন জাতিকে তাদেরকে পাবে না এমন লোকদের সাথে বন্ধুত্ব করতে বন্ধু হিসাবে যারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধীতা করে, যদি সেই বিরুদ্ধবাদীরা তাদের পিতা, পুত্র, ভাই অথবা জ্ঞাতি-গোষ্ঠী হয় তবুও। এদের অন্তরে আল্লাহ ঈমান লিখে দিয়েছেন এবং তাঁর পক্ষ থেকে রূহ দ্বারা তাদের শক্তিশালী করেছেন। তিনি তাদের প্রবেশ করাবেন এমন জান্নাতসমূহে যার নিচে দিয়ে ঝর্ণাধারাসমূহ প্রবাহিত হয়। সেখানে তারা স্থায়ী হবে। আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট হয়েছেন এবং তারাও আল্লাহর প্রতি সন্তুষ্ট হয়েছে। এরা হল আল্লাহর দল। জেনে রাখ, নিশ্চয় আল্লাহর দলই সফল কাম''। -সূরা মুজাদালাহ ২২

এ আয়াতের সাঠিক ব্যাখ্যা কী? আল্লাহর দুশমনের সঙ্গে বন্ধুত্ব ঈমানের পরিচায়ক? নাকি তার সঙ্গে শত্রুতা ঈমানের পরিচায়ক? আল্লাহর দুশমন কাফের-মুশরিকদের সঙ্গে ভ্রাতৃত্ব-সম্প্রীতি ঈমানের পরিচায়ক? নাকি তাদের সঙ্গে বিদ্বেষ ঈমানের পরিচায়ক? আয়াতের সঠিক ব্যাখ্যা করলে আমাদেরকে কী করতে বলা হবে?

আমাদের অনুরোধ, ইসলামের সঠিক ও বিশুদ্ধ ব্যাখ্যা তুলে ধরুন। শরীয়তের উসূলের আলোকে তুলে ধরুন। আয়াত ও হাদীসের সঠিক অনুবাদটা তুলে ধরুন। তাফসীর ও হাদীসের ব্যাখ্যা মুফাসসির ও মুহাদ্দিসগণের কাছ থেকে গ্রহণ করুন। ফিকহে হানাফীর একজন মুকাল্লিদ হিসাবে ফিকহে হানাফীর কিতাবাদি থেকে উদ্ধৃতি তুলে ধরুন।

ব্যক্তিবিশেষের বরাত দেয়ার ক্ষেত্রে উসূলে শরীয়তের কথা মনে রাখুন। পরিবেশ পরিস্থিতি দিয়ে শ্রোতাদেরকে ঘাবড়ে দেয়ার ক্ষেত্রে সীরাত ও তারীখের পৃষ্ঠাগুলো স্মরণ করুন। ইজমা ও ঐক্যমতের দাবি করার সময় সারা বিশ্বের কথা সামনে রাখুন। একটি আমল দিয়ে আরেকটি ফরয আমলের দায়িত্ব সেরে ফেলার ভয়ংকর ভুল থেকে নিজেকে রক্ষা করুন। ইট দিয়ে বালুর কাজ, বালু দিয়ে সিমেন্টের কাজ, সিমেন্ট দিয়ে রঙের কাজ সেরে ফেলার পথ পরিহার করুন। ভাল কোন কাজ করতে সাহস না হলে নিজের দুর্বলতা ঢাকার জন্য ঐ কাজের বিরোধিতা করাকে জরুরী মনে করা থেকে বিরত থাকুন।

ইসলামের পক্ষে জিহাদের নামে যারা লড়ে যাচ্ছেন তাঁরা ইসলামের ভুল ব্যাখ্যা দিচ্ছে প্রমাণ করতে গিয়ে আয়াত ও হাদীসের যেসব ভয়ংকর সঠিক ব্যাখ্যাগুলো (?) সামনে আসছে সেগুলোর বিষয়ে প্রস্তুত থাকুন। ইতিমধ্যে হাদীসের বিভিন্ন দরসগাহ থেকে, তাফসীরের দরসগাহ থেকে, খানকাহের ইসলাহী বয়ান থেকে, তাবলীগের জরুরী জরুরী বয়ান থেকে যেসব সঠিক? ব্যাখ্যা প্রচারিত হচ্ছে তার কিছু নমুনা এখানে তুলে দিলে আশা করি ভাবতে ও সিদ্ধান্ত নিতে সহজ হবে। **সম্প্রতিকালে প্রকাশিত একটি বইয়ে উল্লেখিত কিছু সঠিক ব্যাখ্যার (?) নমুনা এভাবে তুলে ধরা হয়েছে-**

?- **الْجَنَّةُ تَحْتَ ظِلَالِ السُّيُوفِ** এর সঠিক ব্যাখ্যায় বলা হয়েছে, এখানে **السُّيُوفِ** অর্থ ঢাল, আর ঢাল দ্বারা উদ্দেশ্য প্রতিরোধ। এ প্রতিরোধ দাওয়াত, তাবলীগ, তাযকিয়া দ্বারাও হতে পারে। তালেবুল ইলমারা প্রশ্ন করল, **السُّيُوفِ** এর অর্থ ঢাল হবে কেন? ঢালের জন্য তো হাদীসে ভিন্ন শব্দ ব্যবহৃত হয়েছে। উত্তর দেয়া হয়েছে, গর্ধভ কাঁহিকে! হাকীকত-মাজায বোঝ না? আরবী ভাষায় হাকীকত মাজাযের ব্যবহার খুব ব্যাপক।

?- মেশকাতের কিতাবুল জিহাদ পড়াবেন। পৃষ্ঠা খুলে কিতাবুল জিহাদের শত শত হাদীসের দিকে ইঙ্গিত করে তাকরীর শুরু করেছেন এভাবে- এখানে জিহাদ সম্পর্কিত যত হাদীস পড়বে এসব হচ্ছে ছোট জিহাদ। বড় জিহাদ হচ্ছে মনের জিহাদ। আমাদের বড় জিহাদেরই খবর নেই, আমরা ছোট জিহাদ নিয়ে লাফালাফি শুরু করে দিয়েছি।

?- **لا تزال طائفة من أمتي يقاتلون على الحق ظاهرين إلى يوم القيامة** হাদীসের উপর তাকরীর করতে গিয়ে মুহাদ্দিস সাহেব বলেছেন, এখানে 'কিতাল' 'জিহাদ' এর অর্থে। আর জিহাদ ব্যাপক বিষয়, তাই এখানে কিতাল দ্বারা দাওয়াত, তাবলীগ, তাযকিয়া, তালীম উদ্দেশ্য হবে।

?- وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لَا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فِي سَبِيلِ اللَّهِ يُوَفَّ إِلَيْكُمْ وَأَنْتُمْ لَا تُظْلَمُونَ (٦٠) সম্পর্কে আলোচনা আসলে মুহাদ্দিস সাহেব বলেন, এখন কেউ জিহাদের প্রস্তুতি নিলে শিরকী গুনাহ হবে। মাত্রা একটু

কমিয়ে বললেন, কবীরা গুনাহ হবে। তালিবুল ইলমরা জিজ্ঞেস করল, কিতাবুল্লাহর আদেশমূলক হুকুমের উপর আমল করলে শিরকী গুনাহ বা কবীরা গুনাহ হবে কেন? উত্তরে বলা হয়েছে, এ প্রস্তুতি তাওয়াক্কুলের খেলাফ।

?- এক শায়খুল কুল ফিল কুল উপরোল্লিখিত আয়াতের উপর আমলের ব্যাপারে দিক নির্দেশনা দিতে গিয়ে সারগর্ভ আলোচনা করে সবাইকে অবাক করে দিয়েছেন। তিনি বলেছেন, আমাদেরকে জিহাদ করতে হবে। সাহাবায়ে কেরামের মত জান-মাল কুরবান করে দিতে হবে। কিন্তু এখন যেহেতু আমাদের শক্তি নেই তাই আমাদেরকে এখন প্রস্তুতি নিতে হবে। প্রস্তুতি কিভাবে নেব? দাওয়াত, তালীম, তাযকিয়া বাড়িয়ে দিতে হবে। তিনি ভক্তি-শ্রদ্ধায় পেঁচানো মুহুর্মুহু সুবহানাল্লাহ আল্লাহু আকবার ধ্বনিতে এতটাই বিহ্বল হয়ে পড়েছেন যে, খেয়াল করারই সুযোগ পাননি আয়াতে সে প্রস্তুতির বিবরণ দেয়া আছে। বলা হয়েছে مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ যা দাওয়াত, তালীম, তাযকিয়ার বিষয় নয়। হাদীসে আরো স্পষ্ট করে বলা হয়েছে-

(١٩١٧) حدثنا هارون بن معروف، أخبرنا ابن وهب، أخبرني عمرو بن الحارث، عن أبي علي ثمامة بن شفي، أنه سمع عقبة بن عامر، يقول: سمعت رسول الله صلى الله عليه وسلم وهو على المنبر، يقول: "[وأعدوا لهم ما استطعتم من قوة] ﴿الأنفال: ٦٠﴾، ألا إن القوة الرمي، ألا إن القوة الرمي، ألا إن القوة الرمي". (صحيح مسلم).

কিন্তু এর বিচার করবে কে? বিচারকরা তো অপরাধ করার দায়িত্বে আছেন। দয়া করে সঠিক ব্যাখ্যা দিন। সঠিক ব্যাখ্যা দিলে যদি এ কথাই প্রমাণিত হয় যে, পৃথিবীতে এখন থেকে আর কখনো জিহাদ হবে না। জিহাদের নামে যা কিছু হবে সবই সন্ত্রাস হবে এবং কুরআনে, হাদীসে, সীরাতে, ইতিহাসে যত জিহাদের কথা আছে তার সবই হচ্ছে মূলত দাওয়াত, তালীম, তাযকিয়া যার মধ্যে কোন মারামারি নেই, রক্তপাত নেই, কঠোরতা নেই। যদি এমনই হয় সঠিক ব্যাখ্যা তাহলে লুকোচুরি না খেলে বলে দিলেই হয়। একলক্ষ সাহেবের প্রধানমন্ত্রী তো আল্লাহ ছাড়া কাউকে ভয় পায় না (?!), একলক্ষ সাহেব কেন মানুষকে ভয় পাচ্ছে।

১৫. 'মুসলিম সমাজে ফাতওয়া অর্থাৎ'

ইসলামের ইতিহাসে এ সর্বপ্রথম ফাতওয়া পরিভাষাটি ইসলামের বিরুদ্ধে অবস্থান গ্রহণ করার ক্ষেত্রে ব্যবহৃত হল। যে ফাতওয়ার পক্ষে সমর্থন দিয়েছে বিশ্ব খৃস্টান সম্প্রদায়ের প্রধান পোপ, ইহুদী-খৃস্টান কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত সংগঠন জাতিসংঘ, আমেরিকান কংগ্রেস, হাউস অব কমেন্স লন্ডন, ইউরোপিয়ান ইউনিয়নসহ বিশ্বের প্রায় সকল কুফরিশক্তি এবং কুফরীশক্তির দালাল ও এজেন্ট হিসাবে প্রসিদ্ধ সকল দল ও গোষ্ঠী।

পৃথিবীর সকল কুফরী শক্তি যে ফাতওয়ার পক্ষে সে ফাতওয়া মুসলিম সমাজের ফাতওয়া হওয়ার যৌক্তিক কারণ কী? যে ফাতওয়ার প্রস্তাবক কুফরীশক্তি, পরামর্শদাতা কুফরীশক্তি, সহযোগিতা দানকারী কুফরীশক্তি সে ফাতওয়া কেন মুসলিম সমাজের ফাতওয়া? যে ফাতওয়ায় ইসলামের একটি স্বীকৃত মৌলিক বিধানের প্রয়োগকে অসম্ভব বলে প্রমাণ করা হয়েছে সে ফাতওয়া কীভাবে মুসলিম সমাজের ফাতওয়া হতে পারে?

যে ফাতওয়ায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের দশ বছরের ধারাবাহিক জিহাদী জীবনকে এড়িয়ে যাওয়া হয়েছে, খোলাফায়ে রাশেদীনের পৃথিবী বিজয়ের হাজার হাজার জিহাদী কর্মকাণ্ডকে এড়িয়ে যাওয়া হয়েছে, যে ফাতওয়ায় ইসলামের ইতিহাসের হাজার হাজার জিহাদী কাফেলার কর্মকাণ্ডকে অস্বীকার করা হয়েছে সে ফাতওয়া কেন মুসলিম সমাজের ফাতওয়া হয়ে গেল? সীরাত ও ইসলামের ইতিহাসের এ জিহাদের অভিযানগুলো কি মুসলমানদের পক্ষ থেকে অমুসলিমদের বিরুদ্ধে পরিচালিত হয়নি? আর সে অভিযানগুলো কি এ জন্যই হয়নি যে, তারা অমুসলিম ছিল? জিহাদের সে অভিযানগুলো কঠোরতার সাথে হয়েছিল? নাকি ভালোবাসা ও সৌহার্দ্যের সাথে হয়েছিল? অমুসলিমদেরকে হত্যা না করে সীরাত ও ইতিহাসে কোন্ কোন্ জিহাদ সংঘটিত হয়েছিল?

প্রকাশ্য হামলার পরিবর্তে অতর্কিত হামলার ঘটনা কি জিহাদের ইতিহাসে নেই? ইসলামের কোন শত্রুকে এককভাবে হত্যা করার ইতিহাস কি জিহাদের ইতিহাসে নেই? যে সব হামলায় হামলাকারীর মৃত্যু নিশ্চিত এমন হামলা করার ঘটনা কি জিহাদের ইতিহাসে নেই? জান্নাতের হুর-গেলমানের আশায়

আল্লাহর পথে শহীদ হওয়ার আগ্রহ নিয়ে যুবকরা দুশমনের উপর হামলা করেছে -এমন ঘটনা কি ইসলামী জিহাদের ইতিহাসে নেই? দুশমনকে হত্যা করতে গিয়ে নিরীহ মানুষও হত্যার শিকার হয়েছে এমন ঘটনা জিহাদের ইতিহাসে নেই? দুশমন যদি কোন মুসলমানকে ঢাল বানিয়ে সামনে বাড়ে তখন নিরুপায় হলে সে মুসলমান মারা যাওয়ার প্রবল ধারণা থাকলেও দুশমনের উপর হামলা করার অনুমতি কি ফিকহের কিতাবাদিতে দেয়া হয়নি?

তাহলে আজ যখন পৃথিবীর সকল জিহাদী কাফেলাগুলোর বিরুদ্ধে ফাতওয়া দেয়া হচ্ছে, তাদেরকে বর্বর, নিষ্ঠুর, হিংস্র বলা হচ্ছে তখন তাদের এ কর্মকাণ্ডগুলোকে জিহাদের ইতিহাসের সঙ্গে মিলিয়ে দেখার কি কোন প্রয়োজন নেই? যদি প্রয়োজন না থাকে তাহলে এ ফাতওয়া জিহাদের বিরুদ্ধে দেয়া হয়েছে এ কথা বললে, এ কথার ভুল অংশটি কোনটি? আর মিলিয়ে দেখার পর যদি জিহাদের ইতিহাসের সঙ্গে তা মিলে যায় তাহলে এ ফাতওয়ার মাধ্যমে জিহাদকে অস্বীকার করা হয়েছে এ কথা কেন বলা হবে না? আর যদি মিলিয়ে দেখার পর দু'চারটি বিষয়ে ব্যতিক্রম মনে হয়, একজন মুসলমান হিসাবে আমরা এর বিরুদ্ধে ফাতওয়া দিয়ে এর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলব? না কি ইসলামের অন্যান্য বিভাগে যেমন আমাদের অনেক দুর্বলতা রয়েছে ঠিক এ বিভাগেও কর্মীদের কিছু ভুল থাকতে পারে। সে ক্ষেত্রে সর্বোচ্চ সুপরামর্শ দেয়া যেতে পারে।

কিন্তু তা না করে যদি ইসলামের একটি মুহকাম বিধানের বিরুদ্ধে অবস্থান নেয়া হয় এবং ফাতওয়ার মাধ্যমে এ ফরয আমল থেকে মানুষকে বিরত রাখার চেষ্টা করা হয় এবং সে ক্ষেত্রে আল্লাহর দুশমনদের সহযোগিতা নেয়া হয় তাহলে একে মুসলিম সমাজের ফাতওয়া বলা এবং জিহাদ বিরোধী না বলার কি সুযোগ থাকতে পারে? এ ফাতওয়ার আয়োজকরা এ ফাতওয়ার মাধ্যমে প্রমাণ করার চেষ্টা করেছে, ইসলামী জিহাদের নামে পৃথিবীতে যা কিছু চলছে সব সন্ত্রাস। বর্তমান পৃথিবীতে জিহাদের কোন ক্ষেত্র নেই। মুজাহিদদের বিরুদ্ধে যত রকমের হামলা চলছে সেসকল হামলাকে সহযোগিতা করা এবং দলিল-প্রমাণ দিয়ে শক্তিশালী করা মুসলমানদের ঈমানী দায়িত্ব। বর্তমানে জিহাদী কর্মকাণ্ডের বিরুদ্ধে যেকোন ধরনের অবস্থান গ্রহণ করা হচ্ছে ইবাদত। এমতাবস্থায় এ ফাতওয়া জিহাদ বিরোধী ফাতওয়া নয় বলার ব্যবস্থা কি?

১৬. 'সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে ইসলাম ও মুসলিমদের কঠিন অবস্থান'

সন্ত্রাসের বিরদ্ধে অবস্থানের আগে সন্ত্রাসের সংজ্ঞাটি সামনে আসা দরকার। এমনিভাবে জঙ্গিবাদের বিরুদ্ধে অবস্থান নেয়ার আগে জঙ্গিবাদেরও সংজ্ঞা সামনে আসা দরকার। সন্ত্রাসের বিরুদ্ধে যত মানুষ সোচ্চার তাদের কারো কাছেই সন্ত্রাসের সংজ্ঞাটি পাওয়া যাচ্ছে না। তাই সন্ত্রাসের সংজ্ঞাটি স্পষ্ট হওয়া দরকার যাতে করে এর বিরুদ্ধে ইসলাম সুস্পষ্টভাবে দলিলভিত্তিক অবস্থান গ্রহণ করতে পারে।

সন্ত্রাস

মালিকের বা স্বত্বাধিকারীর মালিকানাধীন সম্পদ যদি মালিকের কোন গোলাম/দাস চুরি করতে আসে, ডাকাতি করে নিয়ে যেতে আসে, জবরদখল করতে আসে, আধিপত্য বিস্তার করতে চায়, মালিককে ব্যবহার করতে বাধা দেয়, মালিকের স্বাধীনতাকে নিয়ন্ত্রণ করতে চায়, মালিকের অধিকারকে খর্ব করতে চায়, মালিকের সম্পদ ব্যবহারের ক্ষেত্রে নিজের আইন চাপিয়ে দিতে চায়, মালিকের হুকুমকে অমান্য করে চলে এবং অমান্য করার সকল আয়োজন করে চলে সে অবাধ্য চোর, ডাকাত, লম্পট, গুন্ডা, বদমাশ গোলামকে বলা হয় সন্ত্রাসী এবং তার সকল কর্মকাণ্ডকে বলা হয় সন্ত্রাস।

আজকের পৃথিবীতে সন্ত্রাস ও সন্ত্রাসীর পরিচয় যখন অস্পষ্ট তখন আমরা এর পরিচয়ের জন্য অন্তত একটি বিষয়ের উপর একমত হতে পারি যে, মানুষ ও এ পৃথিবীসহ পুরা বিশ্বজগতের প্রতিটি অনু পরমানুর মালিক হচ্ছেন আল্লাহ রাব্বুল আলামীন। ملكا وخلقا وعبيدا وحكما সৃষ্টি তাঁর, মালিকানা তঁর, হুকুম তাঁর এবং সবাই তাঁর গোলাম। অতএব তাঁর আদেশ-নিষেধের সীমানা থেকে যে যত ডিগ্রি দূরত্বে অবস্থান করবে সে তত ডিগ্রি অনুপাতে সন্ত্রাসী।

এতটুকু বিষয়ে যখন আমরা একমত হলাম এবং একমত না হওয়ার কোন সুযোগও নেই তখন সন্ত্রাস ও সন্ত্রাসীর প্রয়োগক্ষেত্র খুঁজে পেতে আশা করি বেগ পেতে হবে না। আমরা অনায়াসেই বলতে পারি ধারা পরাম্পরায় অগ্রাধিকারভিত্তিতে সন্ত্রাসীর তালিকায় স্থান পাবে যথাক্রমে: ১. নাস্তিক যারা আল্লাহর অস্তিত্বকে স্বীকার করে না। ২. যারা আল্লাহর সঙ্গে প্রতিটি মানুষকে শরিক করে যেমন গণতান্ত্রিক ও ধর্মনিরপেক্ষ গোষ্ঠী। ৩. যারা প্রতিটি

উপকারী বস্তুকে ভগবান বলতে আনন্দ পায় যেমন হিন্দু ও তাদের মত বিভিন্ন গোষ্ঠী। ৪. যারা আল্লাহর সঙ্গে তেত্রিশ কোটিকে শরিক করে যেমন হিন্দু মুশরিক গোষ্ঠী। ৫. যারা আল্লাহর সঙ্গে তিন শত ষাট মূর্তিকে শরিক করে যেমন আদি মুশরিক গোষ্ঠী। ৬. যারা আল্লাহর সঙ্গে এক দু'জনকে শরিক করে যেমন ইহুদী-খৃস্টান। ৭. যারা আল্লাহর বিধান বাস্তবায়নের পথে বাধা যেমন নির্বাহী শক্তি। ৮. যারা গণতন্ত্র ও ধর্মনিরপেক্ষতার মত কুফরী মতবাদের প্রহরী যেমন আইন-শৃংখলা বাহিনীসহ বিভিন্ন বাহিনী। ৯. যারা তাগুতী শক্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে সহযোগী যেমন গণতন্ত্র ও ধর্মনিরক্ষতাবাদে সমর্থনকারী জনগণ। ১০. কোন না কোন ক্ষেত্রে আল্লাহর বিধানকে লঙ্ঘনকারী এবং তার পক্ষোবলম্ভনকারী। অন্য শব্দে বলা যায় ইসলাম ও ইসলামের যে কোন বিধানের বিরুদ্ধে অবস্থানকারী, যে কোন পর্যায়ের বিরুদ্ধে অবস্থানকারী হল সন্ত্রাসী।

এ সংজ্ঞা হিসাবে একজন মুসলমান ইসলামের নামে কুফরী শক্তির বিরুদ্ধে যে জিহাদ পরিচালিত হচ্ছে তার বিরুদ্ধে কঠিন অবস্থান গ্রহণ করবে? নাকি মুসলমানদের বিরুদ্ধে কুফরী শক্তির পক্ষ থেকে পরিচালিত সন্ত্রাসের বিরুদ্ধে কঠিন অবস্থান গ্রহণ করবে? কুফরী শক্তির সন্ত্রাসের বিরুদ্ধে মুসলমানদের কী করণীয় সে বিষয়ক কোন ফাতওয়ার কথাও মাথায় আসতে পারত। দুঃখের বিষয়, তা মাথায় আসেনি। কেন আসেনি একটু তলিয়ে দেখা দরকার। নাকি কুফরী শক্তির কোন সন্ত্রাসকেই সন্ত্রাস বলার বৈধতা নেই।

১৭. 'আইজিপি এ. কে. এম. শহীদুল হকের সভাপতিত্বে পুলিশ হেড কোয়ার্টারে'

বিষয়বস্তু হচ্ছে ফাতওয়া। মাসআলা হচ্ছে ইসলামের গুরুত্বপূর্ণ একটি রুকন 'জিহাদ'। উপস্থিত সদস্যরা হলেন ওলামায়ে কেরাম। সভাপতি পুলিশের আইজিপি, যে লেনিন-কালমার্কসের কমিউনিজম-সমাজতন্ত্র, রুশো ভোল্টায়ারের ধর্মনিরপেক্ষতা, আব্রাহাম লিংকনের গণতন্ত্র ও আইয়ামে জাহেলিয়্যাতের জাতীয়তাবাদের প্রধান রক্ষক। ইসলামের আলোকে কোন বিধান প্রতিষ্ঠার দাবি করতে গেলে তার প্রতিরোধ করা যার দায়িত্ব -সে হচ্ছে ফাতওয়া বিষয়ক আলোচনার সভাপতি। স্থান পুলিশ হেড কোয়ার্টার। কুফরী সংবিধানের রক্ষক বাহিনীর বেষ্টনীতে চলছে জিহাদ বিষয়ক ফাতওয়ার পরামর্শ।

আমাদের জানামতে পুলিশের একজন থানাপ্রধান পর্যন্ত বিশ্ব কুফরীশক্তির সরাসরি তত্ত্বাবধানে কাজ করে থাকে। পুলিশের প্রথম সারির অফিসাররা কিছু দিন পরপরই বিদেশ সফর করে এবং কুফরী সংবিধান রক্ষা করার সকল কলা-কৌশল রপ্ত করে আসে। একজন পুলিশ অফিসার তখনই আইজি ও ডিআইজি পর্যায়ে উন্নীত হতে পারে যখন কুফরী সংবিধান রক্ষা করতে পারবে বলে বিশ্ব কুফরীশক্তির কাছে সে মুচলেকা দিতে পারে এবং কুফরী শক্তিও তার উপর আস্থাশীল হতে পারে।

দ্বীনের ধারকবাহক হওয়ার একজন দাবিদার মুসলমানদের জিহাদী কর্মকাণ্ডের বিষয়ে ফাতওয়ার জন্য প্রস্তাব পেশ করছেন কুফরী বিধান রক্ষকদের প্রধানের কাছে। এমন লজ্জাজনক পরিস্থিতি দেখার জন্যও আমাদের বেঁচে থাকতে হবে? তাহলে ফাতওয়ার এ আয়োজকরা আসলে কী করতে চায়, তা কি বোঝা খুব কঠিন?

১৮. 'একলক্ষ আলিম, মুফতি ও ইমামগণের ফতোয়া'

যে দেশে মুস্তাফতীর চাইতে মুফতী বেশি, রোগীর চাইতে ডাক্তার বেশি সে দেশে গায়রে মুফতী ও অর্ধশিক্ষিত ইমামদের স্বাক্ষরে একটি স্পর্শকাতর গবেষণামূলক আন্তর্জাতিক বিষয়ে এক লক্ষ স্বাক্ষর তড়িঘড়ি জোগাড় করার প্রয়োজন কেন হল?

১৯. 'এতে নাম, মোবাইল নম্বর ও দস্তখত এই তিনটি ঘর রাখা হয়েছে'

স্বাক্ষরদাতাদেরকে এভাবে গোপন রাখার রহস্য কি? এমন একটি গুরুত্বপূর্ণ কাজ করার পর নিজেকে আড়াল করে নেয়ার তো কোন যৌক্তিক কারণ নেই। সংক্ষিপ্ত একটি ঠিকানার জন্য কতটুকু জায়গাই আর খরচ হত? নাকি জালিয়াতি ধরা পড়ে যাওয়ার এতটুকু ভয় এখনো আছে?

২০. 'মহিলাগণের মাঝেও বিপুলসংখ্যক আলিম মুফতীর আবির্ভাব ঘটেছে'

দেশে মহিলাদের জন্য এখনো ফিকহ ও ফাতওয়া বিভাগ খোলা হয়নি। এরপরও দশ হাজারের বেশি মহিলা মুফতীর আবির্ভাব আসলেই একটি অলৌকিক ব্যাপার! এরকম আরো দু'চারটি ফাতওয়ার স্বাক্ষরের ব্যবস্থা করা

গেলে সারা দেশ মুফতীতে ভরে যেত। এক সময় মুফতী হলে পরে ফাতওয়ায় দস্তখত করত। এখন কোন ফাতওয়ায় দস্তখত করলে সে মুফতী হয়ে যায়। আসলে ইলমের যে দুর্ভিক্ষ চলছে তাতে এ ধরনের মুফতী তৈরীর ডিজিটাল কারখানার কোন বিকল্প নেই।

২১. 'বর্তমান বিশ্বে এটা একটা বৈশিষ্ট্যপূর্ণ নয়া সংযোজন'

একটা নয়, অনেক বৈশিষ্ট্যপূর্ণ সংযোজন।
এক. ফাতওয়া বিষয়ক কোন প্রকার পড়াশোনা ছাড়া মুফতী হতে পারা!
দুই. পুরুষদের এক হাজার ফাতওয়া বিভাগ থেকে এক হাজার মুফতী খুঁজে পাওয়া যখন দুষ্কর ব্যাপার, তখন ফাতওয়া বিভাগ ছাড়াই দশ হাজার মহিলা মুফতীর উপস্থিতি!
তিন. যে দেশের মহিলারা পাঁচ ছয় বছরে ইলমের পুরা কোর্স শেষ করে ফেলে সে দেশের সে মহিলারা আন্তর্জাতিক বিষয়ে ফাতওয়া দেয়ার মত যোগ্য হয়ে গেছে!
চার. যে দেশের অধিকাংশ মহিলারা দাওরা পাশ করার পর এখনো আরবী এবারত শুদ্ধ করে পড়া শিখেনি সে দেশের সে মহিলারা আন্তর্জাতিক সন্ত্রাসবাদের গোড়া পর্যন্ত পৌঁছে গেছে, তাদের ব্যাপারে ফাতওয়া দিতে পারছে।
পাঁচ. যে দেশের মহিলারা 'ইকরা'র পাঁচ বছর পূর্ণ করেছে তারা এখনই ফাতাওয়া শামী, আলমগীরীর আলোকে ফতোয়া দিতে পারছে।
এ বৈশিষ্ট্যগুলোর প্রত্যেকটিই এমন যা নয়া সংযোজন (বিদআত) হয়ে বৈশিষ্ট্যপূর্ণ (প্রত্যাখ্যাত) হওয়ার জন্য যথেষ্ট। এ বৈশিষ্ট্যগুলোর কোনটিই অলৌকিক শক্তি ছাড়া সম্ভব নয়। খিজির আলাইহিস সালাম ও তাঁর উম্মতের দ্বারা এটা সম্ভব হলেও মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উম্মতের দ্বারা তা সম্ভব নয়। কারণ এ উম্মতের জন্য কুরআন, হাদীস, ইজমা ও কিয়াসের বাইরে গিয়ে কোন কিছু করা সম্ভব নয়, বৈধ নয়।

২২. 'দারুল উলূম দেওবন্দ ভারত, মঈনুল ইসলাম...ফতোয়া সংগ্রহ করে'

দারুল উলূম দেওবন্দ ভারত, মঈনুল ইসলাম হাটহাজারী, ইসলামিক রিসার্চ সেন্টার বসুন্ধরা, চরমোনাই জামিয়া রশীদিয়া ইসলামিয়া, শায়খ যাকারিয়া রিসার্চ সেন্টারসহ আরো যে সকল ইসলামী প্রতিষ্ঠানের ফাতওয়া সংগ্রহ করা

হয়েছে সেগুলোর ক্ষেত্রে কয়েক স্তরে দাজ্জালী করা হয়েছে। সে দাজ্জালীগুলোর মধ্যে যেগুলো আমাদের হাতে ধরা পড়েছে তার ধারাবাহিক বিবরণ তুলে ধরছি-

এক. ইস্তেফতার ইবারতের মধ্যে স্ববিরোধী কথা দিয়ে অস্পষ্ট করে তুলে ধরা হয়েছে। ঠিক কার বিরুদ্ধে ফতোয়া চাওয়া হয়েছে তা ইচ্ছা করেই অস্পষ্ট করে দেয়া হয়েছে। পাঠকের বোঝার সুবিধার্থে ইস্তিফতা হুবহু তুলে ধরা হচ্ছে এবং তার দাজ্জালীগুলোও ব্যাখ্যা করা হচ্ছে। ইস্তেফতার ব্যাখ্যা বিষয়ে আদনান মারূফ নামের একজন গবেষকের লেখা আমাদের হাতে এসেছে। সে লেখাটি এখানে ঈষৎ পরিবর্তনসহ তুলে দেয়া উপযুক্ত হবে বলে মনে হচ্ছে।

একটি ইস্তেফতা পর্যালোচনা

-আদনান মা'রুফ

ফেদায়ে মিল্লাত সাইয়েদ আসআদ মাদানী রহ.-এর পুত্র মাওলানা মাহমুদ মাদানী দা. বা.-এর একটি ইস্তেফতা [ফতোয়া চেয়ে প্রশ্ন] বাংলা অনুবাদসহ দেশের বহু দারুল ইফতার মতো আমাদের মাদরাসার দারুল ইফতায়ও পাঠানো হয়েছে। বাংলা ইস্তেফতাটিকে অবশ্য 'অনুবাদ' বলা হয়নি। বাংলা ভাষার মুস্তাফতী [প্রশ্নকারী] হিসেবে নাম রয়েছে 'মুহাম্মদ আবদুর রহীম'। ঠিকানা দেয়া হয়েছে এভাবে– 'খতীব, ইসলামবাগ জামে মসজিদ। ইসলামবাগ, সিরাজদিখান, মুন্সিগঞ্জ। মুহতামিম, তাকওয়া মাদরাসা, রামপুরা'। তিনি ফরীদ উদ্দীন মাসউদ সাহেবের ইকরা মাদরাসার উস্তাদ। আমি প্রথমে মাহমুদ মাদানী সাহেবের মূল ইস্তেফতাটি উল্লেখ করছি–

آج کل منصوبہ بند طریقہ پر مذہب اسلام، قرآن پاک اور رسول اکرم صلی اللہ علیہ وسلم کی
تعلیمات کو دہشت گری سے جوڑ کبدنا کیا جارہاہے اور قرنی آیا ت ایہ یفشو غلط معنی
میں ڈ ھال کر عوام وخوا کو مذہب اسلام سے ظن کرنے کی مھم پو شلات سے جاہے س
ل ئے حضفر یکا کہ من لم کہ سلسلہ میں اسلام ہے اور قر آیہ
میں س بارے میں نسانیت کیا ہدایاتیں ی گہ ہیں - محمود
اسعد

এখন 'মুহাম্মদ আবদুর রহীম' নামে জারি করা বাংলা অনুবাদটি তুলে ধরছি–

'বর্তমানে সারা বিশ্বে ইসলাম ধর্ম, পবিত্র কুরআন এবং রাসূল সা. এর শিক্ষা ও সুমহান আদর্শকে ষড়যন্ত্রমূলকভাবে সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দিয়ে ইসলামের বদনাম করা হচ্ছে। কুরআন শরীফের আয়াত ও হাদীস শরীফের অপব্যাখ্যা দিয়ে মানুষকে ইসলাম ও মুসলমানদের প্রতি বিদ্বেষী করে তোলার চরম ষড়যন্ত্র চলছে। অতএব ধর্মের নামে এই ধরনের সন্ত্রাসসৃষ্টি এবং বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা কী এবং কুরআন ও হাদীসে এ ব্যাপারে কী দিকনির্দেশনা রয়েছে, তা পরিস্কারভাবে জানতে চাই। আশা করি বিষয়টি সপ্রমাণ উল্লেখ করে উপকৃত করবেন'।

এখন বাংলা প্রশ্নটি উর্দুর সঙ্গে মিলিয়ে পড়ুন, বা উর্দু প্রশ্নটি বাংলার সঙ্গে মিলিয়ে পড়ুন, তারপর নিজেই বলুন, বাংলা প্রশ্নটি উর্দু প্রশ্নটির অনুবাদ কি-না এবং উভয় প্রশ্নের উৎস অভিন্ন কি-না? সুতরাং বাংলা প্রশ্নটি সম্পর্কে কারো আপত্তি থাকলে, উর্দুটির উপরও আপত্তি করা উচিত। উর্দু প্রশ্নকারী মাদানী বা নবী পরিবারের হওয়ার কারণে আপত্তিকারীগণ মাওলানা মাহমুদ মাদানী সাহেবের দিকে সন্দেহের দৃষ্টিতে তাকাবেন না, আপত্তি শুধু মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ সাহেবের ব্যাপারে করবেন, তা ঠিক নয়। আর যদি মাওলানা মাহমুদ মাদানী সাহেবের লেখাকে গভীরভাবে দেখা আকাবিরের প্রতি বেয়াদবী মনে করেন, তাহলে শুধু মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ সাহেরবর ব্যাপারে আপত্তি করাকেও বেয়াদবী মনে করার আমার সুযোগ থাকার কথা।

প্রশ্নটির শেষাংশে রয়েছে– 'তা পরিস্কারভাবে জানতে চাই'। কারো কাছে তার সংশ্লিষ্ট কোনো বিষয় অস্পষ্ট থাকলে বিজ্ঞদের কাছে প্রশ্ন করে পরিস্কারভাবে জেনে নেয়া অবশ্যই প্রয়োজন। আমাদের মাদরাসাসহ যে সকল মাদরাসায় উর্দু ও বাংলা ইস্তেফতাটি পাঠানো হয়েছে, আমার জানা মতে দারুল উলূম দেওবন্দের ইফতা বিভাগের পক্ষ থেকে প্রদত্ত উত্তর সঙ্গে পাঠানো হয়েছে। দেওবন্দের উত্তরের পর তো অস্পষ্টতা দূর হয়ে যাওয়ার কথা। তাই দেওবন্দ থেকে উত্তর পাওয়ার পর উত্তর জানার জন্য প্রত্যন্ত অঞ্চলের ছোট ছোট মাদরাসগুলোতেও ইস্তেফতা পাঠানোর কারণ বোধগম্য হচ্ছে না। নেপথ্যে কোনো উদ্দেশ্য কাজ করছে না তো?

তাছাড়া আমাদের এক সহকর্মী এতে দারুল উলুম দেওবন্দের দারুল ইফতার প্রতি প্রশ্নকারীর আস্থাহীনতার গন্ধও পেয়েছেন। আর একজন বললেন, তিনি

একটি ভিডিও দেখেছেন, তাতে দেশের একজন প্রবীণ আলেম এ বিষয়ে এক লক্ষ ফাতওয়া সংগ্রহ করার ঘোষণা দিয়েছেন। মুসলিম সমাজে ফাতওয়া প্রভাব উল্লেখ করার পর ঐ আলেম ডিবি পুলিশের প্রধানকে এ কথাও বলেছেন যে, 'এক লক্ষ ফাতওয়া সংগ্রহ করা আমাদের জন্য কঠিন হবে না। কারণ, দেশে মসজিদই আছে তিন লক্ষ।' যেন তিন লক্ষ মসজিদের তিন লক্ষ ইমাম বা মুয়াজ্জিন ঐ আলেমের দৃষ্টিতে ফাতওয়া প্রদানের যোগ্য। কিন্তু আল্লামা ইবনে আবেদীন শামী রহ.-এর شَرْحُ عُقُودِ رَسْمِ المفتِيِّ, মুফতী মুহাম্মদ তাকী উসমানী দা. বা.-এর أُصُولُ الإفتاءِ প্রভৃতি কিতাব কী বলে? এ কিতাবগুলোতে ফাতওয়া প্রদানের জন্য যে যোগ্যতার কথা বলা হয়েছে, ঐ আলেম কি তিন লক্ষ মসজিদের তি, লক্ষ ইমাম ও মুয়াজ্জিনের মধ্যে ঐ যোগ্যতা আছে বলে মনে করেন?

প্রশ্নটিকে তিনটি পর্বে বিভক্ত করা যায়– ১. 'বর্তমানে সারা বিশ্বে ... বদনাম করা হচ্ছে'। ২. 'কুরআন শরীফের ... ষড়যন্ত্র চলছে'। ৩. 'অতএব ধর্মের নামে ... পরিস্কারভাবে জানতে চাই'।

প্রশ্নের পর্ব-সংখ্যা তিনটি হলেও প্রথম পর্বদু'টি মূলত ভূমিকা। 'অতএব' থেকে শুরু হওয়া তৃতীয় পর্বটিই হলো মূল প্রশ্ন। 'অতএব'-এর পূর্বে দু'টি অংশ থাকলেও 'অতএব' থেকে 'জানতে চাই' পর্যন্ত লেখা দ্বারা বুঝা যায়, দ্বিতীয় পর্বটিই হলো প্রশ্নের ক্ষেত্র। দেখুন এভাবে পাঠ করলেও প্রশ্নটি পূর্ণাঙ্গ থাকে– 'বর্তমানে সারা বিশ্বে কুরআন শরীফের আয়াত ও হাদীস শরীফের অপব্যাখ্যা দিয়ে মানুষকে ইসলাম ও মুসলমানদের প্রতি বিদ্বেষী করে তোলার চরম ষড়যন্ত্র চলছে। অতএব ধর্মের নামে এই ধরনের সন্ত্রাসসৃষ্টি এবং বিশ্বশান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা কী এবং কুরআন ও হাদীসে এ ব্যাপারে কী দিকনির্দেশনা রয়েছে, তা পরিস্কারভাবে জানতে চাই'।

পক্ষান্তরে প্রথম পর্ব ও তৃতীয় পর্বকে একত্র করে পাঠ করলে ভূমিকা ও প্রশ্নের মধ্যে মিল পাওয়া যায় না– 'বর্তমানে সারা বিশ্বে ইসলাম ধর্ম, পবিত্র কুরআন এবং রাসূল সা. এর শিক্ষা ও সুমহান আদর্শকে ষড়যন্ত্রমূলকভাবে সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দিয়ে ইসলামের বদনাম করা হচ্ছে। অতএব ধর্মের নামে এই ধরনের সন্ত্রাসসৃষ্টি এবং বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা কী এবং কুরআন ও হাদীসে এ ব্যাপারে কী দিকনির্দেশনা রয়েছে, তা পরিস্কারভাবে জানতে চাই'।

অতএব, এ বিষয়টি পরিস্কার হয়ে গেছে যে, প্রশ্নের ক্ষেত্র হলো দ্বিতীয় পর্ব। প্রথম পর্বের সঙ্গে প্রশ্নের কোনো সম্পর্ক নেই। তাহলে প্রথম পর্বটি কেন উল্লেখ করা হলো? একজনের বক্তব্য হলো, উত্তরদাতাদেরকে প্রভাবিত করার জন্য কৌশল হিসেবে প্রথম পর্বটি লেখা হয়েছে। যেন উত্তরদাতা 'মুফতী সাহেবান' বুঝেন যে, ইসলাম ধর্ম, পবিত্র কুরআন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শিক্ষা ও সুমহান আদর্শকে ষড়যন্ত্রমূলকভাবে সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দিয়ে, যারা সারা বিশ্বে ইসলামের বদনাম করছে, প্রশ্নকারী তাদের পক্ষ থেকে নিযুক্ত নন। দৈনিক ইনকিলাবে প্রকাশিত একটি লেখার সম্পাদিত রূপের অংশবিশেষ হলো– 'দুশমন যখন পাশবিক উল্লাসে মুজাহিদদের উপর ঝাঁপিয়ে পড়ে, তখন একদল মুনাফিক যোগ দেয় তাদের সঙ্গে। বস্তুত উম্মাহর ইতিহাসে শুরু থেকে আজ পর্যন্ত মুনাফিকের অভাব হয়নি কখনো। নিছক হালুয়া-রুটির লোভে জেনেশুনেই তারা উম্মাহর জীবনে চরম সর্বনাশ ডেকে আনে; যদিও শেষ পর্যন্ত তারা নিজেরাও সর্বনাশের হাত থেকে রক্ষা পায় না'। ['এসো কলম মেরামত করি' পৃ. ২০০]

এ বিষয়টিও পরিস্কার যে, প্রথম পর্বে উল্লিখিত 'রাসূল সা. এর শিক্ষা ও সুমহান আদর্শ' দ্বারা জিহাদ উদ্দেশ্য। কারণ, জিহাদ ছাড়া মুসলমানদের অন্য কোনো তৎপরতাকে শত্রুরা সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দেয়ার কথা আমাদের জানা নেই। দৈনিক ইনকিলাবের লেখাটির সম্পাদিত রূপের আরেকটি অংশবিশেষ হলো– 'উপনিবেশবাদ ও সাম্রাজ্যবাদ যখন কোনো মুসলিম দেশের উপর আগ্রাসনের থাবা বিস্তার করে, তখন তারা জিহাদের বিরুদ্ধে অপপ্রচার শুরু করে, এবং যারা জানবায মুজাহিদীন তাদের দমন করার জন্য সন্ত্রাসবাদ, মৌলবাদ ও জঙ্গিবাদের অপবাদ আরোপ করে। কারণ, তারা জানে, একমাত্র জিহাদই পারে বিপর্যস্ত উম্মাহর জীবনে প্রাণের স্পন্দন ফিরিয়ে আনতে।' ['এসো কলম মেরামত করি' পৃ. ২০০]

দ্বিতীয় পর্বে কুরআন শরীফের আয়াত ও হাদীস শরীফের অপব্যাখ্যা দিয়ে মানুষকে ইসলাম ও মুসলমানদের প্রতি বিদ্বেষী করে তোলার চরম ষড়যন্ত্র করার কথা বলা হয়েছে। যারা কোনো না কোনো বিষয়ের কুরআনের আয়াত ও হাদীসের বাণীর অপব্যাখ্যা দেয় এবং ইসলাম ও মুসলমানদের প্রতি মানুষকে বিদ্বেষী করে তোলার ষড়যন্ত্র করে, তাদের বিরুদ্ধে অবশ্যই কঠোরতর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

কিন্তু এর পূর্বে তো তাদেরকে চিহ্নিত করতে হবে। তারা কারা? কুরআনের আয়াত ও হাদীসের অপব্যাখ্যা কারা দেয়? মানুষকে ইসলাম ও মুসলমানদের প্রতি বিদ্বেষী করে তোলার ষড়যন্ত্র কারা করে? [মধ্যখানে একটা ছোট্ট প্রশ্ন মনে উঁকি দিয়েছে– ইস্তেফতাকারীর দৃষ্টিতে মুসলমানরা কি 'মানুষ' নন? মুসলমানদেরকে যারা সন্ত্রাসী, জঙ্গিবাদী ও উগ্রবাদী আখ্যা দেয়, মুসলমানদের পরিবর্তে ইস্তেফতাকারী কি তাদেরকে মানুষ আখ্যা পাওয়ার উপযুক্ত মনে করেন?]

পরিস্কারভাবে যদি কোনো দলের নাম নেয়া ইস্তেফতাকারী উপযোগী মনে না করেন, তাহলে আমি তাঁকে পীড়াপীড়ি করতে যাব না। তিনি আয়াত ও হাদীস উল্লেখ করে ঐ দলের কমপক্ষে অপব্যাখ্যাগুলো উল্লেখ করতেন। তাহলে কুরআন-হাদীসের আলোকে যাচাই করে আমরা বোঝার সুযোগ পেতাম, তাদের ব্যাখ্যাগুলো অপব্যাখ্যা কি-না? আমাদের সামনে তখন তাদের মুখোশ কিছুটা হলেও উন্মোচিত হতো। আমরা তখন মাওলানা মাহমুদ মাদানী সাহেবের সঙ্গে যোগ দিয়ে তাদের বিরুদ্ধে কঠোর কর্মসূচী বাস্তবায়নে তাঁর সহযোগিতা করতাম। কিন্তু ইস্তেফতায় এ দিকটি পরিস্কার করা হয়নি। ফলে ইস্তেফতায় 'অতএব' বলে যাদের কথা বলা হয়েছে, তাদের ব্যাপারে আমাদের করণীয় জানা হলেও আমরা সেই করণীয় বাস্তবায়ন করতে ব্যর্থ হবো।

ইস্তেফতার তৃতীয় পর্বে মুফতী সাহেবানদের নিকট প্রশ্নকারী তিনটি বিষয় পরিস্কারভাবে জানতে চেয়েছেন। ১. ধর্মের নামে সন্ত্রাসসৃষ্টিতে ইসলামের ভূমিকা কী? ২. বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা কী? ৩. কুরআন ও হাদীসে এ ব্যাপারে কী দিকনির্দেশনা রয়েছে?

আমার বুঝেই আসছে না, প্রশ্নকারী দারুল উলূম দেওবন্দের সন্তান হওয়া সত্ত্বেও এমন অবাস্তব কথা কিসের ভিত্তিতে মনে করতে পারেন যে, ধর্মের নামে সন্ত্রাসসৃষ্টিতে ইসলামের ভূমিকা রয়েছে। 'ইসলাম ধর্মের নামে সন্ত্রাস সৃষ্টি করে' এমন কথা তো শুধু এমন ব্যক্তিই বলতে পারে, যে স্বঘোষিত অমুসলমান।

'বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা কী?' তা অবশ্যই জানার বিষয়। তা আমাদের গৌরবমাখা ইতিহাস। বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় প্রকৃত ভূমিকা ইসলামেরই রয়েছে। 'বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা কী?' বলে

প্রশ্নকারী যদি 'বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের বিধান কী?' বুঝিয়ে থাকেন, তাহলে নবী পরিবারের সন্তানের সামনে নবীকে সম্বোধন করে অবতীর্ণ হওয়া কুরআনের আয়াত পেশ করা যেত- يَاأَيُّهَا النَّبِيُّ حَرِّضِ الْمُؤْمِنِيْنَ عَلَى الْقِتَالِ (**হে নবী! যুদ্ধের প্রতি মুমিনদেরকে উৎসাহিত করুন। [সূরা আনফাল, ৬৫]**

এবং নবী পরিবারের সন্তানের সামনে নবীকে সম্বোধন করে অবতীর্ণ হওয়া কুরআনের এ আয়াতও পেশ করা যেত- يَاأَيُّهَا النَّبِيُّ جَاهِدِ الْكُفَّارَ وَالْمُنَافِقِينَ وَاغْلُظْ عَلَيْهِمْ (হে নবী! কাফের ও মুনাফিকদের বিরুদ্ধে যুদ্ধ করুন এবং ওদের প্রতি কঠোরতা করুন। [সূরা তাওবা, ৭৩]

ইস্তেফতার তৃতীয় পর্বে প্রশ্নকারীর জানতে চাওয়া তৃতীয় বিষয়টি সম্পর্কে আমার আরজ হলো, 'এ ব্যাপারে' বলে কোন্ দিকে ইঙ্গিত করা হয়েছে? ইঙ্গিত যদি দ্বিতীয় বিষয়টির দিকে হয়ে থাকে, তাহলে তো ঠিক আছে। কারণ, বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকার ব্যাপারে কুরআন ও হাদীসে দিকনির্দেশনা রয়েছে। কিন্তু ইঙ্গিত যদি প্রথম বিষয়টির দিকে হয়ে থাকে, তাহলে প্রশ্নকারী কাদের দলভুক্ত, মনে এমন প্রশ্ন জাগ্রত হওয়ার যথেষ্ট কারণ থাকার কথা। কারণ, ইসলাম কখনো সন্ত্রাস সৃষ্টি করেনি। এ ব্যাপারে কুরআন ও হাদীসে দিকনির্দেশনা থাকা তো দূরের কথা, বরং সন্ত্রাসকে প্রতিহত করতে ইসলাম জিহাদের ফরয বিধান দিয়েছে।

ইস্তেফতার আরেকটি ত্রুটি হলো, প্রথম পর্বে রাসূল সা. এর শিক্ষা ও সুমহান আদর্শকে ষড়যন্ত্রমূলকভাবে সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দেয়ার অভিযোগ যাদের ব্যাপারে আনা হয়েছে, তাদের প্রতিকারের জন্য কুরআন-হাদীসে কী দিকনির্দেশনা রয়েছে, মুফতী সাহেবানদের নিকট তা অপরিস্কারভাবেও জানতে চাওয়া হয়নি। তবে কি এই জানতে না চাওয়ার কোনো কারণ আছে?

এ কথা তো পরিস্কার যে, জিহাদ ইসলামের অন্যতম একটি হুকুম। কুরআন পাকে জিহাদের প্রচুর আয়াত রয়েছে। জিহাদ বিষয়ে হাদীসও রয়েছে প্রচুর সংখ্যায়। আর 'মুসলিম জাতির জীবনে যত বিপদ, দুর্যোগ ও বিপর্যয়, তা জিহাদ থেকে তাদের দূরে সরে যাওয়ারই ফল। সুতরাং জিহাদের পথে ফিরে আসাই হলো তাদের মুক্তির একমাত্র উপায়' [''-এর মধ্যকার বাক্যদু'টি ইনকিলাবের লেখাটির সম্পাদিত রূপের আরেকটি অংশবিশেষ।] কিন্তু

অধিকাংশ মুসলমানের মতো আমিও জিহাদ করিনা। তাই বলে কি জিহাদকে অস্বীকার করতে পারি? কাফের হয়ে মৃত্যুবরণ করার তুলনায় ফাসেক হয়ে মৃতুবরণ করা শতগুণে শ্রেয়। আল্লাহ আমাদেরকে সাহাবাগণের আদর্শে আদর্শবান হওয়ার তাওফীক দান করুন। আমীন! সাহাবাগণের আদর্শ জানার জন্য হযরতজী ইউসুফ কান্দলভী রহ.-এর 'হায়াতুস্ সাহাবা' কিতাবটি অনেক গুরুত্বপূর্ণ।

মাওলানা মাহমুদ মাদানী সাহেব ভারতের রাজ্যসভার একজন সদস্য। ইস্তেফতাটির কপিতে আমরা দেখতে পাচ্ছি, ইস্তেফতাটি লেখার জন্য তিনি তাঁর ঐ পদের বিশেষ প্যাড ব্যবহার করেছেন, যার উপরে ভারতের জাতীয় প্রতীকের লোগো রয়েছে। লোগোটি কয়েকটি মূর্তির সমষ্টি। লোগোটি বড় করে দেখিয়ে ভারতের জাতীয় প্রতীকের ব্যাখ্যায় বলা হয়েছে, একটি গোলাকার অ্যাবাকাসের উপর চারটি এশীয় সিংহ পরস্পরের দিকে পিঠ কর বসে আছে; একটি ফ্রিজে হাতি, লম্ফমান ঘোড়া, ষাঁড় ও সিংহের উচ্চ রিলিফ; এগুলো আবার তাদের ধর্মচক্র দ্বারা পরস্পর থেকে বিচ্ছিন্ন। আমার প্রশ্ন হলো, একটি ইস্তেফতা, যা তিনি দারুল উলূম দেওবন্দের দারুল ইফতায় করেছেন, তাতে এমন শিরকী লোগো সম্বলিত প্যাড ব্যবহার করার কী অনিবার্য প্রয়োজন ছিল? যদি প্রয়োজন আছে বলে মনে করেন, তাহলে করুন। আপত্তি করার অধিকার আমার না-ও থাকতে পারে। কিন্তু শিরকী লোগোর পাশে بِسْمِ اللّٰهِ الرحمن الرحيم লেখা, বা بِسْمِ اللّٰهِ الرحمن الرحيم-এর পাশে শিরকী লোগো প্রতিস্থাপন করার উপর আপত্তি করার অধিকার প্রত্যেক মুসলমানের আছে।

শুরুর দিকে লেখা এই অংশটি পুনরায় উল্লেখ করে আমি লেখাটি সমাপ্ত করতে চাই– 'বাংলা প্রশ্নটি উর্দুর সঙ্গে মিলেয়ে পড়ুন, বা উর্দু প্রশ্নটি বাংলার সঙ্গে মিলিয়ে পড়ুন, তারপর নিজেই বলুন, বাংলা প্রশ্নটি উর্দু প্রশ্নটির অনুবাদ কি-না। এবং উভয় প্রশ্নের উৎস অভিন্ন কি-না। সুতরাং বাংলা প্রশ্নটি সম্পর্কে কারো আপত্তি থাকলে, উর্দুটির উপরও আপত্তি করা উচিত। উর্দু প্রশ্নকারী মাদানী বা নবী পরিবারের হওয়ার কারণে আপত্তিকারীগণ মাওলানা মাহমুদ মাদানী সাহেবের দিকে সন্দেহের দৃষ্টিতে তাকাবেন না, আপত্তি মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ সাহেবের ব্যাপারে করবেন, তা ঠিক নয়। আর যদি মাওলানা মাহমুদ মাদানী সাহেবের লেখাকে গভীরভাবে দেখা আকাবিরের

প্রতি বেয়াদবী মনে করেন, তাহলে শুধু মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ সাহেবের ব্যাপারে আপত্তি করাকেও বেয়াদবী মনে করার আমার সুযোগ থাকার কথা'।

***

(ইস্তেফতা পর্যালোচনাটি এখানে শেষ হল)

দুই. সংশ্লিষ্ট দারুল ইফতা ও মুফতীদের সঙ্গে যোগাযোগ করে আমরা জানতে পেরেছি তাদেরকে সুবিধাজনক একটি মাত্র প্রশ্ন দেখানো হয়েছে। সে প্রশ্নের উপর উত্তর নিয়ে পরবর্তীতে আয়োজকরা সকল প্রশ্নের উত্তর হিসাবে তাদের স্বাক্ষর প্রচার করেছে।

তিন. প্রত্যেক দারুল ইফতার সবচাইতে দুর্বল ও অসচেতন ছিদ্রপথ দিয়ে স্বাক্ষর আদায় করার চেষ্টা করা হয়েছে।

চার. প্রত্যেক প্রতিষ্ঠান বা ব্যক্তির দুর্বল কোন দিককে সামনে এনে মানসিকভাবে তাকে দুর্বল করার চেষ্টা করা হয়েছে।

পাঁচ. জিহাদী কার্যক্রমের চলমান কিছু অস্পষ্ট ঘটনাকে আরো অস্পষ্ট করে তুলে ধরে স্বাক্ষর করতে প্ররোচিত করা হয়েছে।

ছয়. এ ফতোয়া দেয়ার মাধ্যমে মাদরাসা-মসজিদ তথা পুরা দ্বীনের কী কী ফায়দা হবে তা দেখিয়ে ধোঁকা দেয়ার চেষ্টা করা হয়েছে।

সাত. বহু রকমের অলীক স্বপ্ন দেখানো হয়েছে।

আট. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কোন কোনটি ও ব্যক্তিদের কেউ কেউ আপন জায়গায় গ্রহণযোগ্য হওয়া সত্ত্বেও এ বিষয়ে প্রদত্ত ফাতওয়ায় ফাতওয়া প্রদানের মূলনীতির ন্যূনতম মাপকাঠিও রক্ষা করেননি। কোন কোন ক্ষেত্রে অজ্ঞতার গন্ডি পেরিয়ে বিভিন্ন আয়াত ও হাদীসের বিকৃতি সাধন ও মিথ্যারও সংযোগ করেছেন। যার দরুন আমাদের এমনও সন্দেহ হয় যে, এসব ফাতওয়াও মূলত জাল এবং সাজানো নাটক কি না? আয়োজকদের উপর এ সন্দেহ না করলে সন্দেহ গিয়ে পড়ে গ্রহণযোগ্য প্রতিষ্ঠান ও ব্যক্তির উপর।

পাঠকদের সুবিধার্থে নামীদামী একটি প্রতিষ্ঠানের একটি ফাতওয়া হুবহু উল্লেখ করা হচ্ছে, এবং সাথে সাথে সে ফাতওয়ায় যেসব অজ্ঞতা, বিকৃতি ও মিথ্যার প্রকাশ ঘটেছে তাও চিহ্নিত করে দেয়া হচ্ছে। এ ক্ষেত্রে আবু মুহাম্মদ নামের একজনের (যার লেখা থেকে তাঁকে একজন নির্ভরযোগ্য আলেম ও মুফতীই

মনে হয় তাঁর) একটি লেখা আমরা পেয়েছি। তাঁর পর্যালোচনামূলক সে লখাটি এখানে তুলে ধরলে আশা করি পাঠক অনেক উপকৃত হবেন। পর্যালোচনাটি নিম্নরূপ-

একটি ফাতওয়া পর্যালোচনা

আবু মুহাম্মাদ

الحمد لله الذي علم القرآن، خلق الإنسان علمه البيان، اللهم اهدنا لما اختلف فيه من الحق، اللهم أرنا الحق حقا وارزقنا اتباعه، وأرنا الباطل باطلا وارزقنا اجتنابه، ربنا لا تزغ قلوبنا بعد إذ هديتنا، وهب لنا من لدنك رحمة، إنك أنت الوهاب، اللهم ألهمنا مراشد أمورنا، رب زدني علما، رب اشرح لي صدري، ويسر لي أمري.

সম্প্রতি উলামায়ে কেরামের অনেকেই লক্ষ্য করেছেন, 'সন্ত্রাস ও জঙ্গিবাদ' বিরোধী ফাতওয়ার জন্য এবং ফাতওয়াটির সমর্থনের জন্য এ সংক্রান্ত একটি প্রশ্ন ও ফাতওয়া বিভিন্ন আলেম ও মুফতীর নিকট এবং বিভিন্ন দারুল ইফতায় প্রেরণ করা হচ্ছে। প্রশ্নটির অলিখিত ও প্রসিদ্ধ শিরোনাম হল, জঙ্গিবাদের বিরুদ্ধে এক লক্ষ আলেমের সমর্থন গ্রহণ। প্রশ্নকারীর কভারনেম মুহাম্মদ আব্দুর রহীম। নেপথ্যনায়ক মাওলানা ফরিদউদ্দীন মাসউদ। তিনি প্রথমে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের আহ্বানে ফ্রান্সে জঙ্গিবাদ বিরোধী কথিত 'আমান কনফারেন্সে' ভাষণ দিয়ে একই শিরোনামে ইন্ডিয়া এবং বাংলাদেশে কনফারেন্স করে সর্বশেষ বাংলাদেশ পুলিশের এবিষয়ক একটি কনফারেন্সে এই উদ্যোগ গ্রহণের প্রস্তাব করেন এবং সেখান থেকে এসে এই 'মহৎ কর্মযজ্ঞে'[১] অবতরণ করেন। এ বিষয়ে বিবিসি বাংলা ফরিদ সাহেবের সাক্ষাৎকারসহ বেশ লম্বা পরিসরের একটি বিশেষ প্রতিবেদনও প্রচার করেছে।

এই উদ্যোগ যারা নিয়েছেন এবং এবিষয়ে প্রশ্ন করেছেন, তারা যে সরাসরি মুসলমানদের চিরশত্রু কাফেরদের পৃষ্ঠপোষকতায় কাজটি করছেন,

---

১. শব্দটি তাদের ঝুলি থেকেই সংগৃহীত। তাদের একজন অধম লেখকের মোবাইলে একটি মেসেজ পাঠিয়েছেন- 'এই মহত কাজে অংশগ্রহণ ঈমানী দায়িত্ব। তাই অন্যকে স্বক্ষরদানে উদ্বুদ্ধ করুন'।

তার যথেষ্ট তথ্য প্রমাণ আমাদের হাতে বিদ্যমান। প্রবন্ধের শেষ দিকে আমরা তথ্যগুলো পেশ করব ইনশা-আল্লাহ। কেউ যদি এজন্য তথ্যগুলো পর্যাপ্ত মনে না করেন, তবে অন্তত তারা যে অনুসরণীয় ব্যক্তি হতে পারেন না, উম্মতের এবং আলেমদের নেতৃত্বের যোগ্য নন; বিশেষত মুসলিম মিল্লাতের জাতীয় কোনো বিষয়ে–তাতে আশা করি কারোই সংশয় থাকবে না।

এমন নামধারী কিছু 'উলামায়ে সূ' (দুষ্ট আলেম) সবসময় ছিল, থাকবে। বস্তুত তাদের এই হীনকর্মে আমাদের দুঃখ নেই। দুঃখ হল দারুল ইফতাগুলোর ফাতওয়া দেখে। একাধিক প্রসিদ্ধ দারুল ইফতা থেকে প্রশ্নটির উত্তর দেয়া হয়েছে। যা থেকে আমাদের 'কাহতুর রিজাল' তথা ইলমী দৈন্যতা ও খেয়ানতের করুণ চেহারা ফুটে ওঠে।

জিহাদ, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ কী? কে কোনটার পক্ষে কিংবা বিপক্ষে - এই বিষয়গুলো বাদ দিয়ে, শুধু ফিকহ ফাতওয়ার উসূল ও নীতির আলোকে বিচার করলেই বিস্মিত হতে হয় যে, মুসলিম মিল্লাতের; বরং পুরো মানব জাতির বর্তমান গুরুত্বপূর্ণ ও আন্তর্জাতিক একটি বিষয়ে এত অস্পষ্ট ও প্রতারণামূলক একটি প্রশ্নের এমন অস্পষ্ট উত্তর দেয়া তারা কীভাবে বৈধ মনে করলেন?! অবশ্য এমন অনেক হক্কানি আলেমের কথাও আমরা শুনেছি, যারা এই ফাতওয়ায় স্বাক্ষর করতে সুস্পষ্ট অস্বীকৃতি জানিয়ে তা প্রত্যাখ্যান করেছেন। আল্লাহ তাঁদের ইলম ও আমল এবং সৎ সাহসে বরকত দান করুন। এবং উম্মতকে সঠিক পথে পরিচালনা করার তাউফীক দান করুন। আমিন।

যারা এই ফাতওয়া লিখেছেন কিংবা তাতে দস্তখত করেছেন, তাদের সামনে আমরা কিছু বিষয় তুলে ধরার ইচ্ছা করছি। আশা করি বিষয়গুলো তাদের জন্য নতুন করে চিন্তা ভাবনা ও পুনঃর্বিবেচনার পথ সুগম করবে ইনশাআল্লাহ।

প্রশ্নপর্যালোচনা

প্রশ্নটি সম্পর্কে যদিও বিবিসির বক্তব্য ছিল "মাওলানা ফরিদ উদ্দীন মাসউদ জঙ্গিবাদ বিরোধী কিছু ফাতওয়া জারি করবেন বলে জানিয়েছেন। ইসলাস সন্ত্রাসবাদ সমর্থন করে না আর আত্মঘাতি হামলা চালিয়ে বেহেশ্‌ত পাওয়া সম্ভব নয়–এমন সব বার্তা থাকবে তার ফাতওয়ায়।... মূলত এগারটি প্রশ্নকে সামনে রেখে ফাতওয়াগুলো চূড়ান্ত করা হচ্ছে এর মধ্যে উল্লেখযোগ্য

প্রশ্নগুলো হচ্ছে–সন্ত্রাস ও জঙ্গিতৎপরতাকে ইসলাম সমর্থন করে কি না? জিহাদ ও সন্ত্রাস এক জিনিস কি না? ইসলামের নামে সন্ত্রাস করে মৃত্যুবরণ করলে বা আত্মঘাতি হলে; সে শহীদ হবে কি না? এবং পরকালে বেহেস্ত পাওয়া যাবে কি না? নির্বিচার হত্যাকান্ড ইসলাম সমর্থন করে কি না? ইত্যাদি। এবং এর জবাবে কোরআন হাদীসের বিভিন্ন বক্তব্যের আলোকে তারা একমত হয়েছেন যে, সবগুলো প্রশ্নের জবাবই হচ্ছে 'না'।" –বিবিসি বাংলা

কিন্তু বাস্তবে এ প্রশ্নগুলো আমাদের নজরে পড়েনি।[৩] যে প্রশ্নটি দারুল ইফতাগুলোতে প্রেরণ করা হয়েছে তা সম্পূর্ণ ভিন্ন। প্রশ্নটি আগাগোড়া সম্পূর্ণই ধোঁকা ও প্রতারণাপূর্ণ। উদ্দেশ্যমূলকভাবে ইচ্ছা করেই যে একটি ঘোলাটে আবহ তৈরি করে প্রশ্নটি এরকম অস্পষ্ট রাখা হয়েছে তা অত্যন্ত স্পষ্ট। প্রসিদ্ধ একটি দারুল ইফতায় প্রেরিত প্রশ্নটি আমরা এখানে হুবহু তুলে ধরছি।

"আসসালামু আলাইকুম

মুহতারাম হযরত মুফতী সাহেব দা. বা.

ইসলামিক রিসার্চ সেন্টার, বসুন্ধরা, ঢাকা।

বিষয়: ফাতওয়া বা নিম্নোক্ত প্রশ্নের সমাধান প্রার্থনা প্রসঙ্গে

প্রশ্ন: বর্তমানে সারা বিশ্বে ইসলাম ধর্ম, পবিত্র কুরআন এবং রাসূল সা. এর শিক্ষা ও সুমহান আদর্শকে ষড়যন্ত্রমূলকভাবে সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দিয়ে ইসলামের বদনাম করা হচ্ছে। কুরআন শরীফের আয়াত ও হাদীস শরীফের অপব্যাখ্যা দিয়ে মানুষকে ইসলাম ও মুসলমানদের প্রতি বিদ্বেষী করে তোলার চরম ষড়যন্ত্র চলছে।

অতএব ধর্মের নামে এই ধরনের সন্ত্রাসসৃষ্টি এবং বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা কী এবং কুরআন ও হাদীসে এ ব্যাপারে কী নির্দেশনা রয়েছে, তা পরিষ্কারভাবে জানতে চাই।

আশা করি বিষয়টি সপ্রমাণ উল্লেখ করে উপকৃত করবেন।

বিনীত

(দস্তখত)

মুহাম্মাদ আব্দুর রহীম ০১৭৭৬০০০২০০- ০১৬৭১০৫৪৬১১

খতীব, ইসলামবাগ জামে মসজিদ

[৩] এই লেখাটি তথাকথিত এক লক্ষ স্বাক্ষরের ফতোয়া জনসম্মুখে প্রকাশিত হওয়ার পূর্বের।

ইসলামবাগ, সিরাজদিখান, মুন্সিগঞ্জ।

মুহতামিম, তাকওয়া মাদরাসা, রামপুরা, ঢাকা"।

***

পর্যালোচনা

এক. প্রশ্নের শুরুতে বলা হয়েছে– "বর্তমানে সারা বিশ্বে ইসলাম ধর্ম, পবিত্র কুরআন এবং রাসূল সা. এর শিক্ষা ও সুমহান আদর্শকে ষড়যন্ত্রমূলকভাবে সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দিয়ে ইসলামের বদনাম করা হচ্ছে"।

এ প্রসঙ্গে আমরা বিশ্বের মানুষগুলোকে চারভাগে বিভক্ত করতে পারি।

প্রথম প্রকার, মুসলমানদের মধ্যে যারা জিহাদ ও খিলাফাত প্রতিষ্ঠার লক্ষ্যে বর্তমান বিশ্বে সশস্ত্র লড়াই করছেন কিংবা যারা তাদেরকে সমর্থন করছেন।

একথা স্পষ্ট যে, তাদের কেউ ইসলামকে সন্ত্রাসবাদ, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দেন না; বরং তারা তো তাদের কর্মকান্ডকে ইসলামি জিহাদ আখ্যা দিয়ে এই জিহাদকে সন্ত্রাস ও জুলুম অত্যাচার বন্ধ করে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠার উপায় ও মাধ্যম হিসাবে বিবেচনা করছেন এবং ঘোষণা দিচ্ছেন।

দ্বিতীয় প্রকার, মুসলমানদের মধ্যে যারা জিহাদের নামে বর্তমান বিশ্বে প্রচলিত সশস্ত্র লড়াইগুলোকে সমর্থন করেন না বা বিরোধিতা করেন।

তারাও ইসলামকে সন্ত্রাস, চরমপন্থা কিংবা জঙ্গিবাদ আখ্যা দেন না; বরং বর্তমানে যারা ইসলাম ও জিহাদের নামে সশস্ত্র লড়াই করছেন, তা তাদের বিভ্রান্তি ও অপকর্ম বলে প্রচার করেন। ইসলামের সঙ্গে এসব কর্মকান্ডের কোন সম্পর্ক নেই বলে গলা ফাটিয়ে চিৎকার করেন। যেমনটি আলোচ্য ফাতওয়ায় করা হয়েছে।

তৃতীয় প্রকার, কাফেরদের মধ্যে যারা প্রকৃত অর্থে মুসলমানদের ধুরন্ধর ও ধূর্ত শত্রু, কিন্তু নিজেদেরকে উদার ও ভদ্র মনে করেন এবং বিশ্বভ্রাতৃত্ব ও সম্প্রীতিপ্রবণ এবং ধর্মনিরপেক্ষ বলে প্রচার করেন। বর্তমান বিশ্বের অধিকাংশ কাফের নেতারা এই প্রকৃতির।

এই গ্রুপটির অন্তরে কি আছে তা ভিন্ন বিষয়, কিন্তু বাহ্যত তারা ইসলামকে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ বা চরমপন্থার অপবাদ দেয় না; বরং তাদেরকেও হরহামেশা দ্বিতীয় প্রকার মুসলমানদের মতো সশস্ত্র

মুজাহিদদেরকে বিভ্রান্ত আখ্যা দিয়ে নসিহতের বুলি আওড়াতে শোনা যায়– ইসলাম শান্তির ধর্ম, ইসলাম এমন সন্ত্রাসী কর্মকাণ্ড সমর্থন করে না, ইসলামে জঙ্গিবাদ নেই ইত্যাদি। তারা বলতে চায়, এগুলো অতি আবেগী বিভ্রান্ত কিছু মুসলিম তরুণদের ভুল কর্মকান্ড, যার সঙ্গে সঠিক ইসলামের কোন সম্পর্ক নেই।

চতুর্থ প্রকার, কাফেরদের মধ্যে যারা মুসলমানদের স্বঘোষিত দুশমন, অভদ্র ও নিচু স্বভাব কিংবা জ্ঞানপাপি প্রকৃতির।

এই একটি গ্রুপই মূলত ইসলামে বিধিত জিহাদকে ভিত্তি করে ইসলামকে জঙ্গিবাদী, সন্ত্রাসী ও চরমপন্থার ধর্ম বলে কটূক্তি করে। যদিও ইসলামের ন্যায় ও ইনসাফপূর্ণ জিহাদের সঙ্গে এগুলোর কোনো সম্পর্ক নেই। তাদের দাবি, ইসলাম তরবারির জোরেই প্রসার লাভ করেছে। বিশেষ করে মুসতাশরিক তথা প্রাচ্যবিদদের এই অভিযোগ ও প্রোপাগাণ্ডা অনেক পুরোনো কাহিনী।

উক্ত আলোচনা থেকে স্পষ্ট যে– প্রথমত তিনটি গ্রুপের কোনোটিই আলোচ্য প্রশ্নের প্রথমাংশে উদ্দেশ্য হওয়ার অবকাশ নেই। কারণ তারা কেউই ইসলাম ধর্ম, পবিত্র কোরআন এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের শিক্ষা ও সুমহান আদর্শকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা আখ্যা দেয় না। শেষোক্ত চতুর্থ গ্রুপটিই শুধু ইসলাম ধর্মকে সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা বলে আখ্যা দেয়। সুতরাং প্রশ্নের এ অংশের উদ্দেশ্য যে একমাত্র তারাই– তাতে কোনো অস্পষ্টতা নেই। কিন্তু কথা হল, আলোচ্য প্রশ্নের মূল অংশে এই গ্রুপটি সম্পর্কে কিছুই জানতে চাওয়া হয়নি। সুতরাং যাদের সম্পর্কে কোনো প্রশ্ন নেই এবং প্রশ্নের মূল বিষয়ের সঙ্গেও যাদের কোনো সম্পর্ক নেই, প্রশ্নের শুরুতেই তাদের আলোচনা কেন আনা হল? প্রশ্নে একটা ঘোলাটে আবহ তৈরি করা ছাড়া এর অন্য কোনো উদ্দেশ্য আমাদের বোধগম্য নয়।

দুই. প্রশ্নের দ্বিতীয়াংশে বলা হয়েছে– "কুরআন শরীফের আয়াত ও হাদীস শরীফের অপব্যাখ্যা দিয়ে মানুষকে ইসলাম ও মুসলমানদের প্রতি বিদ্বেষী করে তোলার চরম ষড়যন্ত্র চলছে"।

প্রিয় পাঠক! এই অংশ দ্বারা প্রশ্নকারী কি বোঝাতে চেয়েছেন তা আমাদের বোধগম্য নয়। তিনি কি বলতে চান, মুসলমানদের এমন অবস্থান গ্রহণ করা উচিত, যাতে তাদের প্রতি অমুসলিম 'মানুষ'দের বিদ্বেষ শেষ হয়ে যায়? যদি তাই হয়, তবে তো তাদের ঈমান ত্যাগ করে ইহুদি নাসারাদের

আনুগত্য করা ছাড়া উপায় নেই। কারণ মুসলমানদের সঙ্গে অমুসলিমদের বিদ্বেষের মূল কারণই তো এক আল্লাহর প্রতি ঈমান। ইরশাদ হচ্ছে- وَمَا نَقَمُوا مِنْهُمْ إِلَّا أَنْ يُؤْمِنُوا بِاللَّهِ الْعَزِيزِ الْحَمِيدِ. (سورة البروج ٨) তারা একমাত্র প্ররাক্রমশালী, প্রসংশিত আল্লাহর প্রতি ঈমান গ্রহণের কারণেই তাদের থেকে প্রতিশোধ গ্রহণ করেছে। সূরা বুরূজ, ৮।

মুসলিম মিল্লাতের আদিপিতা তাওহীদের নবী হযরত ইবরাহীম আলাইহিসসালাম ও তার অনুসারীদের দ্ব্যর্থহীন ঘোষণা قَدْ كَانَتْ لَكُمْ أُسْوَةٌ حَسَنَةٌ فِي إِبْرَاهِيمَ وَالَّذِينَ مَعَهُ إِذْ قَالُوا لِقَوْمِهِمْ إِنَّا بُرَآءُ مِنْكُمْ وَمِمَّا تَعْبُدُونَ مِنْ دُونِ اللَّهِ كَفَرْنَا بِكُمْ وَبَدَا بَيْنَنَا وَبَيْنَكُمُ الْعَدَاوَةُ وَالْبَغْضَاءُ أَبَدًا حَتَّى تُؤْمِنُوا بِاللَّهِ وَحْدَهُ. الممتحنة ٤ তোমাদের জন্য রয়েছে হযরত ইবরাহীম ও তার সঙ্গিদের মধ্যে উত্তম আদর্শ; যখন তারা তাদের সম্প্রদায়কে বলেছিল, আমরা তোমাদের থেকে এবং আল্লাহ ব্যতীত তোমরা যা কিছুর ইবাদাত করো তা থেকে সম্পর্কহীন। তোমাদের সঙ্গে আমরা কুফরি করলাম এবং আমাদের ও তোমাদের মাঝে বিদ্বেষ ও শত্রুতা স্পষ্ট হয়ে গেল– যতক্ষণ না তোমরা এক আল্লাহর প্রতি ইমান গ্রহণ করো। (সূরা মুমতাহিনা ৪)।

কোরআনে আরো বলা হয়েছে- وَلَنْ تَرْضَى عَنْكَ الْيَهُودُ وَلَا النَّصَارَى حَتَّى تَتَّبِعَ مِلَّتَهُمْ. (سورة البقرة ١٢٠) ইহুদি নাসারারা কখনো আপনার প্রতি সন্তুষ্ট হবে না, যতক্ষণ না আপনি তাদের মিল্লাতের অনুসরণ করেন। (সূরা বাকারা, ১২০)।

অন্যত্র ইরশাদ হচ্ছে- يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ. (سورة المائدة ٥١). হে ঈমানদারেরা! তোমরা ইহুদি নাসারাদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্য থেকে যে তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করবে সেও তাদের অন্তর্ভুক্ত বলে গণ্য হবে। (সূরা মায়েদা, ৫১)।

প্রিয় পাঠক! এজাতীয় আরো অসংখ্য আয়াত ও হাদীস রয়েছে। আমি বিষয়টির প্রতি সংক্ষেপে ইঙ্গিত করার জন্য কয়েকটি আয়াতের অংশবিশেষ

উল্লেখ করলাম। অনুরোধ করব এ বিষয়ক আয়াত ও হাদীসগুলো একটু মনোযোগ সহকারে অধ্যয়ন করে দেখুন, প্রকৃত বিষয়টি আসলে শরীয়ত কিভাবে মূল্যায়ন করে এবং আমাদের সমাজে এবিষয়ে কী ধ্যান ধারণা বিরাজ করছে? বর্তমানে যে ব্যক্তি শত্রুদের দৃষ্টিতে সবচেয়ে বেশি স্বীকৃত ও প্রসংশিত সে আমাদের দৃষ্টিতেও তত বড় আল্লাহওয়ালা ও বুজুর্গ। অথচ কোরআনের সুস্পষ্ট বক্তব্য হল, ইহুদি নাসারাদের আনুগত্য করা ব্যতীত কিছুতেই তারা আপনার প্রতি সন্তুষ্ট হবে না। হাদীসের বক্তব্য হল, যে ব্যক্তি রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের আদর্শের যে পরিমাণ নিকটবর্তী হবে তার উপর সেই পরিমাণ বিপদ আপদ আসবে।

عن مصعب بن سعد عن أبيه قال قلت يا رسول الله : أي الناس أشد بلاء ؟ قال الأنبياء ثم الأمثل فالأمثل، يبتلى الرجل على حسب دينه؛ فإن كان دينه صلبا اشتد بلاؤه، وإن كان في دينه رقة ابتلي على قدر دينه، فما يبرح البلاء بالعبد حتى يتركه يمشي على الأرض ما عليه خطيئة . قال أبو عيسى هذا حديث حسن صحيح. سنن الترمذي، ٤٠٦\٤ ابواب الزهد، باب ما جاء في الصبر على البلاء

والحديث أخرجه الإمام أحمد في مسنده أيضا بإسناد حسن، كما قاله الشيخ شعيب الأرنؤوط.

আসলে এখানে প্রশ্নকারী নিজের অপরাধ ঢাকার অপচেষ্টা করেছেন। ধুরন্ধর অপরাধীদের একটা অপকৌশল প্রয়োগ করেছেন। ধূর্ত অপরাধীরা অপরাধ করে আগে আগে প্রতিপক্ষের উপর সেই অপরাধের দায় চাপিয়ে দেয়। যাতে সাধু প্রতিপক্ষ আত্মরক্ষার চেষ্টায় ব্যস্ত হয়ে তার প্রতি অপরাধের অভিযোগ উত্থাপনেরই সুযোগ না পায়। এজন্য কোরআন হাদীসের যেই সঠিক ব্যাখ্যার কারণে অমুসলিমরা মুসলামনদের প্রতি বিদ্বেষী হয়, সেই ব্যাখ্যাকে প্রশ্নকারী অপব্যাখ্যা বলছেন। অথচ বাস্তবতা হল, মুজাহিদরা কোরআন হাদীসের জিহাদ সংক্রান্ত নুসূসগুলোর যেই ব্যাখ্যা দিয়ে জিহাদ চালিয়ে যাচ্ছেন, তা-ই উক্ত নসগুলোর সঠিক ব্যাখ্যা। পক্ষান্তরে যারা পশ্চিমাদের দৃষ্টিতে মডারেট মুসলিম; পশ্চিমাদের অপব্যাখ্যা অনুসারে ইসলাম পালন করেন এবং বিশেষ করে জিহাদ সংক্রান্ত নসগুলো বিকৃত করে জিহাদ বাদ দিয়ে অন্য সব ক্ষেত্রে প্রয়োগ করেন, তাদের প্রতি তো অমুসলিমরা

বেজায় খুশি। কারণ কোরআন হাদীসের সঠিক ব্যাখ্যাই তো তাদের অসন্তুষ্টি ও বিদ্বেষের কারণ। সুতরাং কোরআন হাদীসের 'অপব্যাখ্যার' প্রতি প্রশ্নকারী তার যে অন্তর্জ্বালা প্রকাশ করেছেন, তা বুঝতে কারো অসুবিধা হওয়ার কথা নয়। আসলে এ অংশটা মনে হয় প্রশ্নকারীর মুখ ফসকে তার ভিতরটা খুলে দিয়েছে। কিন্তু তাতে যে তার থলের বিড়াল বেরিয়ে পড়েছে, তা হয়তো তিনি ঠাওর করতে পারেননি।

তিন. প্রশ্নের তৃতীয়াংশে বলা হয়েছে– "অতএব ধর্মের নামে এই ধরনের সন্ত্রাসসৃষ্টি এবং বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় ইসলামের ভূমিকা কী এবং কুরআন ও হাদীসে এ ব্যাপারে কী নির্দেশনা রয়েছে, তা পরিষ্কারভাবে জানতে চাই"।

এটা প্রশ্নের মূল অংশ। আগের দুটি অংশ ছিল ভূমিকার মতো। যদিও ভূমিকার সঙ্গে প্রশ্নের তেমন কোনো সম্পর্ক নেই। এখানে যেই বাক্যশৈলী ব্যবহার করা হয়েছে, তাতে মনে হচ্ছে অংশ তিনটির পরস্পর সম্পর্ক মানতেকের পরিভাষায় 'সুগরা' 'কুবরা' ও 'নতীজা'র সম্পর্ক। অথচ আদৌ অংশ তিনটির মাঝে এমন কোনো সম্পর্ক নেই। এরপর বলা হয়েছে– 'এ ধরনের সন্ত্রাস সৃষ্টি'। অথচ সন্ত্রাস সৃষ্টির কোনো ধরনই উপরে আলোচিত হয়নি।

চার. প্রশ্নের শুরু থেকে শেষ পর্যন্ত কোথাও সুনির্দিষ্ট কোনো দল বা ব্যক্তির কথা উল্লেখ করা হয়নি; বরং কিছু বিশেষণ উল্লেখ করা হয়েছে। বিশেষণগুলো হল সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা।

অভিধানে কিংবা সামাজিক প্রচলনে শব্দগুলোর বিশেষ অর্থ থাকলেও নাইন ইলিভেনের পর জাতীয় ও আন্তর্জাতিক হলুদ মিডিয়ার বদৌলতে শব্দগুলোর ব্যবহার ও প্রয়োগক্ষেত্রে নতুন মাত্রা যোগ হয়েছে। এখন সন্ত্রাস, জঙ্গিবাদ ও চরমপন্থা বলতে ঐসকল লোকদের বোঝানো হয়, যারা ইসলামী খেলাফত প্রতিষ্ঠা ও জিহাদের নামে সশস্ত্র আন্দোলন করেন কিংবা তাদেরকে সমর্থন করেন। বিশেষ করে ইসলামের সঙ্গে যোগ করে যখন শব্দগুলো ব্যবহার করা হয়, তখন তো একমাত্র তাদেরকেই বোঝানো হয়। জাতীয় ও আন্তর্জাতিক অঙ্গন, গণমাধ্যম ও মুসলিম অমুসলিম সকল রাজনৈতিক নেতার মুখে এখন শব্দগুলো একমাত্র এই অর্থেই ব্যবহৃত হয়।

প্রশ্নকারী এই প্রেক্ষাপট ও পরিস্থিতির সুযোগ গ্রহণ করেই উক্ত বিশেষণগুলো ব্যবহার করেছেন। যাতে সবাই বোঝে, প্রশ্নটি মূলত সশস্ত্র জিহাদের সঙ্গে জড়িত সকল মুসলমান সম্পর্কে করা হয়েছে এবং এর উত্তরে

যা বলা হবে, তা তাদের সম্পর্কেই বলা হবে। একই সঙ্গে শব্দগুলোর আরেকটি আভিধানিক অর্থও যেহেতু আছে, যা প্রকৃতই খারাপ ও গর্হিত মানুষের বিশেষণ, তাই এগুলো ব্যবহার করে মুনাফিকানা ছিদ্রপথগুলোও খোলা রাখা হয়েছে। যাতে কেউ সুনির্দিষ্ট প্রশ্ন করলে ফসকে যাওয়ার সুযোগ থাকে। কেউ যদি বলে আপনারা কি বর্তমান প্রচলিত জিহাদ, মুজাহিদ, তালেবান কিংবা আলকায়েদা সম্পর্কে জানতে চেয়েছেন? বা তাদের বিরুদ্ধে ফাতওয়া দিয়েছেন? তখন যেন বলা যায়, না; আমরা তো সন্ত্রাস জঙ্গিবাদ ও চরমপন্থার বিরুদ্ধে ফাতওয়া দিয়েছি।

ইতিমধ্যে এমন ঘটনা ঘটেও গেছে। এক ভাই প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট একজনকে যখন বললেন, আপনারা তো ঢালাওভাবে জিহাদের বিরুদ্ধে ফাতওয়া জারি করলেন। দুনিয়াতে কি তাহলে এমন কোনো ব্যক্তি বা দল নেই, যারা সত্যিকার অর্থে জিহাদ করছেন?

তাহলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে বলেছেন–

عن جابر بن عبد الله يقول سمعت النبي صلى الله عليه وسلم يقول لا تزال طائفة من أمتي يقاتلون على الحق ظاهرين إلى يوم القيامة قال فينزل عيسى ابن مريم صلى الله عليه وسلم فيقول أميرهم تعال صل لنا فيقول لا إن بعضكم على بعض أمراء تكرمة الله هذه الأمة. صحيح مسلم. النسخة الهندية ١/ ٨٧

সর্বদা আমার উম্মতের একটি দল হকের উপর প্রতিষ্ঠিত থেকে কিয়ামত পর্যন্ত আল্লাহর পথে কিতাল করবে... – এই হাদীসের কী অর্থ? উত্তরে তিনি বলেছিলেন, কই; আমরা তো জিহাদের বিরুদ্ধে কিছু বলিনি!

উত্তরপর্যালোচনা

আমাদের হাতে দেশ বিদেশের প্রসিদ্ধ কয়েকটি দারুল ইফতার ফাতওয়া আছে। কলেবরে কিছু বেশ-কম হলেও সবগুলো ফাতওয়ার সারমর্ম প্রায় একই। আগা গোড়া কোরআন হাদীসের নিরাপত্তা বিষয়ক নসগুলোর তরজমা করে দেয়া হয়েছে। একটি ফাতওয়া কলেবরে অন্যগুলো অপেক্ষা ছোট হলেও বিষয়বস্তুর বিচারে একটু সমৃদ্ধ। আমরা এখানে সেই ফাতওয়াটি ভাষাগত ত্রুটি-বিচ্যুতিসহ হুবহু তুলে ধরছি।

"উত্তর: الجواب باسم ملهم الصدق والصواب

আল্লাহ তা'য়ালা শুধু মানুষের স্রষ্টাই নন বিধাতা ও বটেন। তিনি যেভাবে মানব জাতিকে সৃষ্টি করেছেন তেমনি তাদের সুখ-শান্তি, সফলতা আর নিরাপত্তার বিধানও জারী করেছেন। ইসলামই হচ্ছে ঐ বিধান যা পৃথিবীর সকল যুলুম-নির্যাতন অরাজকতা আর বিশৃংখলা দুর করে প্রশান্তি, সৌহার্দ আর ভ্রাতৃত্বের পরিবেশ গড়ে তুলতে পারে। ইসলামের চার খলিফার যুগ এর উজ্জল দৃষ্টান্ত। মহান সৃষ্টি কর্তা প্রদত্ব পবিত্র জীবন বিধান ইসলাম থেকে দুরে সরে যাওয়ার কারণেই মূলত আজ সারা বিশ্ব অশান্ত হয়ে উঠেছে।

পবিত্র কোরআন সুন্নাহর ভাষ্য মতে পৃথিবীতে শান্তি ফিরিয়ে আনতে শেষ যামানায় হযরত মাহ্দী এবং হযরত ঈসা ইবনে মারইয়াম (আঃ) আগমন করবেন। তাঁদের প্রচেষ্টায় ইসলাম দুনিয়া ব্যাপী পুনঃ প্রতিষ্ঠিত হবে। পবিত্র জিহাদের ঝান্ডা উড়িয়ে তাঁরা চির বিদায় করবেন যালিমদের সকল তন্ত্র-মন্ত্র।

ইসলামের দুশমনদের মনে ভর করেছে আজ তাদের শেষ পরিণতির এই ভয়। তাই পবিত্র জিহাদের বদনাম করতে তারা গঠন করেছে বিভিন্ন জঙ্গি সংগঠন।

ইসলামের নাম ব্যাবহার করে ওরা বিশ্বের দেশে দেশে নিরিহ নাগরিকদের খুন ঝরাচ্ছে। অথচ শান্তির ধর্ম ইসলামের সাথে এর কোন ও সম্পর্ক নেই"।

এক. ভাষাগত বিচ্যুতিগুলো আমরা আলোচনা করব না। এই পর্যায়ের একটি আন্তর্জাতিক বিষয়ে ফাতওয়ার ভাষাগত মান কী হওয়া দরকার এবং কী হয়েছে তার বিচারের ভার পাঠকের উপর ছেড়ে দিলাম।

দুই. ফাতওয়ার সর্বস্বীকৃত একটি নীতি হল, প্রশ্নটি স্পষ্ট হতে হবে। যদি প্রশ্নে কোনো অস্পষ্টতা থাকে তবে উত্তরের পূর্বে প্রশ্নকারীর সঙ্গে কথা বলে প্রশ্ন পরিষ্কার করে নিতে হবে। প্রয়োজনে প্রশ্ন ফেরত দিয়ে পুনরায় স্পষ্ট বিবরণ লিখিয়ে নিতে হবে। অথবা তার অনুমতি নিয়ে মুফতী সাহেব নিজে প্রয়োজনীয় বিশ্লেষণ লিখে প্রশ্নের সঙ্গে যুক্ত করে দিবেন। কিংবা উত্তরের শুরুতে এভাবে বিশ্লেষণ যোগ করে উত্তর লিখবেন যে, প্রশ্নকারীর বিবরণ অনুযায়ী এই তথ্যগুলো উঠে এসেছে। তা যদি বাস্তব হয় তবে উত্তর এই...। বিষয়টি খুবই সংক্ষেপে তুলে ধরলাম। বিস্তারিত জানতে চাইলে দেখুন উসূলুল ইফতা, শাইখুল ইসলাম আল্লামা তকি উসমানী দা. বা. মাকতাবাতুস আযহার, বাংলাদেশ, পৃ. ৫৯৫-৫৯৭

এবার চিন্তা করে দেখুন! সাধারণ ছোট একটি ব্যক্তিগত ফাতওয়ার জন্য প্রশ্নটি সুস্পষ্ট ও সুনির্দিষ্ট করা যদি এত প্রয়োজনীয় হয়, তাহলে যে বিষয়টি গোটা মুসলিম জাতির অস্তিত্বের সঙ্গে সম্পৃক্ত, যা বর্তমান বিশ্বের রাজনৈতিক ও ধর্মীয় বিচারে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, তাতে এমন অস্পষ্ট ও গোলমেলে একটা প্রশ্নের উত্তরে ঝট করে এভাবে প্রশ্নের মতোই অস্পষ্ট একটি ফাতওয়া দিয়ে দেয়া কত জঘন্য ও অজ্ঞতাপূর্ণ কাজ এবং ইলমে দ্বীনের সঙ্গে কতবড় খেয়ানত !

তিন. আরেকটি নীতি আলোচনা করতে গিয়ে আল্লামা তকি উসমানি (দা.বা.) বলেন, ফাতওয়া শুধু সংশ্লিষ্ট বিধান ও তার ফিকহি দলীল বর্ণনার উপর সীমিত থাকতে হবে। তাতে আবেগ উচ্ছ্বাস সাময়িক ক্রোধ ও স্তুতি-প্রসংশার কিছু থাকতে পারবে না। একই সঙ্গে তা অপ্রয়োজনীয় ও বিরক্তিকর বিশ্লেষণ এবং এমন সংক্ষিপ্ততা থেকেও মুক্ত হতে হবে, যা অস্পষ্টতা তৈরি করে। ফাতওয়ায় অপ্রয়োজনীয় একটি শব্দও থাকতে পারবে না; থাকতে পারবে না কোনো লম্বা ভূমিকা কিংবা আসরার-হিকাম ও রায-রহস্যের বর্ণনা। পক্ষান্তরে প্রশ্নটি যদি বড় কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে হয়, তাহলে সেখানে নিয়ম হল কথা দীর্ঘ ও বিশ্লেষণধর্মী করা। সহজ ভাষায় সুন্দর করে সংশ্লিষ্ট সবগুলো দিক খুলে খুলে বুঝিয়ে দেয়া।

-উসূলুল ইফতা, মাকতাবাতুস আযহার, বাংলাদেশ, পৃ. ৬০৮ (সংক্ষেপিত)

ফাতওয়ার এই নীতির আলোকে গোটা মুসলিম মিল্লাতের সঙ্গে সম্পৃক্ত এই ফাতওয়াটি কেমন হওয়া প্রয়োজন ছিল এবং কেমন হয়েছে, তা বোঝার জন্য মনে হয় আলেম হওয়ারও প্রয়োজন নেই। তাই এখানে আমরা কোনো প্রকার মন্তব্য থেকে বিরত থাকলাম।

চার. প্রশ্নে একটি ঘোলাটে আবহ তৈরি করে জিহাদকে সন্ত্রাস ও চরমপন্থা আখ্যা দিয়ে জানতে চাওয়া হয়েছে, সন্ত্রাসী কর্মকাণ্ড করা এবং মানবসমাজের নিরাপত্তা বিঘ্নিত করার অবকাশ ইসলামী শরীয়তে আছে কি না? উত্তরে বিজ্ঞ মুফতী সাহেবরা কোরআন হাদীস খুলে ইসলামের নিরাপত্তা বিধানের অনেকগুলো আয়াত ও হাদীস লিখে দিলেন।

আমাদের প্রশ্ন হল, ইসলাম যে নিরাপত্তা ও শান্তির ধর্ম তা কে না জানে। অজপাড়াগাঁয়ের মূর্খ একজন সাধারণ মুসলমান থেকে বর্তমান মুসলিম জাতির সবচেয়ে বড় মানবশত্রু ওবামা-নিয়াহু পর্যন্ত যাকেই প্রশ্ন করবেন সবাই নির্দ্বিধায় বলে দিবে, হাঁ অবশ্যই ইসলাম নিরাপত্তার ধর্ম। তাহলে এটা প্রমাণ

করার জন্য কেন বড় বড় দারুল ইফতার মুফতী সীল লাগিয়ে এক লক্ষ আলেমের ফাতওয়া দিতে হবে? কেন তাদের এত কাগজ কলমে কোরবানি করতে হবে? তারা এতটুকুও বুঝতে সক্ষম হলেন না যে, এই ফাতওয়াটি ইসলামের সত্যিকার জিহাদের বিরুদ্ধে ব্যবহার করা হবে? মনে হচ্ছে তাদেরকে যদি কোনো মুনাফিক জিজ্ঞাসা করে, বদর প্রান্তরে; বনু কোরায়াযার এলাকায় যে নিষ্ঠুর সন্ত্রাস, হত্যাকাণ্ড ও ধ্বংসযজ্ঞ চালানো হয়েছে, তার সম্পর্কে ইসলাম কী বলে? উত্তরে তারা হয়তো অনায়াসেই ফাতওয়া দিয়ে দিবেন, না এমন সন্ত্রাসি কর্মকাণ্ড ও হত্যাযজ্ঞ ইসলাম সমর্থন করে না। কারণ কোরআন হাদীসের অনেক জায়গায় অন্যায় হত্যাকাণ্ড ও ধ্বংসযজ্ঞ চালাতে নিষেধ করা হয়েছে। সুতরাং এর সঙ্গে ইসলামের কোনো সম্পর্ক নেই। নাউযুবিল্লাহ। কারণ এখানেও বড় একট ফাঁকা আছে। প্রশ্নকারী বলবে আমি কাফের কর্তৃক হাত্যাকাণ্ড ও ধ্বংসযজ্ঞের কথা জিজ্ঞেস করেছি। ফাতওয়া প্রদানকারীরা বলবে, আমি তো রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কর্ম সম্পর্কে কিছু বলিনি; অন্যায় হত্যা ও জুলুম সম্পর্কে বলেছি।

পাঁচ. আমাদের জানামতে বর্তমান বিশ্বে ইসলামের নামে যেসব মুসলমান জিহাদ করছেন (যারা মুসলমানই নয়, যেমন হুথি শিয়া (মূল আরবী শব্দ حوثي), হিযবুল্লাত (হিযবুল্লাহ), রাফেযী, কুর্দী, নুসাইরি ইত্যাদি তাদের আলোচনা বাদ) কয়েকটি ব্যতিক্রম বাদে তারা মৌলিকভাবে দুটি শিবিরে বিভক্ত; যদিও তাদের আঞ্চলিক ও শাখাগত নাম ভিন্ন ভিন্ন। একটি আলকায়েদা-তালেবান, আরেকটি আইএস। অধিকাংশই আলকায়েদা-তালেবানের সঙ্গে এবং অল্পকিছু আইএসের সঙ্গে সম্পৃক্ত। সুতরাং ফাতওয়াদাতাদের বাস্তবেই যদি ইসলাম ও মুসলমানদের প্রতি এত দরদ থাকত, সৎ সাহস থাকত এবং তারা সত্য প্রকাশ করে মুসলিম উম্মাহর দিকনির্দেশনায় আগ্রহী হতেন, তবে তারা পরিষ্কার আই এস কিংবা আলকায়েদা অথবা তাদের অন্য কোনো অঙ্গসংগঠনের কার্যকলাপ সম্পর্কে; মুসলমানদের দুশমন পশ্চিমা হলুদ মিডিয়ার তথ্যে নির্ভর না করে; বাস্তব তথ্য উপাত্ত সংগ্রহ করে সুনির্দিষ্টভাবে নাম নিয়ে পরিষ্কার করে বলতে পারতেন, তাদের কর্মকাণ্ড ঠিক কিংবা ঠিক নয়; তাদের কর্মকান্ডের এই অংশ ঠিক ঐ অংশ সংশোধনযোগ্য ইত্যাদি। কিন্তু তা না করে এমন স্পর্শকাতর একটি বিষয়ে প্রশ্নের মতোই ঘোলমোল ও অস্পষ্ট একটা আন্দাযনির্ভর উত্তর তারা কিভাবে দিলেন?

ছয়. উত্তর থেকে পরিষ্কার সবাই বুঝবে, বর্তমান বিশ্বে জিহাদের নামে যা চলছে সবই সন্ত্রাস, অন্যায় ও ভ্রান্ত। কোনো জিহাদি সংগঠনই হকের উপর নেই। কারণ ফাতওয়াটিতে কাউকেই স্বীকার করা হয়নি; ঢালাওভাবে সবগুলোকেই প্রত্যাখ্যান করা হয়েছে। তাহলে কী বলবেন তারা সে হাদীস সম্পর্কে, যেখানে রাসূলে কারীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

لا تزال طائفة من أمتي يقاتلون على الحق ظاهرين إلى يوم القيامة قال فينزل عيسى ابن مريم صلى الله عليه وسلم فيقول أميرهم تعال صل لنا فيقول لا إن بعضكم على بعض أمراء تكرمة الله هذه الأمة. (صحيح مسلم -النسخة الهندية- ١/ ٨٧).

لن يبرح هذا الدين قائما يقاتل عليه عصابة من المسلمين حتى تقوم الساعة. (صحيح مسلم -النسخة الهندية- ١/ ٨٧).

সাত. সবচেয়ে বড় দুঃখের বিষয় হল, যেখানে হযরত ঈসা আ.-এর আগমনের কথা আছে, সেখানে তো একথাও আছে যে, তিনি একটি জিহাদি দলের সঙ্গে যুক্ত হবেন, যেই দলটি সর্বদা হকের উপর প্রতিষ্ঠিত থেকে জিহাদ চালিয়ে যাবে। অথচ সেই হাদীসটি ব্যবহার করেই বর্তমান দুনিয়ায় জিহাদরত কোনো হক দলের অস্তিত্ব সম্পূর্ণ অস্বীকার করা হয়েছে। ইলমের সঙ্গে এর চেয়ে বড় প্রতারণা এবং হাদীসের এর চেয়ে মারাত্মক তাহরীফ আর কী হতে পারে আমাদের জানা নেই। এতো ঠিক সেই ইহুদি পাদ্রীদের ঘটনার পুনরাবৃত্তি, যারা আয়াতের একাংশ হাত দিয়ে ঢেকে রেখে আগে পরে পড়ে যাচ্ছিল।

আট. এভাবে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ ইত্যাদি বলে ঢালাওভাবে ইসলামের জিহাদ ও মুজাহিদদের বিরুদ্ধাচরণে অবতীর্ণ প্রশ্নকারী ও উত্তরদাতা মুফতীদের মাঝে এবং বর্তমান বিশ্বের ইহুদী-খ্রিস্টানদের জিহাদ বিরুধিতার মাঝে কি পার্থক্য?

নয়. ফাতওয়াটিতে বলা হয়েছে- ইসলাম সকল জুলুম অত্যাচার ও অরাজকতা দূর করে শান্তি প্রতিষ্ঠা করতে পারে। যেমনটি ইসলামের চার খলিফার যুগে হয়েছে।

প্রশ্ন হল, যারা ফাতওয়া দিয়েছেন তারা কি জানেন না, ইসলামের চার খলিফা জুলুম অত্যাচার দূর করার জন্য জিহাদ করেছেন? তাদের যুগে যেই অন্যায় অনাচার জুলুম অত্যাচার ছিল এখন কি তা হাজার গুন বেশী নয়?

তাহলে বর্তমানেও যে এসব অন্যায় অনাচার দমন করার জন্য জিহাদ প্রয়োজন – একথাটি তারা একবারও উচ্চারণ করার সাহস করলেন না কেন? তাহলে কি আমারা মনে করব– তাদের দৃষ্টিতে চার খলীফার জিহাদের সঙ্গেও ইসলামের কোনো সম্পর্ক ছিল না?

দশ. এই মুফতী সাহেবদের দৃষ্টিতে যারা "ইসলামের নাম ব্যাবহার করে ওরা বিশ্বের দেশে দেশে নিরীহ নাগরিকদের খুন ঝরাচ্ছে" তাদের দমন ও প্রতিরোধ করার জন্যও তো 'জিহাদের অনুমোদন' দেয়া দরকার। সাহস করে অন্তত এতটুকুর অনুমোদনও তো তারা দিতে পারতেন। জিহাদের আয়াত ও হাদীসগুলো ঠিকই আরবীতে উল্লেখ করলেন, কিন্তু বাংলায় জিহাদ প্রয়োজন– এ কথাটি কেন একবারও উচ্চারণ করতে পারলেন না?

এগার. আফগানের জিহাদি ইতিহাসের শুরু থেকে আশির দশকে যখন আফগান তালেবান রাশিয়ার সঙ্গে জিহাদ করে, তখন বাংলাদেশসহ দলমত নির্বিশেষে বিশ্বের সকল উলামায়ে কেরাম তাদের নিরঙ্কুশ সমর্থন জানিয়েছেন এবং সাধ্যমতো তাদের সর্বাত্মক সহযোগিতাও করেছেন। ১৯৯৬/১৯৯৭ ইং সনে যখন তালেবান মুজাহিদরা রাজধানী কাবুলসহ আফগানিস্তানের সিংহভাগ দখল করে তখন সৌদিআরব, পাকিস্তান ও আরব আমিরাত তাদেরকে কূটনৈতিক স্বীকৃতি পর্যন্ত প্রদান করে। বাংলাদেশেসহ বিশ্বের অনেক আলেম, গবেষক তাদের পক্ষে লেখালেখি করেন এবং সভা সেমিনার ইত্যাদির মাধ্যমে মুসলমানদেরকে তাদেও সাহায্যে এগিয়ে আসার আহবান জানান। মাসিক জাগো মুজাহিদ, মাসিক রহমত, সাপ্তাহিক মুসলিম জাহান ও ইনকিলাব ইত্তেফাকের মতো জাতীয় দৈনিকসহ বিভিন্ন গণমাধ্যমে তা ফলাও করে প্রচারিত হয়। অনেকে স্বতন্ত্র বইও রচনা করেনে। এ বিষয়ে অনেক তথ্য সংকলন করেছেন মাওলানা উবায়দুর রহমান খান নদভী 'মোল্লা ওমরের আফগানিস্তান: বাংলাদেশ ও তালেবান' গ্রন্থে। প্রকাশক; ইসলামী চেতনা বিকাশের পক্ষে– ফারহাত জাহান সানিয়া, হোলসেলার; কিতাব কেন্দ্র, ৫০ বাংলাবাজার, ঢাকা ১১০০, দ্বিতীয় প্রকাশ; জানুয়ারী ২০০৩ ইং।

আরো দেখুন;

১. আল্লাহর পথের মুজাহিদ, মূল; মুফতী রফী উসমানী, অনুবাদ; আবু উসামা, প্রকাশক; মুমতায লাইব্রেরী, পরিবেশক; মাকতাবাতুল আশরাফ, বাংলাবাজার, ঢাকা। ২. رحلتي إلى أرض الجهاد (দেখে এলাম জিহাদ ভূমি) আল্লামা সুলতান যওক নদভী। ৩. আফগানিস্তানে আমি আল্লাহকে দেখেছি,

মাওলানা উবায়দুর রহমান খান নদভী। ৪. বিন লাদেনের বিশ্বযুদ্ধঃ ঈমানের অগ্নিপরীক্ষা, ৫. আফগান ও তালেবান, এ জেড এ শামসুল আলম। ইত্যাদি

আমাদের প্রশ্ন হল, যেই তালেবান ইতিপূর্বে হকপন্থী মুজাহিদ ছিল, সত্যের উপর অবিচল থেকে আল্লাহর পথে জিহাদ করে আসছিল, যাদের সম্পর্কে নির্ভরযোগ্য কোনো আলেমের দ্বিমত ছিল না; এক কথায় বিষয়টি ছিল ইজমায়ী ও সর্বস্বীকৃত, সেই তালেবান এবং একই মানহাজ ও আকিদা বিশ্বাসে প্রতিষ্ঠিত আলকায়েদা এখন কীভাবে সন্ত্রাসি হয়ে গেল? তাদের কর্মকাণ্ডকে কীভাবে বলা হচ্ছে, ইসলামের সঙ্গে তার কোনো সম্পর্ক নেই?! অথচ তারা তো তাদের আকিদা বিশ্বাস ও মানহাজে মৌলিক কোনো পরিবর্তন আনেনি।

একথা নিশ্চিত ও সর্বস্বীকৃত যে, বর্তমান বিশ্বে সর্বাধিক নির্যাতন ও নিপীড়নের শিকার অমুসলিম কর্তৃক মুসলিম জাতি। এবিষয়ে মুসলিম উম্মাহর কী দায়িত্ব; আলেমদের কী করণীয়? -এবিষয়ে কোনো পদক্ষেপ তো আমরা কাউকে গ্রহণ করতে দেখিনি? কিন্তু যখন কিছু মুসলমান জালিম কাফেরদের অস্ত্রের বিরুদ্ধে অস্ত্র হাতে দাঁড়াল, তখন কেন তা বন্ধ করার জন্য এক লক্ষ আলেমের এই ফাতওয়াপ্রয়াস! তাও আবার সেই জালিম শাসক ও পশ্চিমা কাফেরদেরই তত্ত্বাবধান ও পৃষ্ঠপোষকতায়?! ফরিদ সাহেবদের মতো দরবারি আলেমদের নেতৃত্বে ও নির্দেশে? তিনি কি এখনো বাংলাদেশের আলেমদের নেতৃত্ব দেয়ার মতো যোগ্যতা রাখেন যে, বড় বড় মুফতী সাহেবরা তার অন্ধ অনুসরন করে এভাবে সমর্থন দিয়ে দিলেন?

বিষয়টি স্পষ্ট করার জন্য আমরা এখানে ফরিদ সাহেবের কর্মকান্ড সম্পর্কে সংক্ষিপ্ত কিছু তথ্য তুলে ধরছি। তথ্যগুলো সামনে আসলে আশা করি যে কোনো ঈমানদারের ভিতর থেকেই এই প্রশ্নগুলো জেগে উঠবে।

ক. ফরিদ সাহেব প্রথমে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের দাওয়াতে রাশিয়া গিয়ে তথাকথিত সন্ত্রাসবিরোধী 'আমান কনফারেন্স' এ অংশগ্রহণ করলেন। তারপর তিনি ইন্ডিয়ায় কনফারেন্স করলেন। তারপর একই বিষয়ে বাংলাদেশেও কনফারেন্স করলেন। এক পর্যায়ে একই বিষয়ে ডি এম পি পুলিশের পক্ষ থেকে আয়োজিত এক অনুষ্ঠানে প্রস্তাব করলেন 'ইসলামী জঙ্গিদের' দমন করার জন্য তিনি এক লক্ষ আলেমের দস্তখত নিয়ে ফাতওয়া জারি করবেন। সেখান থেকে এসেই তিনি এই হীনকর্মে লিপ্ত হলেন।

খ. সারাদেশ যখন আল্লাহ, রাসূল ও দ্বীন শরীয়ত নিয়ে ব্যঙ্গকারী নাস্তিক মুরতাদদের বিরুদ্ধে সোচ্চার, এবং তাদের ভাষায় 'অশুভ শক্তি'– হেফাজতে ইসলামের ইমানী আন্দোলনের লংমার্চ প্রতিহত করার জন্য নাস্তিকদের প্রসিদ্ধ আখড়া– ঘাতক দালাল নির্মূল কমিটির হরতালের সঙ্গে অবরোধের ডাক দিয়েছে তখন তিনি জামায়াতবিরোধিতার ছদ্মাবরণে শাহবাগের গণজাগরণ মঞ্চে গিয়ে নর্তকীদের বেষ্টনীতে দাঁড়িয়ে সেই নাস্তিকদের সমর্থন দিয়ে আসলেন। বললেন, মওদূদী সাঈদীরা নাকি রাজিব আসিফ থেকেও জঘন্য ও বড় নাস্তিক। আরো ভয়াবহ বিষয় হল, কোন এক টিভি চ্যানেলের লাইভ ফোনিংয়ে এক ব্যক্তি যখন প্রশ্ন করল যে, এমন আন্দোলনে আপনার সংহতি প্রকাশ করা ঠিক হয়েছে কিনা, তখন তিনি উত্তর দিলেন,– "আমি এই বিষয়ে ইস্তেখারা পর্যন্ত করেছি। এরপরে আমি এতে যাওয়ার সিদ্ধান্ত নিয়েছি এবং এ সিদ্ধান্তটা আমি আমার জন্য ইবাদত বলে মনে করছি।" দেখুন–

https://www.youtube.com/watch?v=fa3JHD5Y7Cg
https://www.youtube.com/watch?v=9HqU4Hru70o
https://www.youtube.com/watch?v=DHkgRN7LUUY

গ. তার প্রতিষ্ঠিত ও পরিচালিত সমাজিক সংগঠন ইসলাহুল মুসলিমিনের অফিসে এখনো একজন রাজনৈতিক নেতার বিশাল ছবি সসম্মানে মাথার উপর ঝুলছে। একসময় তার মাদরাসার বিভিন্ন জায়গায়ও এধরনের বিভিন্ন ছবি প্রদর্শিত ছিল।

ঘ. আমাদের জানামতে ইসলামী কোনো জাতীয় দৈনিক আমাদের দেশে না থাকলেও এ যাবত ইসলামের পক্ষে সবচেয়ে বড় ভূমিকা পালন করে আসছে দৈনিক আমার দেশ এবং দৈনিক ইনকিলাব। কিন্তু তিনি দুটি পত্রিকাকে বলছেন হলুদ মিডিয়া সমৃদ্ধ পত্রিকা। অথচ ইসলাম ও মুসলমানদের শত্রুতায় সিদ্ধহস্ত 'জনকণ্ঠ' সম্পর্কে তার **মন্তব্য, এটি সব আলেমদের 'তেলাওয়াত' করা দরকার।**

ঙ. তার সম্পাদিত পত্রিকা মাসিক পাথেয় থেকে তার প্রচারিত 'ইসলামের' কিছু নমুনা দেখুন-

গাজিপুর চৌরাস্তায় স্থাপিত ভাস্কর্যের পাশ দিয়ে সফররত এক লেখক, শিরকের প্রতীক মূর্তি ও ভাস্কর্যের সৌন্দর্যে আপ্লুত হয়ে লিখছেন– "বাইরে দৃষ্টি রাখতেই বিশাল এক ভাস্কর্য, রাইফেল হাতে অপলকনেত্রে তাকিয়ে আছে শূন্যের দিকে, নিরব সাক্ষী হয়ে আছে মুক্তিযুদ্ধের, স্মরণ করিয়ে দিচ্ছে স্বাধীন

বাংলার স্বাধীন চেতনার বীর বাহাদুর সন্তানদের"। -মাসিক পাথেয়, ডিসেম্বর ২০১৫ ইং, পৃ. ৬।

আরেকজন লিখছেন– "৬ষ্ঠ হিজরীতে অনুষ্ঠিত হুদাইবিয়ার সন্ধি ছিলো মহানবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর বিশ্বভ্রাতৃত্ব স্থাপন প্রজ্ঞার অন্যতম ঘটনা। ভ্রাতৃত্বের বন্ধন ও বন্ধুত্বের সম্পর্ক অক্ষুণ্ন রাখার জন্য তিনি এ সন্ধিতে স্বাক্ষর করে যে দূরদর্শিতার পরিচয় দিয়েছেন তা অবিস্মরণীয়"। -মাসিক পাথেয়, ডিসেম্বর ২০১৫ ইং, পৃ. ২৬।

যেখানে কোরআনে কারীম বলছে –

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَىٰ أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ (٥١)

''হে মুমিনগণ, তোমরা ইহুদী ও খ্রিস্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। আর তোমাদের মধ্য থেকে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, নিশ্চয়ই সে তাদেরই একজন। আল্লাহ জালিম সম্প্রদায়কে পথপ্রদর্শন করেন না।''[৪]

সেখানে কাফেরদের সঙ্গে বন্ধুত্বের চেয়েও গভীর, ভ্রাতৃত্বের সম্পর্ক গড়ার এই জঘন্য অপবাদ খোদ কোরআনের বাহক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্পর্কে! নাউযুবিল্লাহ। এতো শতভাগ ধর্মহীন ধর্মনিরপেক্ষতাবাদিদের কণ্ঠস্বর।

***

(আবু মুহাম্মাদ কৃত পর্যালোচনাটি এখানে শেষ হল)

অতএব সত্য নির্ণয়ের ক্ষেত্রে আল্লাহ ও আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে যে মাপকাঠি দিয়ে গেছেন সে মাপকাঠি অনুযায়ী সত্যকে নির্ণয় করাই বেশি নিরাপদ। কুরআন হাদীসের সঠিক ব্যাখ্যার ক্ষেত্রে আমরা যদি মুফাসসির, মুহাদ্দিস ও মুজতাহিদগণের সম্মিলিত সিদ্ধান্তকে উপেক্ষা করে ব্যক্তিবিশেষ ও প্রতিষ্ঠানবিশেষের অনুসরণকে জরুরী মনে করি,

---

[৪].সূরা মায়েদা- ৫১

তাহলে মনে হয় আমরা পথ হারিয়ে ফেলব। আল্লাহ তাআলা আমাদেরকে ইলমের সঠিক মাপকাঠি ধরে রাখার তাওফীক দান করুন।

২৩. 'মানব কল্যাণের বিপুল আগ্রহে'

মানক কল্যাণের ব্যবস্থাটা নাস্তিক্যবাদের আদলে হয়ে গেল। যার প্রতি বিপুল আগ্রহ কখনো কাম্য হতে পারে না। মানব কল্যাণের জন্য ইসলাম যে ব্যবস্থা দিয়েছিল সেটি গ্রহণ করা ছিল মুসলমানদের দায়িত্ব। যে ব্যবস্থার মাধ্যমে ওমর ইবনুল খাত্তাব রাযিয়াল্লাহু আনহু অর্ধ পৃথিবীর কোটি কোটি মানুষকে ইসলামের শীতল পাটিতে স্থান দিয়েছিলেন। যা জিহাদ ছাড়া কখনো সম্ভব ছিল না। রক্তারক্তি ও কঠোরতা ছাড়া যদি মানব কল্যাণের সহজ আরো কোন পথ থাকত তাহলে সাহাবায়ে কেরাম সে পথটিই গ্রহণ করতেন। জিহাদের মত এমন কঠিন ও কঠোর পথটি ধরতেন না। আল্লাহ তাআলাও এত কঠিন পথ আমাদেরকে দেখাতেন না। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও এত কঠিন পথ মাড়াতেন না। মূসা ইবনে নুসায়ের ও তারিক বিন যিয়াদ যে আফ্রিকা মহাদেশ জয় করে ইউরোপের নাভি পর্যন্ত পৌঁছে গিয়েছিলেন, তার দ্বারা কি মানব কল্যাণ সাধিত হয়নি। মানব কল্যাণের সে পদ্ধতিগুলো কি কঠোরতামুক্ত ও রক্তারক্তি ছাড়া হয়েছিল?

আমরা কোন পথে মানব কল্যাণ খুঁজে চলেছি? ইসলামের এ ইতিহাস কি মুছে দেয়া যাবে? আমরা ব্যক্তিস্বার্থ রক্ষা করার জন্য যে ইসলামের ইতিহাসকে অস্বীকার করার পথ খুঁজে বেড়াচ্ছি তা কি কখনো সম্ভব হবে? আমরা কেন ইসলামের বাস্তবতার যথার্থতাকে তুলে ধরার চেষ্টা করছি না এবং এ পথে অগ্রসর হওয়ার চেষ্ট করছি না?

২৪. 'অনেক স্থানে তারা বিরূপ সমালোচনারও সম্মুখীন হয়েছেন'

এরপরও স্বাক্ষর গ্রহণকারীরা দলিলভিত্তিক আপত্তিগুলোর কোন প্রকার জবাব না দিয়ে স্বাক্ষর গ্রহণের কাজ করেই চলেছে। ভুল প্রকাশ পাওয়ার পরও এবং সে ভুল স্বীকার করে নেয়ার পরও মত পরিবর্তনের প্রয়োজনবোধ করেনি। এ পরিস্থিতি বহু জায়গায় সৃষ্টি হয়েছে। এখানে শুধুমাত্র একটি প্রতিষ্ঠানে সংঘটিত পরিস্থিতি বিস্তারিত তুলে ধরছি।

স্বাক্ষর গ্রহণকারী একটি মাদরাসায় গিয়েছেন। স্বাক্ষর গ্রহণকারীর বয়স ষাটের উর্দ্ধে। কর্তৃপক্ষের বয়স প্রায় পঞ্চাশ। বোঝালেন। মাদরাসা কর্তৃপক্ষ

দু'চারটি প্রশ্ন করে সন্তোষজনক উত্তর পেয়ে বুঝে ফেললেন। তবে শুধু কর্তৃপক্ষ অর্থাৎ প্রধান এবং তাঁর অত্যন্ত আস্থাভাজন একজন এদুজন স্বাক্ষর করলেন। সিনিয়র-জুনিয়র আর কোন উস্তায স্বাক্ষর করেননি। তাঁদের বুঝে আসেনি। একটি মাদরাসা থেকে মাত্র দু'টি স্বাক্ষর পাওয়া গেল। স্বাক্ষর গ্রহণকারী বললেন, কাফিয়া জামাত (৯ম শ্রেণি) থেকে উপরের ছাত্ররা স্বাক্ষর করলেই হবে। যিম্মাদার ছাত্রদের কাছে স্বাক্ষরের জন্য পাঠালেন। মাদরাসা মিশকাত জামাত পর্যন্ত। দুর্ভাগ্যক্রমে মিশকাত, জালালাইন ও শরহে বেকায়ার ছাত্রদের বুঝে আসেনি, তারা ফাতওয়ায় স্বাক্ষর করে মুফতী হওয়ার সুযোগ হাতছাড়া করল। অবশেষে কাফিয়ার ছাত্রদের কাছ থেকে স্বাক্ষর গ্রহণ করা হল।

উস্তাযগণ এবং উপরের জামাতের ছাত্ররা যে কারণে স্বাক্ষর করেনি স্বাক্ষর গ্রহণকারী তার কোন উত্তর দেয়ার প্রয়োজনবোধ করেননি। তার শান্ত্বনা, বড় হুজুর স্বাক্ষর করেছেন, অতএব অন্যরা কেন করেনি তা জানা তার প্রয়োজন নেই। কিন্তু ফাতওয়ার স্বাক্ষর যে বড় হুজুরের অনুসরণ করে করতে হয় না বরং নিজে বুঝে করতে হয় তা হয়ত বোঝার মত বয়স তাদের হয়নি।

যাইহোক সফলতা-বিফলতার দোলাচলে স্বাক্ষর গ্রহণকারী পার্শ্ববর্তী একটি মাদরাসায় গেলেন। দাওরা হাদীস পর্যন্ত মাদরাসা। মুহতামিম একজন তরুণ আলেম। স্বাক্ষর গ্রহণকারী স্বাক্ষরের কাগজ-পত্র মুহতামিমের কাছে পেশ করলেন। স্বাক্ষর সম্পর্কে বলতে গিয়ে শুরুতে এও বললেন, জামাতে কাফিয়া (৯ম শ্রেণি) থেকে উপরের ছাত্ররা স্বাক্ষর করলেও চলবে। মুহতামিম দীর্ঘক্ষণ দেখে চিন্তা ভাবনা করে বললেন, এখানে স্বাক্ষর করলে তো ঈমান থাকবে না। এটি তো সরাসরি জিহাদ বিরোধী একটি ফাতওয়া। স্বাক্ষর গ্রহণকারী যেন বিদ্যুতের শক খেলেন। এরপর দলিল প্রমাণের আলোকে এক ঘন্টা উভয়ের মাঝে এ বিষয়ে কথা হল। স্বাক্ষর গ্রহণকারী ঠান্ডা হয়ে গেলেন।

জবাবের থলি শেষ হয়ে যাওয়ার পর তিনি আপত্তির জবাবের জন্য ফাতওয়ার আয়োজক গোষ্ঠীর সভাপতি মাওলানা ফরীদ উদ্দীন মাসউদের শরণাপন্ন হলেন। তাকে ফোন করলেন। মাওলানা ফরীদ উদ্দীন মাসউদ বার বার আলোচ্য মোহতামিম সাহেবের সঙ্গে কথা বলতে চাইলেন। কিন্তু মুহতামিম বললেন, আমি তার সঙ্গে ফোনে কথা বলব না। প্রয়োজনে সাক্ষাতে কথা বলব। আপনি দলিলগুলো বুঝে নিন, পরে আমাদেরকে বুঝিয়ে দিন।

স্বাক্ষর গ্রহণকারী আয়োজক গোষ্ঠীর সভাপতি ফরীদ উদ্দীন মাসউদের সঙ্গে অনেক্ষণ কথা বললেন। কথা শেষে মাথা নিচু করে বসে থাকলেন। মনে হল কোন উত্তর খুঁজে পাচ্ছেন না। ফোনের মাধ্যমে উত্তর দেয়ার মত কিছু অর্জিত হয়নি। উপস্থিত ছাত্র উস্তায সবাই তাকে ঘিরে বসে আছেন, ভাল কিছু শোনার জন্য। সবাই জানতে চাইলেন, কি পেলেন বলুন? তিনি সহজ সরল উত্তর দিলেন, আমি তো বুঝেছি, কিন্তু আপনাদেরকে বোঝাতে পারবো না। সবাই বলে উঠল, কেন এটা কি খৃস্টানদের ত্রিত্ববাদের মত? যা বোঝা যায় কিন্তু বোঝানো যায় না? তিনি কোন উত্তর দিলেন না।

ইতিমধ্যে সাবেক মাদরাসার সিনিয়র অভিজ্ঞ মুহতামিম যিনি বুঝে শুনে স্বাক্ষর করেছিলেন তিনি ছুটে এসেছেন। কারণ তাঁর সঙ্গে স্বাক্ষরকারীদের দু'য়েকজন এ দ্বিতীয় মজলিসে উপস্থিত থেকে পরিস্থিতি পর্যবেক্ষণ করছিলেন। অবস্থা বেগতিক দেখে বলা যায় দ্বীনী আমানত রক্ষার্থে আলোচ্য সাবেক মাদরাসার মুহতামিম সাহেবকে ফোন করে এ মর্মে অবহিত করেছেন যে, 'স্বাক্ষর তো করেছেন, এখন দেখি স্বাক্ষর করলে সত্যি ঈমান চলে যাবে। বিষয়টা তো ঈমান কুফরের'। যাইহোক সাবেক মুহতামিম সাহেব এসে প্রথমে তাঁর স্বাক্ষরের পক্ষে অবস্থান গ্রহণ করে কিছুক্ষণ মজলিস চালানোর চেষ্টা করেছেন। কিন্তু শেষ পর্যন্ত সম্ভব হয়নি। পুরা মজলিস এ কথার উপরই একমত হয়েছে যে, এ আলোচ্য কাগজে স্বাক্ষর করলে সত্যিই ঈমান চলে যাবে।

এরপর সাক্ষর গ্রহণকারীকে এ বলে বিনীতভাবে অনুরোধ করা হয়েছে যে, আপনার বয়স এখন ষাটের উর্দ্ধে। জীবনে অনেক ভাল কাজ করেছেন। দ্বীন ও ইসলামের জন্য আপনি অনেক ভাল ভাল অবদান রেখেছেন। জীবনের শেষে এসে দয়া করে আপনি এ ঈমান বিধ্বংসী কাজটি করবেন না। আল্লাহর ওয়াস্তে এ মুহূর্তের পর থেকে আর একজন মানুষকেও এখানে স্বাক্ষর করার কথা বলবেন না। দয়া করে এ ভয়ংকর কাজ থেকে বিরত থাকুন। স্বাক্ষর গ্রহণকারী বিনীতভাবে সায় দিয়ে বেরিয়ে গেছেন।

কিন্তু আমরা যতটুকু জানতে পেরেছি, তিনি তার স্বাক্ষর গ্রহণ করা থেকে বিরত হননি। এ ফাতওয়াকে কেন্দ্র করে পরবর্তিতে যা যা হয়েছে সব জায়গায় তাকে আগে আগে দেখা গেছে। এখনো দেখা যাচ্ছে। একটি ইলমী বিষয় এবং দ্বীনী বিষয়ে ভুলের উপর বিরূপ মন্তব্য নিয়ে যতটা মাথাব্যথা

দেখা যাচ্ছে সে বিষয়টি যে ভুল এবং দলিল বিরোধী তা নিয়ে কোন মাথাব্যথা নেই।

ইলমী ও দ্বীনী কোন বিষয়ে কোন সিদ্ধান্ত ভুল ও দলিলশূন্য প্রমাণিত হওয়ার পর সিদ্ধান্তদাতাদের করণীয় কী? এ বিষয়ে ইলম ও শরীয়তের কোন মূলনীতি নেই? আল্লাহ তাআলা আমাদেরকে সহীহ বুঝ দান করুন।

২৫. 'একমাত্র আল্লাহর তাওফীক, তাঁর রহমত এবং নুসরতেই...'

খেয়ানতের চিত্রগুলো সামনে আসলেই নুসরত ও তাওফীকের হাকীকত প্রকাশ পেয়ে যাবে। জিহাদের মত একটি রুকনকে মিটিয়ে দেয়ার জন্য যে অপকর্মের আয়োজন তা আল্লাহর নুসরতে ও তাওফীকে সম্পাদন হয়েছে - এমন কথা বলা বা ধারণা করা কুফর। কুফর ও গুনাহের কাজে আল্লাহ তাআলা ঢিল দেন, নুসরত করেন না এবং তাওফীক দেন না।

২৬. 'জাতিসংঘ'

এ ফাতওয়ার আয়োজক গোষ্ঠী যদি মনে করে থাকে, তারা তাদের এ ফাতওয়াটি কুরআন-হাদীসের দালিলের আলোকে তৈরি করেছে, ইসলাম ও মুসলমানদের জন্য করেছে তাহলে এ ফাতওয়ায় আল্লাহর দুশমনদের, জাতিসংঘের কী কাজ? এবং এ ফাতওয়া নিয়ে তাদের দরবারে কিসের আশায়? নোবেলের আশা করার মত দালালি কি হয়ে গেছে? গিনিস বুকে নাম উঠানোর জন্য তো অনুনয় বিনুনয় চলছে। বাকি অষ্টম আশ্চর্যের খাতায় নাম উঠানোরও চেষ্টা করা যেতে পারে। কারণ স্বজাতির পায়ে এক সঙ্গে একলক্ষ কুঠারাঘাত করার মত আশ্চর্যজনক ঘটনা মনে হয় এর আগে পৃথিবীর বুকে আর কখনো ঘটেনি।

২৭. 'ওআইসি'

ওআইসির সদস্যদের কে কে মুফতী? কী খেতাব পাওয়ার জন্য তাদের শরণাপন্ন হওয়ার আপ্রাণ চেষ্টা চলছে? জিহাদ বিরোধী ফাতওয়ার আয়োজকদের ভাষ্যমতে ওআইসির মহাসচিব ফাতওয়ার আয়োজক কমিটির সভাপতিকে জিজ্ঞেস করেছেন, এ ফাতওয়া বিষয়ে বিশ্বের বড় বড় ইসলামী শিক্ষাকেন্দ্র এবং বড় বড় ইসলামী ব্যক্তিদের সঙ্গে আলোচনা করা হয়েছে কি

না? এ প্রশ্নের জবাবে সভাপতি বলেছেন, বিভিন্ন ধর্মগুরুদের কাছে এর খবর পৌঁছেছে এবং তারা এ ব্যাপারে পজেটিভ মন্তব্য করেছেন। যাদের মধ্যে ভ্যাটিকান সিটির পোপও রয়েছে।

আমাদের মত যারা শুধু ইসলাম সম্পর্কে সামান্য পড়াশোনা করেছে তাদের জন্য এ কথা বোঝা মুশকিল যে, মুসলমানদের একটি ফাতওয়ার মাঝে ইসলামী শিক্ষাকেন্দ্র ও ইসলামী ব্যক্তির পরিবর্তে খৃস্ট ধর্মীয় প্রতিষ্ঠান ও খৃস্ট ধর্মীয় গুরু পোপের সত্যায়নের গুরুত্ব কেন বেশি? এ বিষয়টি তারাই বেশি বোঝার কথা যারা শিশুকালেই মাইকেল মধুসূদন দত্ত ও .... দেরকে গিলে ফেলেছে। সক্রেটিস ও আরাসতুকে গলায় জড়িয়ে নিয়েছে, আইনস্টাইন ও গিরিশ চন্দ্র সেনকে নিজের আইকন বানিয়েছে। পোপ ও দালাইলামার গুরুত্ব কোন অল্প শিক্ষিত মুসলমানের দ্বারা বোঝা সম্ভব নয়!

২৮. 'মহামান্য রাষ্ট্রপতি'

কবি রবীন্দ্রনাথ ঠাকুরের মৃত্যুবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি বলেছে, 'ধর্ম-বর্ণ-দল-মতের উর্দ্ধে উঠে এসে রবীন্দ্রনাথের আদর্শকে বাস্তবায়ন করতে হবে'।

সবার মাঝে প্রসিদ্ধ রবীন্দ্রনাথ হিন্দু, গবেষকদের কাছে সে ব্রাহ্মণ, তার লেখা ও বক্তব্যের আলোকে অত্যাধুনিক অনুসারীরা তাকে নাস্তিক বলতে পছন্দ করে। নাস্তিকতার অগ্রপথিক ও পথপ্রদর্শক হিসাবে তাকে উপস্থাপন করার চেষ্টা হয়। রবীন্দ্রনাথের শত্রু-মিত্র কেউ কখনো তাকে মুসলমান বলে সন্দেহ করেনি। শত্রু-মিত্র সবাই জানে, সে যে ধর্মেরই হোক মুসলমানদের শত্রু হওয়ার ব্যাপারে কোন সন্দেহ নেই।

রাষ্ট্রপতির বক্তব্য হচ্ছে, এ লোকটার আদর্শকে বাস্তবায়ন করতে হবে। তাকে আদর্শ বানাতে হবে। অযথা ব্যাখ্যা করার কোন সুযোগ নেই। রাষ্ট্রপতি ধর্মের উর্দ্ধে উঠে এসে রবীন্দ্রনাথের আদর্শকে বাস্তবায়ন করতে বলছে। এ বক্তব্যের অনুবাদ যদি এভাবে করা হয়, 'রবীন্দ্রনাথের আদর্শ বাস্তবায়ন করতে গিয়ে যদি বর্ণের সঙ্গে টক্কর লেগে যায় তাহলে বর্ণের তোয়াক্কা করা যাবে না, যদি দলের সঙ্গে টক্কর লাগে তাহলে দলের তোয়াক্কা করা যাবে না, মতের সঙ্গে টক্কর লাগলে মতের তোয়াক্কা না করে রাবীন্দ্রনাথের আদর্শকেই প্রাধান্য দিতে হবে, এমনিভাবে রবীন্দ্রনাথের আদর্শের সাথে যদি ধর্মের টক্কর লাগে তাহলে রবীন্দ্রনাথের আদর্শকেই প্রাধান্য দিতে হবে বা দেয়া চাই' -এভাবে তরজমা

করলে কি তরজমাটা ভুল হবে? যদি তরজমা ভুল না হয় তাহলে এ কথা এবং এধরণের অসংখ্য কুফরী কথা বলার পর রাষ্ট্রপতি মুসলমান না মুরতাদ?

যদি মুসলমান হয় তাহলে কীভাবে? আর যদি মুরতাদ হয় তাহলে এমন ব্যক্তির দরবারে মুসলমানদের জিহাদ বিষয়ক একটি ফাতওয়া উপস্থাপন করার উদ্দেশ্য কী? উপস্থাপকরা তার কাছ থেকে কি পেতে চায়? আর এমন ব্যক্তি মুসলমানদের ধারক-বাহক হওয়ার দাবিদারদের মুখে মহামান্য হয় কীভাবে? মান্য ও মহামান্য শব্দগুলোর কি কোন অর্থ নেই? মুসলমানদের মান্য ও মহামান্য কে হবে? কোন মুরতাদ একজন মুসলমানের মান্য ও মহামান্য হওয়ার বৈধ পদ্ধতি কী? কোন অমুসলিম বা মুরতাদকে মান্য বা মহামান্য বানানো বা মনে করা বা মহামান্য বলে প্রকাশ করা কি ঈমান পরিপন্থী নয়? শ্রদ্ধেয় ওলামায়ে কেরাম ও ইলমে ওহীর তালেবানের কাছে আমার এ নিবেদন, আপনারা আল্লাহর ওয়াস্তে বিষয়গুলোকে আর এড়িয়ে যাওয়ার চেষ্টা করবেন না। আবেগ ও শঙ্কাকে এড়িয়ে একটু শরীয়তের উসূলের আলোকে সিদ্ধান্তে পৌঁছার পথে পা বাড়ান। আল্লাহ আমাদেরকে সঠিক গন্তব্যে আশা করি পৌঁছে দেবেন।

২৯. 'মাননীয় প্রধানমন্ত্রীর হস্তে একটি করে কপি অর্পণ করবো ইনশাআল্লাহ'

এখানে মাননীয় প্রধানমন্ত্রী বলতে নিশ্চয় সমাজতন্ত্র (কমিউনিজম-নাস্তিকতানির্ভর মতবাদ), গণতন্ত্র (নাস্তিকতানির্ভর মতবাদ), ধর্মনিরপেক্ষতা (যে কোন ধর্মের পক্ষপাতিত্ব মুক্ত নাস্তিকতানির্ভর মতবাদ), ও জাতিয়তাবাদ (সাম্প্রদায়িকতা) -এ কুফরী মতবাদগুলোর সফল বাস্তবায়ককেই বোঝানো হয়েছে। বাংলাদেশের সংবিধান যেহেতু এ চারটি মূলনীতির উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে সেহেতু মাননীয় প্রধানমন্ত্রী বলতে ঐ ব্যক্তিকেই বোঝানো হয়েছে যে এ চারটি কুফরী মতবাদকে বাস্তবায়ন করার জন্য সংবিধান তৈরি করেছে, বা সংবিধান সংস্কার করেছে এবং তা বাস্তবায়ন করার জন্য সর্বশক্তির আয়োজন করে রেখেছে। এ প্রধানমন্ত্রী নিশ্চয় সে প্রধানমন্ত্রী যে কিছু দিন আগে মুসলমানদরেকে দুর্গা ও সরস্বতী পূজায় অংশগ্রহণ ও সহযোগিতার আহবান জানিয়েছে এবং নিজের দলের মুসলমান (?) কর্মীদের অংশগ্রহণ ও সহযোগিতা নিশ্চিত করেছে। শিরক ও পূজায় অংশগ্রহণ ও

সহযোগিতার আহবান করার পর একজন মুসলমানের (যদি সে আগে থেকে মুসলমান থেকে থাকে) ঈমানের কী অবস্থা হওয়ার কথা?

নিশ্চয় এ প্রধানমন্ত্রীর নেতৃত্বেই প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, পুষ্পার্ঘ্য প্রদান এবং মসজিদে মন্দিরে মোনাজাত ও দোয়া হয়েছে। দেখুন-

'শেকাবহ আগস্ট, শোক, শ্রদ্ধায় বঙ্গবন্ধুকে স্মরণ' শিরোনামে

প্রথমআলো, নিজস্ব প্রতিবেদক, আপডেট: ০২:১৪, আগস্ট ১৬. ২০১৬, প্রিন্ট সংস্করণ

"ঢাকার মতো সারা দেশেই তৃণমূল আওয়ামী লীগ ও বিভিন্ন সংগঠন শ্রদ্ধায় স্মরণ করেছে বঙ্গবন্ধুকে। মসজিদ, মন্দিরসহ ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা করা হয়। বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশন শোক দিবসের অনুষ্ঠানমালা সরাসরি সম্প্রচার করেছে। সংবাদপত্রগুলো বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করেছে।"

প্রশ্ন হচ্ছে, যে ব্যক্তির মাঝে সুনির্দিষ্টভাবে অসংখ্য কুফরী বিদ্যমান রয়েছে সে ব্যক্তি কোন মুসলমানের মাননীয় হয় কীভাবে? একজন মুসলমান কেন কোন অমুসলিমকে মেনে চলবে? আর মুসলমানদের কোন ফাতওয়ার সঙ্গে তার কী সম্পর্ক? মুসলমানদের ধারক-বাহক হওয়ার দাবিদার কেউ যদি কোন অমুসলিমকে নিজের লেখা একটি ফাতওয়া উপহার দেয় তাহলে এর অর্থ কী দাঁড়ায়? এবং এর উদ্দেশ্য কী হতে পারে? নচেৎ যারা কোন ধর্মের পক্ষ গ্রহণ করে না ধর্মের ফাতওয়ায় তাদের কী কাজ?

আরো ভয়ংকর বিষয় হচ্ছে, এমন জঘন্য একটি ক্ষেত্রে 'ইনশাআল্লাহ' এর ব্যবহার। একটু ভয় কেন হয় না। জিদের ফল আসলেই এত নির্মম?

৩০. 'বিবিসি, ভয়েস অব আমেরিকা, দয়া চাপলেসহ ... স্বতঃপ্রনোদিত...সহযোগিতা করেছেন'

ইসলামের একটি বিধান সম্পর্কিত ফতোয়ার ব্যাপারে ইহুদী-খৃস্টান কর্তৃক পরিচালিত সংবাদ মাধ্যমগুলোর এত অগ্রহ কেন? মুসলমানদের কোন কাজের উপর যদি ইহুদী-খৃস্টানসহ অমুসলিমরা সন্তুষ্টি প্রকাশ করে, আগ্রহ দেখায় এবং স্বতঃপ্রণোদিত হয়ে সহযোগিতা করে তাহলে বিষয়টি কি মুসলমানদেরকে ভাবিয়ে তোলার কথা নয়? আল্লাহ তাআলা যখন বলছেন-

وَلَنْ تَرْضَى عَنْكَ الْيَهُودُ وَلَا النَّصَارَى حَتَّى تَتَّبِعَ مِلَّتَهُمْ قُلْ إِنَّ هُدَى اللهِ هُوَ الْهُدَى وَلَئِنِ اتَّبَعْتَ أَهْوَاءَهُمْ بَعْدَ الَّذِي جَاءَكَ مِنَ الْعِلْمِ مَا لَكَ مِنَ اللهِ مِنْ وَلِيٍّ وَلَا نَصِيرٍ. (سورة البقرة ١٢٠).

"আর ইয়াহূদী ও নাসারারা কখনো তোমার প্রতি সন্তুষ্ট হবে না, যতক্ষণ না তুমি তাদের মিল্লাতের অনুসরণ কর। বল, নিশ্চয় আল্লাহর হিদায়াতই হিদায়াত আর যদি তুমি তাদের প্রবৃত্তির অনুসরণ কর তোমার কাছে যে জ্ঞান এসেছে তার পর, তাহলে আল্লাহর বিপরীতে তোমার কোন অভিভাবক ও সাহায্যকারী থাকবে না। -সূরা বাকারা ১২০

তখন এ পরিস্থিতির উপর মুসলমান শঙ্কাবোধ না করে আত্মতৃপ্তি প্রকাশ করে কীভাবে? এ ক্ষেত্রে আত্মতৃপ্তি প্রকাশ করার মানে তো হচ্ছে দ্বীন ও ইসলাম থেকে হাত ধুয়ে বসা। ইসলাম ও মুসলমানদের উপর যুলুম করে করে এভাবে আর কতকাল ইসলামের শত্রুপক্ষের কৃতজ্ঞতা জ্ঞাপন করতে থাকব এবং কৃতজ্ঞতা প্রকাশের ভাষা খুঁজতে থাকব?

৩১. 'সবাইকে আল্লাহ্ পাক নেক বদলা দিন'

এখানে সামান্য আগে উল্লিখিত সংবাদ মাধ্যম ও সংবাদ কর্মীদের জন্যই দোয়া করা হচ্ছে। বলাবাহুল্য, এরা সবাই অমুসলিম। কেউ ঘোষিত, আর কেউ অঘোষিত। অমুসলিমদের জন্য এ দোয়ার হুকুম কী? কিতাবাদিতে দেখা দরকার। কোন অপকর্মের তো নেক বদলা হতে পারে না। ইসলামের বিরুদ্ধে অবস্থান গ্রহণকারীদের জন্য তো আল্লাহর পক্ষ থেকে অভিশাপের ঘোষণা রয়েছে। আর যদি ধরে নেয়া হয় আল্লাহ তাআলা অমুসলিমদেরকে নেক বদলা দেবেন, তাহলে নেক বদলা হতে পারে তাদেরকে ঈমানের দৌলত দান করবেন। কিন্তু তারা ঈমানদার হলে তো এ ফাতওয়ার বিরুদ্ধে অবস্থান গ্রহণ করবে এবং এ ফাতওয়ার বিরুদ্ধে প্রচার শুরু করবে। তখন ফাতওয়ার আয়োজকদের উপায় কি হবে?

আর যদি নেক বদলা দ্বারা উদ্দেশ্য হয়, এ ধরনের অপকর্মের মাঝে আরো বেশি অগ্রসর হওয়া, তাহলে প্রশ্ন আসবে এমন দোয়াকারীর শেষ হাশর কী? অতীত ইতিহাসে এমন দোয়াকারীদের ব্যাপারে কী কী কথা বর্ণিত হয়েছে?

৩২. 'আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের মর্যাদা শীর্ষমার্গে নিয়ে যাবে'

বর্তমানে আন্তর্জাতিক পরিমণ্ডল হচ্ছে কুফরের নিয়ন্ত্রণে। সে পরিমণ্ডলে উচ্চমার্গ অর্জন করার সহজ পথ হচ্ছে কুফরকে আলিঙ্গন করা। ইসলামের কথাকে উপরে রেখে আন্তর্জাতিক পরিমণ্ডলে স্থান করে নেয়া অতীতে কখনো সম্ভব হয়নি, ভাবিষ্যতেও কখনো তার কোন সম্ভাবনা নেই।

তবে আয়োজকরা যেটা চাচ্ছে তা অবশ্য হবে, হওয়া সম্ভব। জিহাদ বিরোধী ফাতওয়ার আয়োজকরা চাচ্ছে, বাংলাদেশের মর্যাদাকে আন্তর্জাতিক পরিমণ্ডলে শীর্ষমার্গে নিয়ে যেতে। এটি একটি যুক্তিসংগত কামনা। আন্তর্জাতিক পরিমণ্ডলের মোড়লরা ইসলামের জিহাদের বিরুদ্ধে প্রকাশ্যে অবস্থান নিয়েছে। জিহাদকে বিভিন্ন উপাধিতে ভূষিত করেছে। ইসলামবিরোধী মোড়লরা জিহাদের বিরুদ্ধে যে অবস্থান নিয়েছে বিশ্বের চামচা দেশগুলো সে অবস্থান নেয়ার ক্ষেত্রে যে যত অগ্রগামী হতে পারবে সেই আন্তর্জাতিক পরিমণ্ডলে তত শীর্ষমার্গে স্থান করে নিতে পারবে।

আর এ প্রতিযোগিতায় বাংলাদেশের ভবিষ্যৎ অবশ্যই অনেক সম্ভাবনাময়। কারণ বিশ্বের প্রতিটি দেশের প্রকাশ্য কুফরী শক্তি বা রাজ শক্তিই জিহাদের বিরুদ্ধে প্রকাশ্য অবস্থান নিয়েছে। আর সাধারণত ওলামায়ে কেরাম ও মুসলিম জনতা নিজেদেরকে তা থেকে বিরত রেখেছে। কিন্তু বাংলাদেশ এক ব্যতিক্রম দেশ যেখানে কুফরী শক্তি ও রাজ শক্তির সঙ্গে সঙ্গে ইসলামের ধারক-বাহক হওয়ার দাবিদাররাও জিহাদের বিরুদ্ধে অবস্থান নিয়েছে। ইসলামের সঙ্গে উপহাসের স্বাক্ষর স্বরূপ জিহাদের সবগুলো আয়াত ও হাদীসকে দুমড়ে মুচড়ে আঁস্তাকুড়ে নিক্ষেপ করার অপচেষ্টা প্রকাশ্যে করা হয়েছে। এতে করে আন্তর্জাতিক পরিমণ্ডল এত বেশি খুশি হয়েছে যার কোন তুলনা হয় না। সুতরাং কুফরী শক্তি কর্তৃক পরিচালিত বিশ্ব দরবারে বাংলাদেশের মর্যাদা উচ্চমার্গে উঠবে -এ কামনা করা খুবই যুক্তিসংগত এবং এটাই এর একমাত্র পদ্ধতি বলা যায়।

৩৩. 'এ ধরনের বড় কাজ আজ পর্যন্ত পৃথিবীর আর কোথাও কখনও হয়েছে...'

আমি জানি। এমন কাজ পৃথিবীর জন্ম থেকে আজ পর্যন্ত কখনও কোথাও হয়নি। এমনটি হওয়া সম্ভবও নয়। কোন জাতি এভাবে তার নিজের পায়ে এক সঙ্গে এক লক্ষ কুড়ালের আঘাত কখনও করেনি। কোন জাতির কর্ণধার হওয়ার দাবিদাররা কখনো এভাবে স্বজাতির শিকড়গুলো এক লক্ষ ছুরি নিয়ে কেটে দেয়নি, দেয়ার চেষ্টা করেনি।

বিশ্ব কুফরীশক্তি ইসলামকে টেররিজম উপাধিতে ভূষিত করে ইসলামের পক্ষের সকল লড়াইকে সন্ত্রাস বলে বিশ্বের নাট্যমঞ্চে মঞ্চস্থ করেছে। ইসলামের জিহাদকে যখন কুফরীশক্তি সন্ত্রাস বলে প্রচার করে আসছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাতাশটি জিহাদকে সন্ত্রাস আখ্যা দিয়ে, রাসূল, রাসূলের সাহাবী, খোলাফায়ে রাশেদীন, ইসলামের ইতিহাসের সকল মুজাহিদ, সালাহুদ্দীন আইয়ূবী, নূরুউদ্দীন জঙ্গী, সুলতান মাহমূদ গজনবী, মুহাম্মদ আল ফাতেহ, সাইয়েদ আহমদ বেরলভী, ইসমাঈল শহীদ, শায়খ আব্দুল্লাহ আযযাম ও শায়খ উসামাসহ ইসলামের ইতিহাসে সকল মুজাহিদকে সন্ত্রাসী আখ্যা দিয়ে চলেছে তখন মুসলমানদের কর্ণধার হওয়ার দাবিদার একটি হতভাগা কাফেলা একই সুরে বিশ্ব কুফরী শক্তির তালে তাল মিলিয়ে ইতিহাস সৃষ্টি করে চলেছে। শত্রুর জন্য এভাবে মাঠ তৈরি করে দেয়ার উদাহরণ আসলেই পৃথিবী কখনো দেখেনি। কুফরীশক্তি শত্রু যদি এরপরও সন্তুষ্ট না হয় তাহলে আর করার কিছু নেই।

শত্রু যে কাজ করতে শত বছর লাগত তা আজ শত বছর এগিয়ে গেছে। পাশাপাশি তা মুসলমানদের ফাতওয়ার মাধ্যমে হয়েছে, অতএব মুসলমানদের পক্ষ থেকে কোন প্রকার আপত্তি উঠারও সুযোগ নেই। ইসলামীশক্তির পক্ষ থেকে কোন প্রকার প্রতিরোধের মুখে পড়ারতো প্রশ্নই আসে না। কুফরীশক্তি মুসলমানদেরকে দমন করে যাবে, নিধন করে যাবে। কোন বাধা নেই। কারণ তারাতো সন্ত্রাস দমন করছে। তাদের ধর্মগুরুর পক্ষ থেকে বাধাতো নেইই; বরং উৎসাহ আছে। মুসলমানদের পক্ষ থেকে প্রতিরোধ করার কোন অধিকার নেই; কারণ তাদের কর্ণধাররা তা করতে নিষেধ করেছেন। মুসলমানদের ধর্মগুরু এক লক্ষ সাহেব বলেছেন, শত্রুর বিরুদ্ধে অস্ত্র ধারণ করা হিংস্রতা, বর্বরতা, নিষ্ঠুরতা। মুসলমানের জন্য এটা মানায় না। মুসলমানদের জন্ম

হয়েছে শত্রুর হাতে মার খেয়ে নিজের টুপি দিয়ে শত্রুর কপালের ঘাম মুছে দেয়ার জন্য। কারণ মুসলমান হচ্ছে জাহেলী যুগের অসহায় কন্যা শিশু। জীবন্ত পুঁতে ফেলার জন্য গর্ত খুঁড়তে গিয়ে ঘাম ঝরলে সে ঘাম কন্যা শিশুটিই মুছে দেবে। কুফরীশক্তি এমন প্রতিপক্ষ পেয়েও যদি কৃতজ্ঞতা আদায় না করে তবে এ শত্রুর মত হতভাগা আর নাই।

৩৪. 'তিন শ্রেণী থেকে আমাদের বাধাগ্রস্ত হতে হয়েছে'

আর সাত শ্রেণীর কাছ থেকে স্বাক্ষর গ্রহণ করা সম্ভব হয়েছে। যথা: (১) মুরতাদ/যিন্দিক/মুলহিদ শ্রেণী। (২) প্রতারিত শ্রেণী। (৩) ভীতু শ্রেণী। (৪) লোভী শ্রেণী। (৫) বেখবর-গাফেল শ্রেণী। (৬) শিশু শ্রেণী। (৭) আল্লাহ ও আল্লাহর রাসূলের বিপরীতে উস্তাদের আদব রক্ষাকারী শ্রেণী।

জিহাদবিরোধী দাজ্জালী এ ফাতওয়ায় যারা স্বাক্ষর করেছে সরেজমিন তদন্ত করে জরিপ চালিয়ে তাদের মাঝে মোট এ সাত শ্রেণীর লোক পাওয়া গেছে। এ সাত শ্রেণীর খবর আমি সরাসরি সংগ্রহ করেছি। এর বাইরে আরো কোন অপদার্থ শ্রেণীও থাকতে পারে, তবে তাদের ব্যাপারে সারাসরি কোন তথ্য আমার কাছে নেই। এ প্রত্যেকটি শ্রেণী সম্পর্কে কিঞ্চিত বিস্তারিত আলোচনা করা যেতে পারে। পাঠকবর্গ একটু ধৈর্যের পরিচয় দিলে স্বাক্ষরকারীদের দল-উপদলের পরিচয় লিখতে ও বলতে আগ্রহবোধ করব।

১) মুরতাদ/যিন্দিক/মুলহিদ শ্রেণী: এ ফাতওয়ায় যারা স্বাক্ষর করেছে তাদের একটি দল হচ্ছে যারা এর মাঝে উল্লিখিত প্রত্যেকটি প্রশ্ন ও উত্তর দেখেছে, বুঝেছে, অনুধাবন ও উপলব্ধি করেছে। এ ফাতওয়ায় স্বাক্ষর করলে ঈমান চলে যাবে এ কথার স্বীকৃতি দিয়েছে, ঈমান না যাওয়ার পক্ষে কোন দলিল দাঁড় করাতে পারেনি। কিন্তু এরপরও এ ফাতওয়ায় স্বাক্ষর করেছে।

এ ফাতওয়ায় যেসব আয়াতের তাহরীফ করা হয়েছে সেসব তাহরীফের সঙ্গে একাত্বতা ঘোষণা করেছে। কুরআনের বিকৃতি কুফর। বনী ইসরাঈলের আহবার ও রুহবান তাহরীফের অপরাধেই কাফের হয়েছে। কুরআনের যে আয়াতটি কারূনের জন্য এসেছে সে আয়াতটিকে ইসলামের নামে যারা জিহাদ করছে তাদের ক্ষেত্রে ব্যবহার করা হয়েছে। যে আয়াতটি ফেরাউনের যাদুকরদের ব্যাপারে এসেছে সে আয়াতকে মুজাহিদদের ক্ষেত্রে প্রয়োগ করা হয়েছে। কুরআনের যে আয়াতে ফিতনা বলে কুফর-শিরককে বুঝানো হয়েছে

সে ফিতনাকে শিরকের বিপরীতে জিহাদী কর্মকাণ্ডের ক্ষেত্রে প্রয়োগ করা হয়েছে। মানসূখ-রহিত আয়াতের বিধানগুলো মুজাহিদগণের কর্মকান্ডের বিরুদ্ধে দলিল হিসাবে উপস্থাপন করা হয়েছে।
আর এগুলোর প্রত্যেকটি কুফর। অতএব এ প্রথম প্রকারের স্বাক্ষরকারী যারা এ সব কিছু দেখে এবং জেনে শুনে স্বাক্ষর করেছে তারা জেনে শুনেই কুফরীর শিকার হয়েছে।

কুরআন ও হাদীসের ভাষ্যে এ কথা স্পষ্ট যে, জিহাদ একটি সদা চলমান বিষয়, কেয়ামত পর্যন্ত যা কখনো বন্ধ হবে না। যা একটি কাফেলা সর্বদা চালিয়ে যাবে। এ ফাতওয়া দাবি করতে চেয়েছে, পৃথিবীতে জিহাদের কোন কাফেলা নেই। জিহাদের নামে যত কাফেলা কাজ করছে তারা সবাই সন্ত্রাসী। এ ফাতওয়ার আলোকে জিহাদের কোন কাফেলার অস্তিত্ব সম্ভব নয়। যা মুতাওয়াতির বিশ্বাসের বিপরীত কুফরী আকীদা। প্রথম প্রকারের স্বাক্ষরকারীরা এ বিষয়টি জেনেই এতে স্বাক্ষর করেছে।
এছাড়া ধর্মনিরপেক্ষতায় বিশ্বাসী একটি জনগোষ্ঠী এ ফাতওয়ায় স্বাক্ষর করেছে, যে ধর্মনিরপেক্ষতা কুফরী মতবাদ হওয়ার বিষয়ে এ পর্যন্ত কারো কোন দ্বিমত হয়নি।

পূজা-পার্বনে মুসলমানরা হিন্দুদেরকে সহযোগিতা করবে এ বিশ্বাস পোষণকারী একটি কাফেলাও এতে স্বাক্ষর করেছে।
অমুসলিমদের সঙ্গে বিদ্বেষ ও শত্রুতা রাখা যাবে না। কুরআনের বিরুদ্ধাচরণ করে হলেও তাদের সঙ্গে ভালবাসা, সৌহার্দ্য, সম্প্রীতি বজায় রাখতে হবে মনে করে এমন একটি দলও এতে স্বাক্ষর করেছে।

এ হিসাবে বোঝা যায় মুরতাদ শ্রেণীর একটি বড় অংশই এ ফাতওয়ায় স্বাক্ষর করেছে। যাদের কারো ঈমান স্বাক্ষর করার আগেই চলে গেছে, আর কারো ঈমান এ ফাতওয়ায় স্বাক্ষর করার কারণে চলে গেছে।
এ ছাড়া পোপ, দালাইলামা, জাতিসংঘ, হাউজ অব কমেন্স ও আমেরিকান কংগ্রেসের সদস্যরাতো আছেই যারা এর প্রতি সমর্থন জানিয়ে স্বাক্ষরের দায়িত্ব আদায় করে ফেলেছে।

২) প্রতারিত শ্রেণী: স্বাক্ষরকারী একাধিক মুফতী ও দারুল ইফতার সঙ্গে যোগাযোগ করে জানা গেছে, তাদেরকে শুধুমাত্র একটি প্রশ্ন দেখানো হয়েছে। বাকি নয়টি প্রশ্নই তাদেরকে দেখানো হয়নি। একটি প্রশ্নের জবাবের উপর

স্বাক্ষর গ্রহণ করে সে স্বাক্ষর প্রকাশ করা হয়েছে দশটি প্রশ্নের জবাবের উপর স্বাক্ষর হিসাবে।

কোন ক্ষেত্রে বোঝানো হয়েছে, এ ফাতওয়া একটি সন্ত্রাসী গোষ্ঠী সম্পর্কে যাদের সঙ্গে জিহাদী কর্মকাণ্ডের কোন সম্পর্ক নেই। এ ফাতওয়া যে পৃথিবীর সকল জিহাদী কর্মকাণ্ডের বিরুদ্ধে তা বুঝতেই দেয়া হয়নি। নাদান মুফতী আর দারুল ইফতাগুলো এভাবেই প্রতারিত হয়ে নিজের অজান্তে এক লক্ষের সারিতে নিজেকে দাঁড় করিয়ে দিয়েছে।

৩) ভীতু শ্রেণী: ঢাকা শহরের স্বাক্ষরকারী কোন কোন গুরুত্বপূর্ণ দারুল ইফতা ও গুরুত্বপূর্ণ মুফতীর সঙ্গে যোগাযোগ করলে তারা বলেছেন, আমাদেরকে স্বাক্ষর করার জন্য বার বার এত বেশি বলা হয়েছে যে, আমরা শঙ্কাবোধ করতে শুরু করেছি না জানি আবার কোন ক্ষতি করার চেষ্টা করে। এতে নিজের ক্ষতির পাশাপাশি মাদরাসারও ক্ষতি হয়ে যেতে পারে। উল্লেখ্য, সেগুলোর একটি মাদরাসার অধিকার নিয়ে দুই পক্ষ মামলার শিকলে আবদ্ধ। আর এ সুযোগটাকেই ফাতওয়ার আয়োজক গোষ্ঠী কাজে লাগানোর চেষ্টা করেছে। বিশেষত প্রায় সকল প্রতিষ্ঠানের পরিচালনা পরিষদের গুরুত্বপূর্ণ পদগুলো ক্ষমতাসীনরা দখল করে রাখার কারণে ভয়ের কারণ শত গুণ বেড়ে গেছে।

৪) লোভী শ্রেণী: মাদরাসার জন্য বিশেষ সহযোগিতা পাওয়া যাবে এমন আশ্বাসের ভিত্তিতে অনেকে স্বাক্ষর করেছে। সরকার পক্ষীয়রা প্রায় জায়গায় এ স্বাক্ষর গ্রহণ করার ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করেছে। এতে করে মাদরাসা কর্তৃপক্ষ যেমন স্বাক্ষর না করলে শঙ্কাবোধ করেছে তেমনিভাবে স্বাক্ষর করলে কিছু পাওয়ার আশাও করেছে। এ ছাড়া কোন কোন জায়গায় সুস্পষ্ট আশ্বাস ও ধমকি দেয়াও হয়েছে। লোভী শ্রেণীকে এরপর তো আর আটকে রাখা যায় না। তারা তাদের ঈমান ঠিক রেখেই ঈমাননাশক ফাতওয়ায় স্বাক্ষর করে দিয়েছে। নাউযুবিল্লাহি মিন যালিক।

৫) বেখবর শ্রেণী: এ বেখবর ও গাফেল শ্রেণী বিভিন্ন পর্বে এ গাফলত ও বেখবরীর শিকার হয়েছে। যথা, এক তরুণ এক মুহতারামের সঙ্গে এ বিষয়ে কথা বলেছেন। তিনি ঢাকার একটি ঐতিহ্যবাহী সেরা মাদরাসার মুহাদ্দিস এবং কয়েক মাদরাসার শায়খুল হাদীস। এক লক্ষ পরিবারের খুব কাছাকাছি অবস্থান। সে তাঁকে জিজ্ঞেস করেছিল, এ ফাতওয়ায় স্বাক্ষর করা কি শুধু

কবীরা গুনাহের বিষয় না ঈমান কুফরের প্রশ্ন? তিনি যেন শক খেলেন। বলে ফেললেন, আমিও তো স্বাক্ষর করেছি।

তরুণ তাঁকে মাসিক পাথেয় পত্রিকার কয়েকটি উদ্ধিতি দিয়ে বিষয়টি তাঁর সামনে তুলে ধরল। তিনি বললেন, আমি তো আসলে বিষয়টি এত গভীরভাবে ভেবে দেখিনি। পাথেয় পত্রিকাও আসলে পড়া হয় না। আরো বলেছেন, আমি ব্যক্তিগতভাবে একটু টার্গেট হয়ে গেছি। অর্থাৎ এ স্বাক্ষর করার মাধ্যমে তিনি টার্গেট হওয়া থেকে নিজেকে বাঁচালেন। বলা হল, শরীয়তের দৃষ্টিতে এ ফাতওয়ায় স্বাক্ষরকারীদের যে হুকুম তা থেকে নিজেকে বাঁচাতে হলে পাল্টা বিবৃতি দিতে হবে। তিনি বললেন, এটা কি সম্ভব? বলা হল, তাহলে আর কী করার আছে? শরীয়ত তো তার গতিতে চলবে।

৬) শিশু শ্রেণী: সচেতন দ্বীনদার শ্রেণী যারা আখেরাতকে বিশ্বাস করে ও ভয় করে তাদের কাছ থেকে স্বাক্ষর পাওয়া যাবে না এ আশঙ্কায় স্বাক্ষর গ্রহণকারীরা প্রচুর পরিমাণে নাবালেগ শিশুদের কাছ থেকে স্বাক্ষর গ্রহণ করেছে। যেমন আগেও উল্লেখ করা হয়েছে যে, ফাতওয়ার আয়োজক গোষ্ঠীর দ্বিতীয় বা তৃতীয় ব্যক্তি হিসাবে যার নাম আসে সে ব্যক্তি একাধিক মাদরাসায় গিয়ে অকপটেই ঘোষণা করে দিয়েছে, কাফিয়া জামাতের (৯ম শ্রেণী) ছাত্ররা স্বাক্ষর করলেও হবে।

কিন্তু ঢাকার একাধিক মাদরাসা থেকে আমি খবর পেয়েছি, সেখানে উপরের জামাতের ছাত্ররা স্বাক্ষর না করার কারণে উর্দ্ধ জামাতের ছাত্রদের কাছ থেকে স্বাক্ষর গ্রহণ করা হয়েছে। ছাত্ররা যখন বুঝতে পারছিল না এটা কি বিষয়ে স্বাক্ষর, তখন তাদেরকে বলা হয়েছে, তোমাদের উস্তায বলেছেন স্বাক্ষর করতে তাই স্বাক্ষর কর। তোমাদের উস্তাযরা তোমাদের চাইতে ভাল বোঝেন।

আমার জরিপ মতে শতকরা পঞ্চাশ থেকে ষাট ভাগ স্বাক্ষর হবে অবুঝ তালেবে ইলমদের। বিষয়টি হচ্ছে আন্তর্জাতিক, বিষয়টি হচ্ছে সর্বোচ্চ পর্যায়ের ইলমী তাহকীকের। স্বাক্ষর চলছে অবুঝ তালেবে ইলমদের, গাইরে মুকাল্লাফ শিশুদের।

কোন কোন মহল থেকে জবাব দেয়া হয়েছে অমুক বড় হুজুর স্বাক্ষর করেছেন, তাহলে আমি স্বাক্ষর করতে সমস্যা কোথায়? এ ফালতু প্রশ্নের জবাব হচ্ছে, সব চাইতে বড় হুজুরতো হচ্ছেন এক লক্ষ সাহেব। এরপর

হেটে হেটে স্বাক্ষর গ্রহণ করার দরকারটা কী? বিশ্বের সেরা বড় হুজুর যখন এর আয়োজক তখন ঐ হুজুরের উদ্ধৃতিতে ষোল কোটি মানুষের পক্ষ থেকে স্বাক্ষর করে দিলেই তো হয়। আর ষোল কোটিই বা কেন সারা বিশ্বের মুসলমানদের পক্ষে স্বাক্ষর করে দিলেই তো হয়। অথবা এ শান্তির পক্ষে তো পৃথিবীর কাফের মুশরিক সবাই, অতএব মনে করলেই হয় যে, এ ফাতওয়ায় বিশ্বের সকল মানুষের স্বাক্ষর রয়েছে। কারণ এর আয়োজক বিশ্বের সেরা হুজুর।

আর যদি স্বাক্ষর করার অর্থ হয়, স্বাক্ষরকারী নিজের তাহকীক অনুযায়ী নিশ্চিত হয়েছে যে, এ ফাতওয়া সঠিক এবং সে ভিত্তিতে স্বাক্ষর করেছে তাহলে এ কথা বলার কোন সুযোগ নেই যে, অমুকে করেছে, আমি করলে সমস্যা কী?

৭) আল্লাহ ও তাঁর রাসূলের বিপরীতে উস্তাযের আদব রক্ষাকারী শ্রেণী: স্বাক্ষরকারীদের এক দলের সঙ্গে আমার কথা হয়েছে। তাদেরকে বিষয়টি বুঝিয়ে বলার পর তারা বহু রকমের দলিল দিয়ে আমাকে বোঝাতে চেষ্টা করেছেন। দলিলের ঝুলি শেষ হয়ে যাওয়ার পর বললেন, আপনি কি আমাকে আমার উস্তাযের বিরুদ্ধে কথা বলতে বলেন? আমি বললাম, উস্তাযের বিরুদ্ধে বলবেন কেন? আমি তো আপনাকে শরীয়তের মাসআলা জিজ্ঞেস করেছি। বললেন, হোক তবু তিনি অনেক বড় মানুষ। বললাম, শরীয়তের যে হুকুম তার ব্যাপারে কী বলা? বললেন, আমরা ছোট মানুষ, এত বড় মাসআলা নিয়ে আমাদের ভাবার প্রয়োজন নেই। বললাম, উস্তাযের বিপরীত অবস্থান এত কঠিন বেয়াদবী বলে মনে হচ্ছে, বুঝে শুনে আল্লাহ ও আল্লাহর রাসূলের বিপরীতে অবস্থান নেয়া সামান্য রকমের বেয়াদবী বলেও মনে হচ্ছে না কেন? বললেন, ঠিক আছে আপনার কথা। তবুও....

৩৫. আমরা জেহাদের বিরুদ্ধে কাজ করছি এই অপবাদ তুলে...

এটা অপবাদ হবে কেন? এ ফাতওয়ার আলোকে জিহাদের কোন অস্তিত্ব বের করে আনা কারো দ্বারা সম্ভব নয়। **এ ফাতওয়ার আয়োজক ও অনুসারীরা অবশ্যই জিহাদের অস্বীকারকারী। কারণ-**

১) বিশ্বের চলমান প্রত্যেকটি জিহাদী কাফেলাকেই সন্ত্রাসী বলা হয়েছে এবং কোন একটি জিহাদী কাফেলাকেও স্বীকৃতি দেয়া হয়নি। যার অনিবার্য ফলাফল পৃথিবী শরয়ী জিহাদ থেকে শূন্য। অথচ সহীহ মুসলিম, সুনানে আবু

দাউদ ইত্যাদি গ্রন্থের সহীহ হাদীস দ্বারা প্রমাণিত, মুজাহিদদের সর্বশেষ কাফেলা দাজ্জালের সঙ্গে যুদ্ধ করা পর্যন্ত একটি তায়েফা আল্লাহর পথে কিতাল-জিহাদ করে যাবে। সুতরাং একটি কাফেলাকেও স্বীকৃতি না দেয়ার অর্থই হচ্ছে শরীয়ত সমর্থিত জিহাদকে অস্বীকার করা।

২) এমন কোন কথাও বলা হয়নি যে, এই এই শর্ত যে কাফেলার মাঝে পাওয়া যাবে সেটি সঠিক জিহাদী কাফেলা। যার অর্থ দাঁড়ায় জিহাদের কোন সঠিক মাপকাঠিও দেয়া হয়নি; বরং জিহাদের নামে যা কিছু চলছে সব কিছুকে সন্ত্রাস বলে আখ্যা দেয়া হয়েছে। যা কোন জিহাদের আস্বীকারকারীই করতে পারে।

৩) এ ফাতওয়ার মধ্যে জিহাদের যে সংজ্ঞা করা হয়েছে তা প্রমাণ করে এরা জিহাদকে অস্বীকার করে। কারণ এ সংজ্ঞার সঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের জীবনের অসংখ্য জিহাদ এবং সকল ফুকাহায়ে কেরামের কৃত জিহাদের সংজ্ঞার সঙ্গে কোন সম্পর্ক নেই। জিহাদের সংজ্ঞার মূল স্তম্ভই হচ্ছে مقاتلة الكفار কাফেরদের সঙ্গে যুদ্ধ করা। আর সীরাত ও ইসলামের ইতিহাসে এ জিহাদই জিহাদ ছিল। এ থেকে বোঝা যায় এ ফাতওয়ার আয়োজকরা সীরাত, ইসলামের ইতিহাস ও ফিকহের পরিভাষায় যা জিহাদ তাকে অস্বীকার করে নতুন কোন কিছুকে জিহাদ বলে চালিয়ে দিতে চায়।

৪) এ আয়োজক গোষ্ঠী বিভিন্ন প্রসঙ্গেই বলেছে, ইসলামে মারামারি নেই রক্তারক্তি নেই। আর মারামারি ও রক্তারক্তি ছাড়া জিহাদের অস্তিত্ব সম্ভব নয়; সুতরাং তারা যে জিহাদকে অস্বীকার করছে এ বিষয়ে সন্দেহ করার কোন সুযোগ নেই।

৫) যে সকল আয়াতকে রহিত করে জিহাদের আয়াত নাযিল হয়েছে সে মানসূখ-রহিত আয়াতগুলোকে এ ফাতওয়ার আয়োজকরা জিহাদের বিরুদ্ধে দলিল হিসাবে উপস্থাপন করেছে। কাফের-মুশরিকদেরকে ক্ষমা করা, তাদেরকে এড়িয়ে যাওয়া বিষয়ক যত আয়াত নাযিল হয়েছে এবং যেসব আয়াতের ব্যাপারে সকল মুফসসিরীনে কেরাম বলতেই থেকেছেন যে, এ আয়াতগুলো জিহাদের আয়াত দ্বারা মানুসুখ-রহিত হয়ে গেছে সেসব আয়াত উল্লেখ করে করে কাফের-মুশরিকদের সঙ্গে ভাল আচরণ করতে হবে বলে প্রমাণ করার চেষ্টা করা হয়েছে। যা থেকে প্রমাণিত হয়, এ ফাতওয়া

জিহাদের বিরোধিতার জন্যই তৈরি করা হয়েছে। কারণ মানসূখ আয়াতকে দলিল হিসাবে উপস্থাপন করার অর্থই হচ্ছে নাসেখ আয়াতের হুকুমকে অস্বীকার করা।

কেউ যদি মদের হুকুম বয়ান করার জন্য

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَقْرَبُوا الصَّلَاةَ وَأَنْتُمْ سُكَارَى حَتَّى تَعْلَمُوا مَا تَقُولُونَ

আয়াতটি দিয়ে মদের বৈধতার পক্ষে দলিল দেয়, তাহলে অবশ্যই বলা হবে সে يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَنِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ আয়াতের হুকুমকে অস্বীকার করে। এ বিষয়ে সন্দেহের কোন অবকাশ নেই।

৬) কুরআনের যে আয়াতগুলো কাফের-মুশরিকদের ব্যাপারে অবতীর্ণ হয়েছে সে আয়াতগুলোকে চলমান জিহাদী কাফেলাগুলোর ক্ষেত্রে প্রয়োগ করা হয়েছে। ফেরাউন, কারূন, নমরুদের ব্যাপারে যেসব আয়াত এসেছে সেসব আয়াতকে প্রয়োগ করা হয়েছে সেসব ব্যক্তিদের ক্ষেত্রে যারা ইসলামের নামে জিহাদ করে চলেছে। এ বিষয়গুলো কিসের ইঙ্গিত বহন করে?

৭) কাফের-মুশরিক তথা অমুসলিম গোষ্ঠী যারা আজীবন জিহাদের বিপক্ষে তারা আজ সম্মিলিতভাবে এ ফাতওয়ার পক্ষে। রাসূল ও সাহাবার জিহাদকে যারা সন্ত্রাস বলে তারা সবাই আজ এ ফাতওয়ার পক্ষে। খৃস্টান ধর্মগুরু পোপ এ ফাতওয়ার পক্ষে। বৌদ্ধদের ধর্মগুরু দালাইলামা এ ফাতওয়ার পক্ষে। এরপরও কি বুঝতে বাকি আছে যে, এ ফাতওয়া জিহাদের বিরুদ্ধে এবং এর মাধ্যমে জিহাদকে অস্বীকার করা হয়েছে।

৮) এ ফাতওয়ার অনুসারীদের জন্য জিহাদের বাস্তবমুখী কোন রূপ দাঁড় করানো সম্ভব নয়। যার অনিবার্য ফলাফল জিহাদকে অস্বীকার করা।

১০) এ ফাতওয়ার আয়োজকরা ভূখন্ডের জন্য এবং ভাষার জন্য লড়াই করাকে জিহাদ বলেছে এবং এ লড়াইয়ে যারা মারা গেছে তাদেরকে শহীদ বলেছে, যাদের মাঝে হিন্দু, বৌদ্ধ, খৃস্টানও আছে। যে পথ জিহাদ ও শহীদ হওয়ার পথ নয়, সে পথকে ও সে পথকে শহীদ হওয়ার পথ বলার অনিবার্য ফলাফল হচ্ছে শরীয়তের জিহাদকে অস্বীকার করা।

১১) কুফরী আইন ও সংবিধানের রক্ষক বাহিনী জিহাদী কর্মকাণ্ড দমন করতে গিয়ে মারা গেলে এ ফাতওয়ার আয়োজক গোষ্ঠী তদেরকে শহীদ বলেছে।

যার অনিবার্য ফলাফল জিহাদকে এবং জিহাদের পথে শহীদ হওয়াকে অস্বীকার করা।

৩৬. 'অন্তরে যাদের মরচে পড়েছে তাদের কথা স্বতন্ত্র'

কাদের অন্তরে মরিচা পড়েছে সে সম্পর্কে ফয়সালা আমরা কুরআন থেকেই নিতে পারি। যাদের অন্তরে মরিচা পড়েছে তাদের বাহ্যিক আকৃতিতে কী কী প্রভাব দেখা যেতে পারে নিম্নোক্ত আয়াতগুলোতে তা বিস্তারিত বিবৃত হয়েছে। এ আয়াতগুলোর সঙ্গে মরিচা পড়া অন্তরগুলোকে আমরা মিলিয়ে দেখতে পারি। আল্লাহ তাআলা বলেন-

فَرِحَ الْمُخَلَّفُونَ بِمَقْعَدِهِمْ خِلَافَ رَسُولِ اللَّهِ وَكَرِهُوا أَنْ يُجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَقَالُوا لَا تَنْفِرُوا فِي الْحَرِّ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا لَوْ كَانُوا يَفْقَهُونَ. فَلْيَضْحَكُوا قَلِيلًا وَلْيَبْكُوا كَثِيرًا جَزَاءً بِمَا كَانُوا يَكْسِبُونَ.

فَإِنْ رَجَعَكَ اللَّهُ إِلَى طَائِفَةٍ مِنْهُمْ فَاسْتَأْذَنُوكَ لِلْخُرُوجِ فَقُلْ لَنْ تَخْرُجُوا مَعِيَ أَبَدًا وَلَنْ تُقَاتِلُوا مَعِيَ عَدُوًّا إِنَّكُمْ رَضِيتُمْ بِالْقُعُودِ أَوَّلَ مَرَّةٍ فَاقْعُدُوا مَعَ الْخَالِفِينَ. وَلَا تُصَلِّ عَلَى أَحَدٍ مِنْهُمْ مَاتَ أَبَدًا وَلَا تَقُمْ عَلَى قَبْرِهِ إِنَّهُمْ كَفَرُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَمَاتُوا وَهُمْ فَاسِقُونَ.

وَلَا تُعْجِبْكَ أَمْوَالُهُمْ وَأَوْلَادُهُمْ إِنَّمَا يُرِيدُ اللَّهُ أَنْ يُعَذِّبَهُمْ بِهَا فِي الدُّنْيَا وَتَزْهَقَ أَنْفُسُهُمْ وَهُمْ كَافِرُونَ. وَإِذَا أُنْزِلَتْ سُورَةٌ أَنْ آمِنُوا بِاللَّهِ وَجَاهِدُوا مَعَ رَسُولِهِ اسْتَأْذَنَكَ أُولُو الطَّوْلِ مِنْهُمْ وَقَالُوا ذَرْنَا نَكُنْ مَعَ الْقَاعِدِينَ. رَضُوا بِأَنْ يَكُونُوا مَعَ الْخَوَالِفِ وَطُبِعَ عَلَى قُلُوبِهِمْ فَهُمْ لَا يَفْقَهُونَ.

لَكِنِ الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ جَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ وَأُولَئِكَ لَهُمُ الْخَيْرَاتُ وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ. أَعَدَّ اللَّهُ لَهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ. وَجَاءَ الْمُعَذِّرُونَ مِنَ الْأَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ وَقَعَدَ الَّذِينَ كَذَبُوا اللَّهَ وَرَسُولَهُ سَيُصِيبُ الَّذِينَ كَفَرُوا مِنْهُمْ عَذَابٌ أَلِيمٌ. (سورة التوبة ٨١-٩٠).

"পেছনে থাকা লোকগুলো আল্লাহর রাসূলের বিপক্ষে বসে থাকতে পেরে খুশি হল, আর তারা অপছন্দ করল তাদের মাল ও জান নিয়ে আল্লাহর রাস্তায়

জিহাদ করতে এবং তারা বলল, তোমরা গরমের মধ্যে বের হয়ো না। বল, জাহান্নামের আগুন অধিকতর গরম, যদি তারা বুঝত। অতএব তারা অল্প হাসুক, আর বেশি কাঁদুক, তারা যা অর্জন করেছে তার বিনিময়ে।

অতএব যদি আল্লাহ তোমাকে তাদের কোন সম্প্রদায়ের কাছে ফিরিয়ে আনেন এবং তারা তোমার কাছে বের হওয়ার অনুমতি চায়, তবে তুমি বল, তোমরা আমার সাথে কখনো বের হবে না এবং আমার সাথে কোন দুশমনের বিরুদ্ধে কখনও লড়াই করবে না। নিশ্চয় তোমরা প্রথমবার বসে থাকাই পছন্দ করেছ, সুতরাং তোমরা বসে থাকো পেছনে (বসে) থাকা লোকদের সাথে। আর তাদের মধ্যে যে মারা গিয়েছে, তার উপর তুমি জানাযা পড়বে না এবং তার কবরের উপর দাঁড়াবে না। নিশ্চয় তারা আল্লাহ ও তাঁর রাসূলকে অস্বীকার করেছে এবং তারা ফাসিক অবস্থায় মারা গিয়েছে।

আর তোমাকে যেন মুগ্ধ না করে তাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি, আল্লাহ এর দ্বারা কেবল তাদের দুনিয়ার জীবনে আযাব দিতে চান এবং কাফির অবস্থায় তাদের জান বের হয়ে যাবে। আর যখন কোন সূরা এ মর্মে নাযিল করা হয় যে, তোমরা আল্লাহর প্রতি ঈমান আন এবং তাঁর রাসূলের সাথে জিহাদ কর, তখন তাদের সামর্থ্যবান লোকেরা তোমার কাছে অনুমতি চায় এবং বলে, আমাদেরকে ছেড়ে দাও, আমরা বসে থাকা লোকদের সাথে থাকব। তারা পেছনে থাকা লোকদের সাথে থাকা বেছে নিল এবং তাদের অন্তরসমূহের উপর মোহর এঁটে দেয়া হল, ফলে তারা বুঝতে পারে না।

কিন্তু রাসূল ও তার সাথে মুমিনরা তাদের মাল ও জান দিয়ে জিহাদ করে, আর সে সব লোকের জন্যই রয়েছে যাবতীয় কল্যাণ এবং তারাই সফলকাম। আল্লাহ তাদের জন্য তৈরি করেছেন জান্নাতসমূহ, যার নিচ দিয়ে প্রবাহিত হবে নহরসমূহ, তাতে তারা চিরদিন থাকবে, এটিই মহাসফলতা। আর গ্রামবাসীদের থেকে ওযর পেশকারীরা আসল, যেন তাদের অনুমতি দেয়া হয় এবং (জিহাদ না করে) বসে থাকল তারা, যারা আল্লাহ ও তাঁর রাসূলের সাথে মিথ্যা বলেছিল। তাদের মধ্য থেকে যারা কুফরী করেছে, তাদেরকে অচিরেই যন্ত্রণাদায়ক আযাব আক্রান্ত করবে। -সূরা তাওবা ৮১-৯০

সুতরাং মরিচা কোন অন্তরে পড়েছে তা নিয়ে আর সংশয়ের কোন প্রয়োজন নেই।

৩৭. 'শান্তির দেশ, সহাবস্থানের দেশ, এই প্রিয় দেশ'

যে দেশ শতভাগ কুফরী আইন ও কুফরী সংবিধানে পরিচালিত, প্রধান বিচারপতি হিন্দু, বিচারকদের বৃহৎ একটি অংশ ঘোষিত অমুসলিম, অধিকাংশ অঘোষিত অমুসলিম, বাকি সবাই কুফরী এ আইন দিয়ে বিচার করতে কোন প্রকার দ্বিধাবোধ করে না, রাষ্ট্রের মূলনীতিতে সব ধর্মের মান সমান, এ কুফরী আইনের প্রহরার জন্য রয়েছে লক্ষ লক্ষ বাহিনী এবং হাজার হাজার কোটি টাকার বরাদ্দ, সে দেশে যারা শান্তিতে আছে তারা কারা? এসব কিছু যাদের অন্তরে অশান্তি সৃষ্টি করে না তারা কারা?

এই ফাতওয়াটি জামেয়া বিন্নুরী টাউনের ফাতওয়া বিভাগের প্রধান পৃষ্ঠপোষক হযরত মাওলানা মুফতী আব্দুস সালাম চাটগামী [যিনি বর্তমানে বাংলেদেশে হাটহাজারী মাদরাসার প্রধান মুফতী] জামিয়ার শাইখুল হাদীস ও ফাতওয়া বিভাগের পরিচালক মুফতী নিযাম উদ্দীন শামযায়ী এবং মুফতী আব্দুল মজিদ দ্বীনপুরী প্রমূখ উলামায়ে কেরামের স্বাক্ষর ও সীলসহ প্রকাশ করা হয়।" দেখুন, জিহাদ ফি সাবিলিল্লাহ ই'তিরাযাত আওর ইলমী জায়েযা, মাওলানা ইলয়াস ঘুম্মান, পুণ্যের সন্ধানে, পৃষ্ঠা: ২০৫-২০৭

এ বিষয়ে মুঈনুল ইসলাম হাটহাজারীর ফাতওয়া দেখুন

আত্মোৎসর্গের শর'য়ী বিধান:

মাওলানা আব্দুর রহিম নওগাঁ

ইসলাম শান্তির ধর্ম। শান্তি ও শৃঙ্খলা অটুট রাখার নিমিত্তে কখনো কখনো জিহাদের প্রয়োজন দেখা দেয়। তবে সবই হতে হবে শরী'আত কর্তৃক নির্ধারিত নিয়মনীতির আলোকে। বলা বাহুল্য যে, জিহাদের পদ্ধতি পরিবর্তনশীল। যুগের গতির সাথে জিহাদের কৌশল পরিবর্তন হতে থাকে। তার মাঝে বহুল প্রচলিত একটি কৌশলের নাম 'আত্মোৎসর্গ হামলা'। এ কৌশলের হুবহু নজীর পূর্ববর্তী কিতাবে বিস্তারিত না থাকায় শর'য়ী ব্যাখ্যার দিক থেকে কিছুটা জটিলতার রূপ নিয়েছে। নিম্নে সংক্ষেপে শরী'আতের আলোকে ব্যাখ্যা তুলে ধরা হলো।

ইসলাম যেভাবে একজন মানুষেকে সম্মান করে। তেমনি একজন মানুষের জীবনকেও পূর্ণ মর্যাদা দেয়। বরং শরী'আতের মৌলিক উদ্দেশ্যের মাঝে মানুষের জান সংরক্ষণের বিশেষ গুরুত্ব ও ভূমিকা রয়েছে। তাইতো কোন ব্যক্তি নিজের জানকে বাঁচানোর নিমিত্তে অন্যের সাথে যুদ্ধে লিপ্ত হতে পারে। এবং যুদ্ধ করে করে নিহত হলে তাকে শাহাদাতের মর্যাদাও দিয়েছে। সর্বোপরি ইসলাম চায়না একজনের জান বিনষ্ট হয়ে যাক। তাইতো ইসলাম কঠোর হুঁশিয়ারী উচ্চারণ করেছে, যেন কোন ব্যক্তি নিজের জান নিজেই ধ্বংস না করে। আত্মহত্যা ও আত্মহত্যাকারীর ব্যাপারে অনেক নিষেধাজ্ঞা রয়েছে। যেমন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন- من قتل نفسه بشيئ عذب به يوم القيامة.

"যদি কেউ কোন জিনিস দ্বারা আত্মহত্যা করে, তাহলে কিয়ামতের দিন ঐ জিনিস দ্বারাই তাকে আযাব দেয়া হবে।" সহীহ মুসলিম:১/৭২

শরী'আতে আত্মহত্যার কোন স্থান নেই। পক্ষান্তরে জিহাদে নিজের জান ব্যবহার করার উৎসাহ ও হুকুম দেয়া হয়েছে এবং এ কথাও বলা হয়েছে যে, আল্লাহ তাআলা জান্নাতের পরিবর্তে মুমিনের জান মাল ক্রয় করেছেন। যেমন ইরশাদ হয়েছে-

إِنَّ اللَّهَ اشْتَرَى مِنَ الْمُؤْمِنِينَ أَنْفُسَهُمْ وَأَمْوَالَهُمْ بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَيَقْتُلُونَ وَيُقْتَلُونَ

"আল্লাহ তা'আলা ক্রয় করে নিয়েছেন মুমিনদের থেকে তাঁদের জান ও মাল এই মূল্যে যে, তাঁদের জন্য রয়েছে জান্নাত। তাঁরা যুদ্ধ করে আল্লাহর পথে; অতঃপর মারে ও মরে।" (সূরা তাওবা: ১১১)

অর্থাৎ আল্লাহ নিজেই ঘোষণা দিয়েছেন যে, মুমিনদের জান মাল দ্বীনের স্বার্থে ব্যবহার হবে। জান-মাল ব্যবহারের বিভিন্ন ক্ষেত্র রয়েছে যার চূড়ান্ত পর্যায় হলো জিহাদে অংশগ্রহণ করা। জিহাদে অংশগ্রহণ করে জান মাল ব্যবহারের দু'টি রূপ হতে পারে।

১. এমনভাবে জিহাদে অংশ নেয়া যে, সে কাফেরের সাথে যুদ্ধ করতে করতে এক পর্যায়ে নিরাপদে ফিরে আসার সম্ভাবনা হলেও থাকে। যেমন নববী যুগে থেকে এখন পর্যন্ত সাধারণত যে পদ্ধতি চালু আছে তাতে এক পর্যায়ে ফিরে আসার সম্ভাবনা ছিল। তবে শেষ পর্যন্ত কেউ ফিরে আসতে পারত কেউবা আল্লাহর কাছে চলে যেত।
এ পদ্ধতি জায়েয হওয়ার ব্যাপারে কারো দ্বিমত নেই। বরং অবস্থাভেদে কখনো ওয়াজিব বা ফরয হয়ে থাকে।

২. কাফেরের ক্ষতি ও ধ্বংস করার জন্য এমনভাবে নিজেকে পেশ করা যে, পুনরায় প্রাণ নিয়ে ফিরে আসার কোন সম্ভাবনাই নাই। যেমন, বর্তমানে বহুল প্রচলিত একটি রূপ 'আত্মোৎতসর্গ' হামলা।

এ পদ্ধতিতে দু'টি দিক রয়েছে। এক. যেহেতু নিরাপদে ফিরে আসার কোন সম্ভাবনাই নেই। যেমনটি প্রথম পদ্ধতির মাঝে ছিল সেহেত এটা বাহ্যত এক পর্যায়ে আত্মহত্যার আওতায় পড়ে। যা সর্বাবস্থায় নিষেধ। দুই. ইসলাম জিহাদে নিজেকে পেশ করার ব্যাপক উৎসাহ দিয়েছে। এ ক্ষেত্রে কুরআন ও

হাদীসে সুস্পষ্ট কোন সীমা রেখা বলে দেয়া হয়নি। বরং আয়াত ও হাদীসের ব্যাপকতা এবং কিছু সাহাবীর আমল থেকে অনুমতির দিকটা বুঝে আসে। তাই এ পদ্ধতিও কুরআন হাদীসের ব্যাপকতার মাঝে পড়ে। যার সার সংক্ষেপ নিম্নে উল্লেখ করা হলো।

কুরআনের আলোকে 'আত্মোৎসর্গ'

আল্লাহ তা'আলা কুরআনে কারীমে ইরশাদ করেছেন-

وَمِنَ النَّاسِ مَنْ يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ (٢٠٧)

"মানুষদের মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহর সন্তুষ্টি লাভার্থে আত্ম-বিক্রয় করে থাকে। আল্লাহ তার বান্দাগণের প্রতি অত্যন্ত দয়াবান"। (সূরা বাকারা: ২০৭)

অর্থাৎ যারা জিহাদের ময়দানে জীবন বিলিয়ে নিজেকে বিক্রয় করে থাকে। (রুহুল মা'আনী: ২/৯৬, মাকতাবায়ে এমদাদিয়া, মুলতান, পাকিস্তান)

আল্লামা কুরতুবী রাহ. স্বীয় তাফসীর গ্রন্থে লিখেছেন, কোন কোন মুফাসসির বলেন, আয়াতটি ব্যাপক অর্থবোধক। আল্লাহর রাস্তার প্রত্যেক মুজাহিদ, শহীদ হওয়ার জন্য নিজেকে উৎসর্গকারী এবং খারাপ কাজে বাধাদানকারী সকলেই এ আয়াতের অন্তর্ভুক্ত। (তাফসীরে কুরতুবী: ৩/১৬, দারুল কুতুবিল ইলমিয়্যা, বৈরুত, লেবানন)

ইবনে কাসীর রহ. এ মতটিকে অধিকাংশ মুফাসসিরদের মত বলেছেন। (তাফসীরে ইবনে কাসীর: ১/৩৬৯ দারু ইবনুল জাওযী, কায়রো)

ইবনে কাসীর রহ. এ আয়াতের ব্যাখা করতে গিয়ে নকল করেন, একবার হিশাম ইবনে আমের রাযি. শত্রু বাহিনীর দুই কাতারের মাঝে হামলা করলে কিছু লোক তার বিরোধিতা করে। তখন হযরত ওমর রাযি. হযরত আবু হুরাইরা রাযি. সহ অন্যান্যরাও আপত্তিকারী ব্যক্তিদের মত প্রত্যাখান করে এই আয়াত তেলাওয়াত করেন-

وَمِنَ النَّاسِ مَنْ يَشْرِي نَفْسَهُ ابْتِغَاءَ مَرْضَاتِ اللَّهِ وَاللَّهُ رَءُوفٌ بِالْعِبَادِ (٢٠٧)

"মানুষদের মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহর সন্তুষ্টি লাভার্থে আত্ম-বিক্রয় করে থাকে। আল্লাহ তার বান্দাগণের প্রতি অত্যন্ত দয়াবান"। (তাফসীরে ইবনে কাসীর: ১/৩৬৯ দারু ইবনুল জাওযী, কায়রো)

আল্লাহ তায়ালা অন্য এক আয়াতে ইরশাদ করেন- فَقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ لَا تُكَلَّفُ إِلَّا نَفْسَكَ.

"সুতরাং আল্লাহর পথে যুদ্ধ কর; তোমাকে শুধু তোমার নিজের সম্পর্কে দায়ী করা হবে।" (সূরা নিসা: ৮৪)

তাবে'য়ী আবু ইসহাক রাহ. বলেন, একবার আমি হযরত বারা ইবনে আযেব রাযি. কে জিজ্ঞাসা করলাম, যদি কোন ব্যক্তি একাই মুশরিকদের উপর আক্রমণ করে, তবে সে কী ঐ ব্যক্তির অন্তভুর্ক্ত হবে, যে নিজ হাতে নিজেকে ধ্বংসের দিকে ঠেলে দেয়? উত্তরে তিনি বলেন, না। কেননা আল্লাহ তায়ালা তার রাসূলকে প্রেরণ করেছেন এবং বলেছেন– فَقَاتِلْ فِي سَبِيلِ اللَّهِ لَا تُكَلَّفُ إِلَّا نَفْسَكَ.

"সুতরাং তুমি আল্লাহর পথে যুদ্ধ কর; তোমাকে শুধু তোমার নিজের জন্য দায়ী করা হবে।" (তাফসীরে ইবনে কাসীর: ২/২৩৮ দারু ইবনুল জাওযী, কায়রো)

হাদীসের আলোকে 'আত্মোৎসর্গ'

উহুদের দিন অনেক সাহাবায়ে কেরাম একা শত্রুর মাঝে ঢুকে আক্রমণ করেন এবং শাহাদাত বরণ করেন। যেখানে নিশ্চিত মৃত্যর আশঙ্কা ছিল। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের প্রশংসাও করেছেন। যেমন আনাস রাযি. থেকে বর্ণিত-

أن رسول الله صلى الله عليه وسلم أفرد يوم أحد فى سبعة من الأنصار ورجلين من قريش فلما رهقوه قال: من يردهم عنا وله الجنة أو هو رفيقى فى الجنة فتقدم رجل من الأنصار فقاتل حتى قتل ثم رهقوه أيضا فلم يزل كذلك حتى قتل السبعة.

"উহুদের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সাতজন আনসারী ও দুইজন কুরাইশী সাহাবী ছিলেন। এক সময় মুশরিকরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে চলে আসল, তখন তিনি বললেন, তোমাদের মধ্যে কে আছো যে তাদেও প্রতিহত করবে? তার জন্য জান্নাত রয়েছে, অথবা সে জান্নাতে আমার সাথী হবে। তখন এক আনসারী সাহাবী সামনে এগিয়ে লড়াই করলেন এবং শহীদ হয়ে গেলেন অতঃপর আবার তারা

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে চলে আসলো একে একে সাতজনই শহীদ হয়ে গেলেন। (সহীহ মুসলিম: ২/১০৭)

জাবের বিন আব্দুল্লাহ রাযি থেকে বর্ণিত, তিনি বলেন-

قال رجل للنبي صلى الله عليه و سلم يوم أحد أرأيت إن قتلت فأين أنا؟ قال في الجنة فألقى تمرات في يده ثم قاتل حتى قتل.

"উহুদের দিন এক সাহাবী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলেন- আমি যদি নিহত হই, তবে আমি কোথায় যাব? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, জান্নাতে। তখন তিনি তাঁর হাতের খেজুরগুলো নিক্ষেপ করে প্রচন্ড বেগে হামলা করলেন এবং শহীদ হয়ে গেলেন"। (সহীহ বুখারী: ২/৫৭৯)

وبلغنا أن البراء يوم حرب مسيلمة الكذاب أمر أصحابه أن يحتملوه على ترس، على أسنة رماحهم، ويلقوه في الحديقة. فاقتحم إليهم، وشد عليهم، وقاتل حتى افتتح باب الحديقة.

"হযরত বারা বিন মালেক রাযি. মুসায়লামা কায্যাবের সাথে যুদ্ধের দিন সাথীদেরকে বর্শায় আগায় ঢাল রেখে তাঁকে তার উপর বসিয়ে বাগানের মধ্যে ছুড়ে দিতে বললেন। অতপর তিনি তাদের মাঝে প্রচন্ড বেগে আক্রমণ করলেন এবং তাদের হত্যা করে বাগানের দরজা খুলে দিলেন"। (সিয়ারু আলামিন নুবালা: ৩/১২৪, দারুল ফিকর, বৈরুত, লেবানন)

'আত্মোৎসর্গ' ও ফুকাহায়ে কেরাম

আত্মোৎসর্গ হামলার একটি রূপ হলো বিপুল সংখ্যক কাফেরের মাঝে ঢুকে পড়া। আর এভাবে হামলা সম্পর্কে ইমাম মুহাম্মদ রহ. বলেছেন, যে কোনভাবে মুসলমানদের উপকার ও কাফেরের ক্ষতি হলে এরকম হামলা করা যাবে। যেমন ইমাম আবু বকর জাস্সাস রহ. ইমাম মুহাম্মদ রহ. এর মত এভাবে উল্লেখ করেন-

فإن محمد بن الحسن ذكر في السير الكبير أن رجلا لو حمل على ألف رجل وهو وحده، لم يكن بذلك بأس إذا كان يطمع في نجاة أو نكاية، فإن كان لا يطمع في نجاة ولا نكاية فإني أكره له ذلك، لأنه عرض نفسه للتلف من غير منفعة للمسلمين،

وإنما ينبغي للرجل أن يفعل هذا إذا كان يطمع في نجاة أو منفعة للمسلمين، فإن كان لا يطمع في نجاة ولا نكاية ولكنه يجرِّئ المسلمين بذلك حتى يفعلوا مثل ما فعل، فيقتلون

وينكون في العدو فلا بأس بذلك إن شاء الله، لأنه لو كان على طمع من النكاية في العدو ولا يطمع في النجاة لم أر بأسا أن يحمل عليهم... وأرجو أن يكون فيه مأجورا. وإنما يكره له ذلك إذا كان لا منفعة فيه على وجه من الوجوه، وإن كان لا يطمع في نجاة ولا نكاية ولكنه مما يرهب العدو، فلا بأس بذلك لأن هذا أفضل النكاية وفيه منفعة للمسلمين.

"ইমাম আবু হানিফা রাহ. এর শাগরিদ মুহাম্মাদ ইবনুল হাসান আশ শায়বানী রাহ. সিয়ারে কাবীরে উল্লেখ করেন, একজন লোক যদি এক হাজার লোকের উপর হামলা করে এতে কোন অসুবিধা নেই। যদি তার নিজের মুক্তির আশা রাখে কিংবা শত্রুদের আহত করার আশাবাদী হয়। আর যদি সে নিজের মুক্তি বা শত্রুদের ক্ষতির আশাবাদী না হয়. তাহলে আমি তার জন্য এ কাজটিকে অপছন্দ করি। কেননা এতে মুসলমানদের কোন ফায়দা ছাড়া নিজেকে ধ্বংসের জন্য পেশ করা হয়।

একজন ব্যক্তির জন্য এ ধনণের হামলা তখনই সমীচীন হবে যখন সে তার হামলা দ্বারা নিজে নিরাপদে ফিরে আসা বা মুসলমানদের উপকার হওয়ার আশা রাখবে। যদি এমন আশা না থাকে, কিন্তু শত্রুদের ক্ষতি পৌঁছানোর জন্য তার মত হামলা করার প্রতি অন্যদেরকে উৎসাহিত করার উদ্দেশ্যে হলে শ'রয়ী কোন সমস্যা নেই। কেননা যদি শত্রুদের ক্ষতি করার আশা থাকে, কিন্তু নিজেকে মুক্ত করার আশা না থাকে, তাহলেও আমি তাদের উপর হামলা করতে কোন অসুবিধা মনে করি না। এবং আমি আশা করি এই হামলার কারণে সে প্রতিদান পাবে। আর যখন হামলার দ্বারা কোন ফায়দাই না হয়, তখন আক্রমণ করা মাকরূহ। আর যদি নিজের মুক্তির বা তাদের ক্ষতির কোন আশা না থাকে কিন্তু এর দ্বারা শত্রুদের ভীতি প্রদর্শন করা যায় তাহলে এ হামলাতেও কোন অসুবিধা নেই। কেননা এটাই তো সবচেয়ে বেশি ক্ষতি এবং এতে মুসলমানদের উপকারও নিহিত আছে।" (আহকামুল কুরআন লিল জাস্সাস: ১/৩২৭, দারু ইহয়ায়িত তুরাসিল আরাবী, বৈরুত, লেবানন)

ইমাম জাস্সাস রাহ. ইমাম মুহাম্মদ রাহ. এর মত সমর্থন করে বলেন-

والذي قال محمد من هذه الوجوه صحيح لا يجوز غيره وعلى هذه المعاني يحمل تأويل من تأول في حديث أبي أيوب أنه ألقى بيده إلى التهلكة بحمله على العدو إذ لم يكن عندهم

في ذلك منفعة وإذا كان كذلك فلا ينبغي أن يتلف نفسه من غير منفعة عائدة على الدين ولا على المسلمين فأما إذا كان في تلف نفسه منفعة عائدة على الدين فهذا مقام شريف مدح الله به ... ﴿عند ربهم يرزقون﴾ وقال: ﴿ومن الناس من يشري نفسه ابتغاء مرضات الله﴾ في نظائر ذلك من الآي التي مدح الله فيها من بذل نفسه لله. اه

"ইমাম মুহাম্মদ রাহ. যে সকল সূরত বর্ণনা করেছেন এগুলো সহীহ। এগুলো ব্যতীত ভিন্ন সূরত জায়েয নেই। আর উল্লিখিত বিবরণ দ্বারা ব্যাখ্যা করা হবে ঐ ব্যক্তির কথাকে, যে আবু আইয়ূব রাযি. এর বরাতে বর্ণিত হাদীসে ولا تلقوا بأيديكم إلى التهلكة আয়াতের ব্যাখ্যা এভাবে করেছেন যে, নিজেকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছে শক্রদের উপর হামলা করে। যখন তাদের নিকট এতে কোন ফায়দা না হয়। যখন বিষয়টি এমনই তখন দ্বীন ও মুসলমানদের কোন ফায়দা ছাড়া নিজের জীবনকে ধ্বংশ করা উচিৎ নয়। আর যখন নিজেকে ধ্বংশ করার মধ্যে দ্বীনের ফায়দা থাকে, তখন এটা হবে এমন এক মর্যাদাপূর্ণ কাজ, যার প্রশংসা স্বয়ং আল্লাহ তাআলা করেছেন। আল্লাহ তাআলা বলেন) তারা (যারা দ্বীনের ফায়দার জন্য নিজেকে উৎসর্গ করে দিয়েছে) তাদের প্রতিপালকের নিকট রিযিক প্রাপ্ত হবে।" (সূরা আল ইমরান: ১৬৯)

আল্লাহ তাআলা আরো বলেন, 'কিছু মানুষ এমন আছে যারা আল্লাহর সন্তুষ্টির জন্য নিজেকে বিক্রি করে দিয়েছে।' (সূরা বাকারা: ২০৭)

এ ধরণের আরো অনেক আয়াতের মধ্যে আল্লাহ তাআলা তাদের প্রশংসা করেছেন, যারা আল্লাহর সন্তুষ্টির জন্য নিজেদের জীবন বিসর্জন দিয়েছে।" (আহকামুল কুরআন লিল জাস্সাস: ১/৩২৭-৩২৮, দারু ইহয়ায়িত তুরাসিল আরাবী, বৈরুত, লেবানন)

আল্লামা যফর আহমদ উসমানী রাহ. ইলাউস সুনানে এ সম্পর্কে স্বতন্ত্র একটি অধ্যায় কায়েম করে বলেন-

واما مسئلة حمل الواحد على العدو الكثير من العدو فصرح الجمهور بأنه إن كان لفرط شجاعته وظنه أنه يرهب العدو بذلك أو يجرئ المسلمين عليهم ونحو ذلك من المقاصد الصحيحة فهو حسن ومتى كان مجرد تهور فممنوع ولا سيما إن ترتب على ذلك وهن في المسلمين والله أعلم.

"বিশাল বাহিনীর উপর একাই আক্রমণ করার মাসআলা সম্পর্কে জমহুর ফুকাহায়ে কেরাম রাহ. এর মত হলো, যদি তার বিরত্বের কারণে তার মাঝে প্রবল ধারণা হয়যে, সে দুশমনের মাঝে ভীতি সৃষ্টি করতে পারবে, এধরণের সৎ উদ্দেশ্যে হলে, তা জায়েয আছে। আর যদি শুধু ধ্বংশমূলক হামলা হয় তাহলে জায়েয হবে না। বিশেষ করে যদি তার কারণে মুসলমানদের মাঝে দূর্বলতা চলে আসে।" (ই'লাউস সুনান: ১২/২৮-২৯, দারুল কুতুবিল ইলমিয়্যা, বৈরুত, লেবানন)

আল্লামা শামী রাহ. শরহুস সিয়ারের উদ্ধৃতিতে বলেন-

ذكر في شرح السير أنه لا بأس أن يحمل الرجل وحده وإن ظن أنه يقتل إذا كان يصنع شيئا بقتل أو بجرح أو بهزم فقد فعل ذلك جماعة من الصحابة بين يدي رسول الله صلى الله عليه وسلم يوم أحد ومدحهم على ذلك فأما إذا علم أنه لا ينكي فيهم فإنه لا يحل له أن يحمل عليهم ؛ لأنه لا يحصل بحملته شيء من إعزاز الدين.

"নিহত হওয়ার প্রবল ধারণা থাকা সত্ত্বেও একা এক ব্যক্তি শত্রুর উপর হামলা করতে পারবে, যদি সে দুশমনকে হত্যা, আহত অথবা পরাস্ত করার মাধ্যমে কোন ক্ষতি করতে পারে। কেননা অনেক সাহাবী রাযি. উহুদের দিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে এ ধনণের হামলা করেছেন এবং হুজুর সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের প্রশংসা করেছেন। আর যদি এ ধারণা হয় যে, সে তাদের কোন ক্ষতি করতে পারবে না, তবে তার জন্য তাদের উপর হামলা করা জায়েয হবে না। কেননা তার এই হামলার দ্বারা দ্বীনের কোন ফায়দা হয় না।" (ফাতাওয়ায়ে শামী: ৬/২০৬, মাকতাবায়ে যাকারিয়া, দেওবন্দ)

আত্মোৎসর্গের শর্তসমূহ

উপরোল্লিখিত কুরআন, হাদীস ও ফুকাহায়ে কেরামের বর্ণনা থেকে বুঝা যায় যে, আত্মোৎসর্গ হামলা জায়েয। তবে কিছু শর্তের সাথে।

১. নিয়ত সহীহ হওয়া। তথা ই'লায়ে কালিমাতল্লাহ, দ্বীনের সম্মান ও মর্যাদা বৃদ্ধি লক্ষ্য হতে হবে। যদি দুনিয়াবী কোন ফায়দা হাসিলের জন্য হয়, তাহলে জায়েয হবে না।

২. আক্রমণকারীর প্রবল ধারণা থাকা যে, তার এই হামলার দ্বারা শত্রুর ক্ষতি সাধিত হবে।

৩. যে কোনভাবে তার হামলা দ্বারা মুসলমানদের উপকার হতে হবে।

একটি সংশয় ও তার নিরসন

কেউ কেউ একটি আয়াতের বাহ্যিক অর্থ থেকে আত্মোৎসর্গ হামলাকে আত্মঘাতী বলে থাকেন। আথচ উভয়টার মধ্যে পার্থক্য রয়েছে। এ বিষয়ে সংশয় ও তার নিরসন নিম্নে তুলে ধরা হলো।

আল্লাহ তা'আলা কুরআনে কারীমে ইরশাদ করেছেন-

وأنفقوا في سبيل الله ولا تلقوا بأيديكم إلى التهلكة

"তোমরা আল্লাহর পথে ব্যয় কর এবং নিজেদের হাতে নিজেদেরকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করো না।" (সূরা বাকারা: ১৯৫)

উপরোক্ত আয়াত দ্বারা অনেকে আত্মোৎসর্গ হামলা নাজায়েয হওয়ার দলীল পেশ করে বলেন, আত্মোৎসর্গ হামলা আত্মহত্যার অন্তর্ভূক্ত। অথচ অনেক সাহাবী এ ধরনের ব্যাখ্যার আপত্তি করে অন্যরকম ব্যাখ্যা দিয়েছেন। যেমন আবু ইমরান আসলাম রাযি. থেকে বর্ণিত তিনি বলেন-

غزونا من المدينة نريد القسطنطينية، وعلى الجماعة عبدالرحمن بن الوليد، والروم ملصوق ظهورهم بحائط المدينة، فحمل رجل على العدو، فقال الناس: مه مه لا إله إلا الله يلقي بيديه إلى التهلكة. فقال أبو أيوب: إنما نزلت هذه الآية فينا معشر الأنصار؛ لما نصر الله نبيه، وأظهر دينه الإسلام، قلنا هلم نقيم في أموالنا ونصلحها. فأنزل الله تعالى: (وأنفقوا في سبيل الله ولا تلقوا بأيديكم إلى التهلكة) فالإلقاء بالأيدي إلى التهلكة أن نقيم في أموالنا فنصلحها وندع الجهاد.

"আমরা মদিনা থেকে কুসতুনতিনিয়ার উদ্দেশ্যে যুদ্ধযাত্রা করলাম। আর রোমানরা শহরের প্রাচীর ঘেষে অবস্থান নিয়েছে। আব্দুর রহমান ইবনে খালেদ বিন ওয়ালিদ রাযি. ছিলেন দলের সেনাপতি। এক ব্যক্তি শত্রুদের উপর হামলা করলো, তখন লোকেরা বলতে লাগল, থাম! থাম! লা ইলাহা ইল্লাল্লাহ! এ ব্যক্তিতো নিজেকে ধ্বংসের মুখে ঠেলে দিয়েছে। তখন হযরত আবু আইয়ুব আনসারী রাযি. বললেন, এ আয়াতটি অবতীর্ণ হয়েছে আমরা আনসারী সাহাবার ব্যপারে, যখন আল্লাহ তাআলা স্বীয় নবীকে সাহায্য করলেন তখন আমরা বললাম,এখন আমরা আমাদের সম্পদের মধ্যে এবং সেগুলো দেখাশোন করবো, তখন আল্লাহ তাআলা এ আয়াত অবতীর্ণ করেন

তোমরা আল্লাহর পথে খরচ কর এবং নিজেদেরকে ধ্বংশের দিকে ঠেলে দিয়ো না। সুতরাং ধ্বংসের দিকে ঠেলে দেয়া হলো, নিজেদের সম্পদ নিয়ে ব্যস্ত থাকা, তা দেখাশোনা করা এবং জিহাদ ছেড়ে দেয়া।" (সূনানে আবু দাউদ: ১/৩৪০, হাদীস নং ২৫১৪, হাদীসদি সহীহ)

এ হাদীসের ব্যাখ্যায় ইমাম জাস্‌সাস রাহ. বলেন-

فأخبر أبو أيوب أن الإلقاء بالأيدي إلى التهلكة هو ترك الجهاد في سبيل الله، وأن الآية في ذلك نزلت. وروي مثله عن ابن عباس، وحذيفة، والحسن، وقتادة، ومجاهد، والضحاك. وروي عن البراء بن عازب وعبيدة السلماني الإلقاء بالأيدي إلى التهلكة هو اليأس من المغفرة بارتكاب المعاصي.

"হযরত আবু আইয়ুব রাযি. সংবাদ দিলেন যে, নিজেকে ধ্বংসের দিকে ঠেলে দেয়ার অর্থ হলো, আল্লাহর পথে জিহাদ পরিত্যেগ করা। আর আয়াতটি এ ব্যপারেই অবতীর্ণ হয়েছে। অনুরূপ ব্যাখ্যা হযরত ইবনে আব্বাস, হোযাইফা রাযি. হাসান, কাতাদা, মুজাহিদ ও যাহ্‌হাক রাহ., থেকেও বর্ণিত আছে। হযরত বারা বিন আযিব ও আবিদা সালমানী বলেছেন যে, নিজেকে ধ্বংসের মুখে ঠেলে দেয়ার অর্থ হলো, গুনাহে লিপ্ত হওয়ার কারণে আল্লাহর ক্ষমা থেকে নিরাশ হওয়া।" (আহকামুল কুরআন লিল জাস্‌সাস: ১/৩২৭, দারু ইহয়ায়িত তুরাসিল আরাবী, বৈরুত, লেবানন)

সুতরাং এ আয়াত দিয়ে আত্মোৎসর্গ হামলা অবৈধ হওয়ার দলীল পেশ করার সুযোগ নেই। স্বয়ং সাহাবারাও আত্মোৎসর্গের ক্ষেত্রে এ আয়াতের বাহ্যিক অর্থ প্রযোজ্য মনে করেন নি। তাই কোন ব্যক্তি যদি আল্লাহর সন্তুষ্টি এবং দ্বীনের মর্যাদা সমুন্নত করার লক্ষ্যে ইসলামের শত্রুদের উপর এমনভাবে আক্রমণ করে যে, তার মধ্যে শতভাগ মৃত্যুর আশঙ্কা রয়েছে, তবুও সে আত্মহত্যাকারী বলে গণ্য হবে না। বরং সে শাহাদাতের মর্যাদা লাভ করবে। যেমন পূর্বে প্রমাণাদিসহ আলোচিত হয়েছে।

সত্যায়নে

(দস্তখত)

মুফতী নূর আহমদ হাফিযাহুল্লাহু

প্রধান মুফতী ও মুহাদ্দিস দারুল উলূম

(দস্তখত)

মুফতী জসীমুদ্দীন হাফিযাহুল্লাহু

মুফতী ও মুহাদ্দিস, দারুল উলূম হাটহাজারী

হাটহাজারী

২৩ জুমাদাল উখরা ১৪৩৫ হি.

(দস্তখত)

মুফতী ফরিদুল হক হাফিযাহুল্লাহু

মুফতী ও উস্তায, দারুল উলূম হাটহাজারী

১২ জুমাদাল উলা ১৪৩৫ হি.

(সূত্র, হাটহাজারীর দারুল ইফতা থেকে ১৪৩৪-১৪৩৫ হিজরীতে প্রকাশিত গ্রন্থ 'দরসূল ফিকহ'; পৃষ্ঠা ৩৫৬-৩৬৪)

এসকল বক্তব্যের আলোকে এবং শত্রুর বর্তমান অবস্থা হিসাবে বিচার করলে আশা করি আত্মত্যাগমূলক ইস্তিশহাদী হামলা ও আত্মহত্যার মাঝে পার্থক্য স্পষ্ট হয়ে যাবে।

৮৮. عن سهل بن سعد ...فقتل نفسه .৮৮

এ ঘটনায় যা রয়েছে তা হচ্ছে, আত্মহত্যার ঘটনা। যে হামলা লোকটি শুধু নিজের উপর করেছে এবং শুধু নিজেকে হত্যা করার জন্যই করেছে। এর দ্বারা সে শত্রুর কোন ক্ষতি করার ইচ্ছাই করেনি। পক্ষান্তরে আমাদের আলোচ্য বিষয় হচ্ছে আত্মত্যাগমূলক হামলা, যার দ্বারা আল্লাহর দুশমনদের উপর হামলা করা হবে, তবে হামলার পদ্ধতি এমন যে হামলা করে নিজেকে বাঁচিয়ে রাখা প্রায় অসম্ভব। আর নিজেকে বাঁচিয়ে রাখা অসম্ভব শত্রুর উপর এমন হামলা করা বৈধ কি না এ বিষয়ে ৮৭ নং টীকায় শরুহুস সিয়ারিল কাবীর ও আহকামুল কুরআনের উদ্ধৃতিতে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

শরহুস সিয়ারিল কাবীর ও আহকামুল কুরআন জাসসাসের বক্তব্য থেকে আমাদের সামনে এতটুকু কথা স্পষ্ট হয়ে উঠেছে যে, কোন ব্যক্তি যদি নিশ্চিত মৃত্যু জেনেও শত্রুর ভিতরে ঢুকে পড়ে তাহলে মৃত্যুর মুখে নিজেকে এভাবে ঠেলে দেয়াটা কয়েকটি স্তর পর্যন্ত সাওয়াবের আমল হিসাবে পরিগণিত হবে।

ক. যদি সে মনে করে সে মরে যাওয়া নিশ্চিত তবে এর দ্বারা মুসলমানদের বিজয় অর্জিত হবে।

খ. যদি সে মনে করে সে মরে যাওয়া নিশ্চিত তবে মুসলমানদের বিজয় অর্জিত না হলেও কাফেররা ক্ষতিগ্রস্ত হবে।

গ. যদি সে মনে করে তার মরে যাওয়া নিশ্চিত এবং এর দ্বারা মুসলমানদের বিজয়ও অর্জিত হবে না, তাদের কোন ক্ষতিও হবে না, তবে তারা আতঙ্কিত হবে।

ঘ. যদি সে মনে করে তার মরে যাওয়া নিশ্চিত এবং এর উল্লিখিত কোন উদ্দেশই অর্জিত হবে না, তবে সে মনে করে এর দ্বারা মুসলমানরা সাহসী হয়ে উঠবে এবং তারা অগ্রসর হতে উৎসাহবোধ করবে।

মোটকথা, তার এ কাজ দ্বারা যদি মুসলমানরা কোন না কোনভাবে উপকৃত হবে ধারণা করে সে নিজেকে নিশ্চিত মৃত্যুর মুখে ঠেলে দেয় তাহলে তা সাওয়াবের কাজ হবে। সুতরাং দ্বীনী কোন ফায়দা সামনে না রেখে যে আত্মহত্যা হয় তার সঙ্গে ইস্তিশহাদী হামলাকে তুলনা করার ক্ষেত্রে হাদীস, সীরাত, তারীখ ও ফিকহের কিতাবাদীর উপর একবার নজর বুলিয়ে যাওয়া চাই।

৮৯. أو قتل لنفسه

আত্মহত্যা-ইন্তিহার ও আত্মত্যাগমূলক ইস্তিশহাদী হামলার পার্থক্য বোঝার জন্য ৮৭, ৮৮ নং টীকা দু'টি দেখুন। আত্মহত্যা হারাম হওয়ার উপরতো এক লক্ষের বেশি উদ্ধৃতিই পাওয়া যাবে। এক লক্ষ স্বাক্ষর তো নস্যি।

৯০. يقتل نفسه بالخنق

যে সকল সাহাবায়ে কেরাম আত্মত্যগমূলক হামলা করে শহীদ হয়েছেন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদের জানাযার নামায পড়েছেন। যারা শহীদ হওয়ার জন্য শত্রুর ভিতরে ঝাঁপিয়ে পড়েছেন আল্লাহর রাসূল তাঁদের জানাযার নামায পড়েছেন।

আত্মহত্যা যে শহীদের মৃত্যু নয় -এ বিষয়ে কি কারো কোন সন্দেহ আছে? আত্মহত্যা হল কবীরা গুনাহ। কিন্তু এত স্পষ্ট বিষয়টিও এভাবে বার বার বলতে হচ্ছে কেন? যেখানে অস্পষ্টতা ও মূল সন্দেহ সে বিষয়টি দলিলের আলোকে স্পষ্ট করা চাই। তা না করে মুখ দিয়ে একবার যে কথা বের হয়ে গেছে সে কথাই বার বার আওড়াতে থাকার কি অর্থ হতে পারে!

৯১. وعن أبي هريرة ...فقتل نفسه

প্রত্যেকটি দলিলই আত্মহত্যা সম্পর্কে। এসব দলিল এবং তার বক্তব্যের সঙ্গে কারো কোন বিরোধ নেই। তাই এটা আলোচনার কোন বিষয় নয়। এ নিয়ে কথা লম্বা করারও কোন মানে হয় না। এখানে আলোচনার বিষয় হচ্ছে, আত্মহত্যা-ইন্তিহার ও আত্মত্যাগমূলক ইস্তিশহাদী হামলার মাঝে পার্থক্যকে স্পষ্ট করা। এ বিষয়ে বহু কিতাব রচিত হয়েছে। দলিলের আলোকে বিষয়টিকে চুলচেরা বিশ্লেষণ করা হয়েছে। একজন আলেমের দায়িত্ব হবে, বিষয়টিকে ইলমীভাবে সমাধান করার চেষ্টা করা। পাশাপাশি নিম্নোক্ত তথ্যটি মনে রাখতে হবে-

আমেরিকাভিত্তিক পরিচালিত মুস্তাশরিক-প্রাচ্যবিদদের একটি ভয়ংকর সংস্থা রেন্ড ওয়াশিংটন কর্পোরেশন (যার পরিচালকের তত্ত্বধানে এক লক্ষ সাহেবের ছেলে মাকতূম কাউন্টার টেররিজমের (সন্ত্রাস প্রতিরোধ) উপর বিশেষ কোর্স করে এসেছে -মাসিক পাথেয়)। তার ২০০৮ খ্রিস্টাব্দের প্রতিবেদনে যে সিদ্ধান্তগুলো প্রকাশ করেছে তার গুরুত্বপূর্ণ একটি হচ্ছে, মুজাহিদদের

আত্মত্যাগমূলক ইস্তিশহাদী হমলাকে আত্মহত্যা হিসাবে সাব্যস্ত করে ফাতওয়া আকারে মুসলমানদের মাঝে তা প্রকাশ করা।
পারিপার্শিক যে কোন পরিস্থিতি দ্বারা প্রভাবিত না হয়ে, একজন আলেমে দ্বীন হিসাবে, একজন দরদী মুসলমান হিসাবে, একজন দ্বীনের যিম্মাদার হিসাবে, ইলমের আমানতের খাতিরে বিষয়গুলোকে মাসাদিরে শরীয়াহ এবং আমাদের মুজতাহিদ ফুকাহায়ে কেরামের ইজতিহাদ ও ইস্তিমবাতের আলোকে বিশ্লেষণ করা চাই।

এ বিষয়ে আমাদের কারো দ্বিমত থাকা উচিত নয় যে, মুজাহিদগণের কাফেলা আল্লাহর সন্তুষ্টির জন্যই এত ত্যাগ দিয়ে চলেছে। একজন মানুষ নিজের জীবনকে শেষ করে দিল এবং সে ঘোষণা করতে থাকল, আমি দ্বীনের জন্য জীবন ত্যাগ করছি। এরপরও আমাদের সন্দেহ কাটছে না যে, তারা দ্বীনের জন্যই করছে। তাদের নিয়তের উপর অন্যায় হামলা না করে শরীয়তের দৃষ্টিতে এতে কোন ভুল আছে কি না তা খতিয়ে দেখা অবশ্যই ওলামায়ে কেরামের দায়িত্ব।

এ ক্ষেত্রে একটি সবিনয় অনুরোধ, ওলামায়ে কেরাম এ দায়িত্ব আদায় করতে গিয়ে মনে রাখতে হবে, একজন আত্মত্যাগকারী মুজাহিদের সামনে ময়দানের ও শত্রু শিবিরের যে বাস্তবতা রয়েছে আমাদের সামনে হুবহু সে বাস্তবতা সেভাবে আছে কি না?
দ্বিতীয়ত মনে রাখতে হবে, আমরা যে মনে করছি, কিছু যুবক ফেসবুক ও সামাজিক গণমাধ্যমের প্রভাবে প্রভাবিত হয়ে, আবেগ তাড়িত হয়ে এমন কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে -বিষয়টি কি আসলেই এমন? গবেষণা ও বিশ্লেষণের সুবিধার জন্য বলছি, আমার জানামতে মুজাহিদ কাফেলারগুলোর নিজস্ব তত্ত্বধানে লক্ষাধিক কিতাব-পত্রে সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। হাজার হাজার ওলামায়ে কেরামের সার্বক্ষণিক ইলমী তত্ত্বধান রয়েছে। প্রতিটি কাজের ক্ষেত্রে তার শরয়ী অবস্থান নির্ণয় করে সিদ্ধান্ত দেয়ার জন্য নির্ধারিত ফিকহী মজলিস রয়েছে। এ তথ্যগুলো আমাদের কাছে না থাকার জন্য আমরা দায়ী। সংশ্লিষ্ট ব্যক্তিরা দায়ী নয়।

এ ক্ষেত্রে যথাযথ তথ্য সংগ্রহ করার মত কোন পথ যদি আমাদের না থাকে তাহলে একজন যিম্মাদার হিসাবে এতটুকু করতে পারি যে, দাজ্জালী গণমাধ্যমের তথ্যের উপর নির্ভর না করে বাস্তব পরিস্থিতির যতটা কাছাকাছি

যাওয়া সম্ভব যাওয়ার চেষ্টা করা। এরপর সরাসরি শরীয়তের নির্ভরযোগ্য কিতাবাদির আলোকে, উসূলে ফিকহ ও উসূলে ইফতার আলোকে সিদ্ধান্তে পৌঁছার চেষ্টা করা। আশা করি সত্য গোপন থাকবে না।

মনে কিছু না নিলে একটি তিক্ত সত্য কথা বলে ফেলি। যাদের সঙ্গে পড়াশোনার কোন সম্পর্ক নেই তাদেরকে নিয়ে কথা বলে আমরা সময় নষ্ট করতে চাই না। এমনিভাবে যারা জ্ঞানপাপী, শত্রুর দালালিতে সিদ্ধহস্ত তাদেরকে নিয়েও আমরা সময় নষ্ট করতে চাই না। কিন্তু যাঁরা বাস্তবেই মুখলিস ও বিদগ্ধ আলেম তাঁরা এবং তাঁদের ব্যাপারে আমরা দু'টি কথা স্বীকার করে নিলে এ সমস্যার সমাধান দ্রুত এগিয়ে যেত। একটি কথা হচ্ছে, আমাদের মুখলিস বিদগ্ধ আলেমগণ নামায, রোযা, হজ্জ, যাকাত, বিবাহ ও তালাকের মাসআলা নিয়ে যে পরিমাণ সময় ও মেধা ব্যয় করেছেন সে পরিমাণ বা তার শত ভাগের এক ভাগও জিহাদের মাসআলার পেছনে ব্যয় করেননি। এ না করার পেছনে কিছু যৌক্তিক কারণও আছে, আবার বহু পরিমাণে অযৌক্তিক কারণও আছে। দ্বিতীয় কথা হচ্ছে, জিহাদের বাস্তব ময়দানের সঙ্গে আমাদের মুখলিস ও বিদগ্ধ আলেমগণ একেবারেই পরিচিত নন। এটা দুর্ভাগ্যক্রমে। এর অন্য কোন কারণ স্পষ্ট নয়।

এখানে এ প্রশ্ন অবান্তর যে, তাহলে কি আপনি এ দু'টি বিষয়েই সিদ্ধহস্ত? বা আপনি আপনাকেই এসব বিষয়ে সচেতন মনে করছেন, আর সবাইকে অসচেতন মনে করছেন? বিষয়টি আসলে এরকম নয়। আমি বলতে চাচ্ছি, মুজাহিদ কাফেলাগুলোর সঙ্গে ওলামায়ে কেরামের এমন এক বিশাল জামাত রয়েছে যাঁরা এ বিষয়ক গবেষণাকে তাদের শাস্ত্রীয় ব্যস্ততা হিসাবে গ্রহণ করে নিয়েছেন। এরই পাশাপাশি তারা বছরের পর বছর চলমান শত্রুর বিরুদ্ধে অস্ত্র দিয়ে লড়াই করে চলেছেন। আন্তর্জাতিক মানের এমন আলেম রয়েছেন যিনি বার বছর সশস্ত্র জিহাদ করার পর আরো দশ বছর ব্যাপী সময় ব্যয় করে হাজার হাজার পৃষ্ঠার কিতাব লিখেছেন। লিখনীর ক্ষেত্রে কখনো কুরআন, হাদীস, ইজমা, কিয়াস ও মুজতাহিদ ইমামগণের সিদ্ধান্তগুলোকে এড়িয়ে যাননি।

গবেষক ও লেখকদের অনেকেই এ আত্মতৃপ্তিতে ভোগেন যে, সি.এন.এন., রয়টার্স ও আলজাযিরার মত আন্তর্জাতিক মানের সংবাদ মাধ্যমগুলো আমার নখদর্পণে। প্রতিদিন নয়, প্রতি মুহূর্তের পৃথিবী আমার সামনে। আর আমাকে অসচেতন মনে করছে এমন এক ব্যক্তি যে পাহাড়ী গুহায় জীবন কাটায়,

ফেসবুক দেখে জিহাদ শিখে। সংবিধান ও পার্লামেন্ট শব্দ বানান করতে বললে বনান করতে পারবে না।

এ পর্যায়ে আমি ছোট্ট একটি ঘটনার প্রতি পাঠক ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি আবেগ তাড়িত না হয়ে ঘটনাটিকে বিবেচনায় নেবেন-

সর্বজন শ্রদ্ধেয় মুরব্বী মাওলানা আহমদ শফী দামাত বারাকাতুহুমের নেতৃত্বে নাস্তিক ব্লগারদের বিরুদ্ধে অবরোধের ঘোষণা করা হয়েছিল। সে প্রেক্ষিতে লক্ষ লক্ষ ওলামা-তালাবা শাপলা চত্বরে জড়ো হয়েছেন। এ জড়ো হওয়ার শরয়ী অবস্থান কী? ফলাফল কী? এটা আমার আলোচ্য বিষয় নয়। আমার আলোচ্য বিষয় হচ্ছে, সে ভয়ংকর রাতে ওলামা-তালাবা কী পরিস্থিতির শিকার হয়েছে? আর পরের দিন পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়ায় কী খবর এসেছে? সে ঘটনাস্থল থেকে যারা মাত্র দুই তিন কিলোমিটার দূরে ছিল তারাও পর্যন্ত পত্রিকা ও টিভির খবরের মাধ্যমে জানতে পেরেছে, ওলামা তালাবা সেখানে কুরআন জ্বালিয়ে ছারখার করে ফেলেছে। তাদের তাণ্ডবে মতিঝিলসহ আশপাশের এলাকা ছারখার হয়ে গেছে। এদেশেরই বৃহৎ জনগোষ্ঠী উপস্থিত লক্ষ লক্ষ ওলামা তালাবার কথা বিশ্বাস করেনি, তারা বিশ্বাস করেছে পত্রিকা ও টিভির খবর। বছরের পর বছর পেরিয়ে আজো পর্যন্ত তারা ওলামা তালাবাকে তিরস্কার করে বলে, তোমরা তো তারাই যারা কুরআন পুড়িয়ে ইসলাম প্রতিষ্ঠিত করতে চেয়েছিলে।

পাঠক একটু লক্ষ করুন! দেশের মাটিতে বসে, দু'চার কিলোমিটার দূরে বসে দেশের মানুষ ওলামায়ে কেরামের ব্যাপারে এ কথা বিশ্বাস করতে পেরেছে যে, তারা কুরআন পুড়িয়ে ইসলাম প্রতিষ্ঠা করতে চায়। পাশের দেশের মানুষ তা কেন বিশ্বাস করবে না? এক হাজার কিলোমিটার দূরের মানুষ তা কেন বিশ্বাস করবে না? পাঁচ হাজার কিলোমিটার দূরের মানুষ কেন তা বিশ্বাস করবে না? দশ হাজার কিলোমিটার দূরের মানুষ কেন বিশ্বাস করবে না যে, মাওলানা আহমদ শফী ও তার অনুসারী লক্ষ লক্ষ ওলামা তালাবা এমন এক ইসলাম প্রতিষ্ঠা করতে চায় যে ইসলামে কুরআন থাকতে পারবে না, কুরআনকে জ্বালিয়ে দিতে হবে।

আর এ খবর যখন সরাসরি ইহুদী-খ্রিস্টান পরিচালিত সংবাদ মাধ্যমের পাইপ দিয়ে বিশ্বের মানুষের ঘরে ঘরে পৌছাবে তখন এ খবরের চেহারা কেমন হবে

একটু কল্পনা করুন। আমরা কাদের খবর কাদের মাধ্যমে নিচ্ছি? কোন খবরকে বিশ্বাস করছি, কোন খবরকে বিশ্বাস করছি না।

একটু ভাবুন! দ্বীনের খাতিরেই ভাবুন! দ্বীনের উসূলের ভিত্তিতেই ভাবুন! ইলমের উসূলকে সামনে রেখেই ভাবুন। যে দু'টি দুর্বলতার কথা বলা হয়েছে সে দু'টি দুর্বলতাকে মেনে নিতে কষ্ট হলে দুর্বলতাদু'টি কাটিয়ে ফেলুন। কাফেলায় শরীক হয়ে কাঁধে কাঁধ মিলিয়ে কাজে নেমে পড়ুন। আমরা কেউ কারো পর নই। আমাদের বাইরের সকল শক্তি আমাদের সবার পর। আমরা শত্রু-মিত্র চিনতে ভুল করে ফেললে অপূরণীয় ক্ষতি হয়ে যাবে। আল্লাহ আমাদেরকে হেফাযত করুন।

দলিল উপস্থাপনের ক্ষেত্রে ছত্রে ছত্রে আদর্শ হিসাবে কোথাও মওদূদীবাদ, কোথাও শিয়া মতবাদ, কোথাও মুনকিরীনে হাদীস, কোথাও হিন্দু-বৌদ্ধ-ইহুদী-খ্রিস্টান, আবার কোথাও নাস্তিক্য মতবাদকে গ্রহণ করতে দেখা যাচ্ছে। তাই একলক্ষ সাহেব আসলে কোন মতবাদের অনুসারী তা পরিষ্কার হওয়া দরকার। আর না হয় ইসলামের ও ইসলামের ইলমের মূলনীতিতে আসতে হবে।

৯২. 'ইসলামের দৃষ্টিতে গণহত্যা কি বৈধ?'

স্পষ্ট হওয়া দরকার যে, গণহত্যা কী? কোন কোন গণহত্যার ব্যাপারে ফরয হুকুম রয়েছে। যেমন আল্লাহ তাআলা আদেশ করছেন وَقَاتِلُوا الْمُشْرِكِينَ كَافَّةً كَمَا يُقَاتِلُونَكُمْ كَافَّةً وَاعْلَمُوا أَنَّ اللَّهَ مَعَ الْمُتَّقِينَ (٤٧)। অতএব গণহত্যা দ্বারা কী উদ্দেশ্য তা নির্দিষ্ট হওয়া দরকার। যদি উদ্দেশ্য হয় অনেক কাফেরকে এক সঙ্গে হত্যা করা তাহলে তা অবৈধ হওয়ার কোন কারণ নেই। যারা মনে করে জিহাদ ফরয তাদের দৃষ্টিতে এ গণহত্যা অবশ্যই জায়েয। যাদের দৃষ্টিতে জিহাদই অবৈধ তাদের দৃষ্টিতে যে কোন কাফেরকে হত্যা করাই না জায়েয।

আর যদি গণহত্যা দ্বারা উদ্দেশ্য হয়, যে কাফের যুদ্ধে লিপ্ত আছে আর যে নেই উভয় রকমের কাফেরকে হত্যা করা। তাহলে এর উত্তর হল, জিহাদের সর্বশেষ আয়াত হচ্ছে কুফর-শিরক অবশিষ্ট থাকা পর্যন্ত জিহাদ চলতে থাকবে। অতএব যে ঈমান আনবে না তার বিরুদ্ধেই জিহাদ হবে। আর জিহাদ মানে হত্যা। সুতরাং যোদ্ধা অযোদ্ধা পার্থক্য করার কোন প্রয়োজন নেই। কাফেরের রক্ত হালাল হওয়ার মাপকাঠি হচ্ছে, সে কাফের হওয়া।

একজন কাফের এ হত্যা থেকে বাঁচার পদ্ধতি হচ্ছে, হয়ত সে মুসলমান হয়ে যাবে, নয়তো সে কাফের হওয়ার অপরাধে হীনতার স্বীকৃতি দিয়ে মুসলমানদেরকে কর দিয়ে বেঁচে থাকবে, নয়তো সে বন্দি হয়ে মুসলমানদের গোলাম হয়ে থাকবে। বেঁচে থাকার জন্য চতুর্থ কোন ব্যবস্থা শরীয়তে রাখা হয়নি।

আর যদি গণহত্যা দ্বারা উদ্দেশ্য হয় নারী, শিশু, বৃদ্ধ ও অসুস্থদেরকেসহ হত্যা করা, তাহলে এ বিষয়ে ফিকহের মাসআলা হচ্ছে, যদি এদেরকে আলাদা করা সম্ভব না হয়, বা তাদেরকে আলাদা করতে গেলে মুসলমানরা কাফেরদের হাতে পরাজিত হবে, বা মুসলমানদের অনেক বেশি ক্ষতি হয়ে যাবে তাহলে সে ক্ষেত্রে তাদেরকে হত্যা করা বৈধ। ফাতাওয়া শামীতে মাসআলাটিকে এভাবে বিশ্লেষণ করা হয়েছে-

(قوله بنصب المجانيق) أي على حصونهم؛ لأنه عليه الصلاة والسلام نصبها على الطائف رواه الترمذي نهر، وهو جمع منجنيق بفتح الميم عند الأكثر وإسكان النون الأولى وكسر الثانية فارسية معربة تذكر وتأنيثها أحسن وهي آلة ترمى بها الحجارة الكبار قلت: وقد تركت اليوم للاستغناء عنها بالمدافع الحادثة (قوله وحرقهم) أراد حرق دورهم وأمتعتهم قاله العيني: والظاهر أن المراد حرق ذاتهم بالمجانيق وإذا جازت محاربتهم بحرقهم فمالهم أولى نهر، وقوله: بالمجانيق أي برمي النار بها عليهم، لكن جواز التحريق والتغريق مقيد كما في شرح السير بما إذا لم يتمكنوا من الظفر بهم بدون ذلك، بلا مشقة عظيمة فإن تمكنوا بدونها فلا يجوز؛ لأن فيه إهلاك أطفالهم ونسائهم ومن عندهم من المسلمين. (كتاب الجهاد، مَطْلَبٌ فِي أَنَّ الْكُفَّارَ مُخَاطَبُونَ نَدْبًا)

ফাতাওয়া শামীতে যে হাদীসটির প্রতি ইঙ্গিত করা হয়েছে সেটি এই-

سمعت قتيبة، قال: حدثنا وكيع بن الجراح، عن رجل، عن ثور بن يزيد، أن النبي صلى الله عليه وسلم نصب المنجنيق على أهل الطائف قال قتيبة: قلت لوكيع: من هذا؟ قال: صاحبكم عمر بن هارون. (جامع الترمذي ٤١ – أبواب الأدب عن رسول الله صلى الله عليه وسلم ١٧ – باب ما جاء في الأخذ من اللحية).

আর যদি গণহত্যা দ্বারা উদ্দেশ্য হয়, অমুসলিমদেরকে মারতে গিয়ে নিরপরাধ মুসলমানদেরকেও মেরে ফেলা, তাহলে এ বিষয়ে মাসআলাটি বিশ্লেষণ করা হয়েছে মুসলমানদেরকে ঢাল বানানোর মাসআলার অধীনে।

তবে এখানে মুসলমানাদের দুই অবস্থা। হয়ত কাফেররা তাকে ঢাল স্বরূপ ব্যবহার করেছে। এ ক্ষেত্রে যথাসম্ভব মুসলমানকে বাঁচানোর চেষ্টা করা জরুরী। তবে যদি তাকে বাঁচাতে গেলে মুসলমানদের বিজয় অনিশ্চিত হয়ে পড়ে বা বড় ধরনের ক্ষতির আশঙ্কা থাকে তাহলে তাকে সহ হামলা করার অনুমতি রয়েছে, যেভাবে এর আগেও মাসআলাটি বিস্তারিত আলোচনা করা হয়েছে।

আর যদি কাফেররা তাকে ঢাল না বানায়; রবং সে নিজেই কাফেরদের সঙ্গে উঠাবসা বা বসবাস করে তাহলে এ ক্ষেত্রে তার এ অবস্থানটাই শরীয়তের পক্ষ থেকে অনুমোদিত নয়। যার ফলে এ পরিস্থিতিতে কাফেরদের উপর আক্রমণ করলে যদি মুসলমান আক্রান্ত হয় তাহলে সে জন্য হামলাকারী মুজাহিদরা দায়ী হবে না। এ বিষয়ে হাদীসের বক্তব্য হচ্ছে-

٢٦٤٥- حَدَّثَنَا هَنَّادُ بْنُ السَّرِيِّ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنْ إِسْمَاعِيلَ، عَنْ قَيْسٍ، عَنْ جَرِيرِ بْنِ عَبْدِ اللهِ، قَالَ: بَعَثَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ سَرِيَّةً إِلَى خَثْعَمٍ فَاعْتَصَمَ نَاسٌ مِنْهُمْ بِالسُّجُودِ، فَأَسْرَعَ فِيهِمُ الْقَتْلَ قَالَ: فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَمَرَ لَهُمْ بِنِصْفِ الْعَقْلِ وَقَالَ: «أَنَا بَرِيءٌ مِنْ كُلِّ مُسْلِمٍ يُقِيمُ بَيْنَ أَظْهُرِ الْمُشْرِكِينَ». قَالُوا: يَا رَسُولَ اللهِ لِمَ؟ قَالَ: «لَا تَرَاءَى نَارَاهُمَا». (سنن أبي داود بَابُ النَّهْيِ عَنْ قَتْلِ مَنِ اعْتَصَمَ بِالسُّجُودِ، وكذا رواه الترمذي والنسائي وأصحاب السنن الآخرون).

হাদীসের ব্যাখ্যায় ইমাম সুয়ূতী রহ. বলেন-

(٤٧٨٠) لَا تَرَاءَى نَارَاهُمَا قَالَ فِي النِّهَايَةِ أَيْ يَلْزَمُ الْمُسْلِمَ وَيَجِبُ عَلَيْهِ أَنْ يَتَبَاعَدَ مَنْزِلُهُ عَنْ مَنْزِلِ الْمُشْرِكِ وَلَا يَنْزِلَ بِالْمَوْضِعِ الَّذِي إِذَا أُوقِدَتْ فِيهِ نَارُهُ تَلُوحُ وَتَظْهَرُ لِلْمُشْرِكِ إِذَا أَوْقَدَهَا فِي مَنْزِلِهِ وَلَكِنَّهُ يَنْزِلُ مَعَ الْمُسْلِمِينَ فِي دَارِهِمْ وَإِنَّمَا كُرِهَ مُجَاوَرَةُ الْمُشْرِكِينَ لِأَنَّهُمْ لَا عَهْدَ لَهُمْ وَلَا أَمَانَ وَحَثَّ الْمُسْلِمِينَ عَلَى الْهِجْرَةِ، وَالتَّرَائِي تَفَاعُلٌ مِنَ الرُّؤْيَةِ يُقَالُ تَرَاءَى

الْقَوْمُ إِذَا رَأَى بَعْضُهُمْ بَعْضًا تَرَاءَى لِيَ الشَّيْءُ أَيْ ظَهَرَ حَتَّى رَأَيْتُهُ وَإِسْنَادُ التَّرَائِي إِلَى النَّارَيْنِ مَجَازٌ مِنْ قَوْلِهِمْ دَارِي تَنْظُرُ إِلَى دَارِ فُلَانٍ تُقَابِلُهَا يَقُولُ نَارَاهُمَا مُخْتَلِفَتَانِ هَذِهِ تَدْعُو إِلَى اللهِ وَهَذِهِ تَدْعُو إِلَى الشَّيْطَانِ فَكَيْفَ تَتَّفِقَانِ وَالْأَصْلُ فِي تَرَاءَى تتراءى فَحذف إِحْدَى التَّاءَيْنِ تَخْفِيفًا. (حاشية السيوطي على سنن النسائي، كتاب البيوع).

হাদীসের ব্যাখ্যায় আল্লামা সিন্দী রহ. বলেন-

﴿٤٧٨٠﴾ فاستعصموا بِالسُّجُود أَي طلبُوا لأَنْفُسِهِمْ الْعِصْمَة بِإِظْهَار السُّجُود فَقتلُوا على بِنَاء الْمَفْعُول بازدحام الْقِتَال بِنصْف الْعقل بعد علمه بِإِسْلَامِهِمْ وَجعل لَهُم النّصْف لأَنهم قد أعانوا على أنفسهم بمقامهم بَين ظهراني الْكفَّار فَكَانُوا كمن هلك بِجِنَايَة نَفسه وَجِنَايَة غَيره فَسقط حِصَّة جِنَايَته من الدِّيَة وَإِنِّي بَرِيء أَي من اعانته أَو من ادايته بعد هَذَا ان قتل أَلا لَا تَرَاءَى ناراهما هُوَ من التراائي وَهُوَ تفَاعل من الرُّؤْيَة وَمِنْه قَوْله تَعَالَى فَلَمَّا تَرَاءَى الْجَمْعَانِ وَكَانَ أَصله تتراءى بتاءين حذفت إِحْدَاهمَا أَي لَا يَنْبَغِي للْمُسلمِ أَن ينزل بِقرب الْكَافِر بِحَيْثُ يُقَابل نَار كل مِنْهُمَا نَار صَاحبه حَتَّى كَأَن نَار كل مِنْهُمَا ترى نَار صَاحبه. (حاشية السندي على سنن النسائي، كتاب القسامة والقود والدية).

এরপর গণহত্যার আর এমন কোন পদ্ধতি রয়েছে যা নাজায়েয এবং মুজাহিদগণ সে নাজায়েয পদ্ধতিতেই গণহত্যা চালায়!

৯৩. 'মানুষের গণহারে হত্যা'

বার বার মানুষ শব্দ দিয়ে বিষয়টিকে জটিল করে তোলার চেষ্টা চলছে। মুজাহিদদের জিহাদী কার্যক্রম মানুষের বিরুদ্ধে নয়। জিহাদের সকল কর্মকাণ্ড দূর অতীত কাল থেকে আজো পর্যন্ত সব সময় মানুষের স্বার্থেই পরিচালিত হয়ে আসছে। তাদের সকল কর্মকাণ্ড সব সময় আল্লাহর দুশমন কাফেরদের বিরুদ্ধে। কিন্তু আল্লাহর দুশমন কাফেরদেরকে একলক্ষ সাহেব সব সময় মানুষ বলতে বেশি পছন্দ করেন। আর তাদেরকে মানুষ উপাধি দিয়ে

বিষয়টিকে অন্য দিকে প্রবাহিত করার চেষ্টা করেন। অথচ মানুষদের স্বার্থেই আল্লাহর দুশমনদের বিরুদ্ধে আল্লাহর এ ব্যবস্থা, জিহাদের ব্যবস্থা। অবস্থাদৃষ্টে মনে হয়, নিরপরাধ মানুষ শব্দের অর্থ অমুসলিম ও আল্লাহর দুশমন। আল্লাহকে ও আল্লাহর বিধানকে অস্বীকার করা এবং আল্লাহর নবীকে গালি দেয়া যেন কোন অপরাধ নয়।

৯৪. 'সন্দেহের বশবর্তী হয়েও'

আল্লাহর দুশমনদেরকে যারা হত্যা করছে তাদের বিরুদ্ধে ফাতওয়া চলছে। সন্দেহের উপর হত্যার সুযোগ কোথায়? আর মাসআলা চলছে জিহাদের। পাঠকদেরকে নিয়ে যাওয়া হল দণ্ডবিধির মাঠে। জিহাদের অধ্যায়গুলো যখন আমাদের অধ্যয়নে নেই তখন এমন দুর্ঘটনা খুবই স্বাভাবিক। আমরা নামায, রোযা, হজ্জ, যাকাত, বিবাহ, তালাকের মাসআলা পড়ে দ্বীনের সাতাত্তর শাখার সমাধান করার চেষ্টা করছি। তাছাড়া উপায়ও নেই। কারণ জিহাদ অধ্যায় অধ্যয়ন করাও জঙ্গিবাদী মানসিকতার পরিচায়ক। সাম্প্রদায়িক মানসিকতার পরিচায়ক। জিহাদ বিষয়ক বই লেখা, কেনা, বিক্রয় করা, পড়া, কাউকে পড়ানো, বোঝানো -এসবই জঙ্গিবাদী হওয়ার লক্ষণ। এজন্য একলক্ষ সাহেব তার মাসিক পত্রিকায় অভিভাবকদের পরামর্শ দিয়েছে, সন্তান কোন সাম্প্রদায়িক বা জঙ্গিবাদী বই পড়ে কি না সে দিকে লক্ষ রাখার জন্য এবং যথাসাধ্য বিরত রাখার জন্য।

এমতাবস্থা ফাতওয়া কিসের আলোকে দেয়া হবে? নিশ্চয় যে বইগুলোতে জিহাদের কোন আলোচনা নেই সেগুলোর আলোকে।

৯৫. ادرؤا الحدود عن المسلمين

যে আদালতে অপরাধী প্রকাশ্যে নিজের অপরাধ স্বীকার করলেও বিচারপতির সন্দেহ থেকে যায়, সে অপরাধীর অপরাধ নিশ্চিতরূপে সাব্যস্ত হওয়ার উপায় কী? আর আলোচনা চলছে গণহত্যা সম্পর্কে যা জিহাদের একটি অংশ। দলিল চলছে মুসলমানদের উপর দণ্ডবিধি বাস্তবায়নের নীতিমালা সম্পর্কে। দলিলের দুর্ভিক্ষ প্রকট আকার ধারন করেছে।

দ্বিতীয় কথা হচ্ছে, আমাদের সন্দেহ কবে কাটবে? সমকামিতার বৈধতার জন্য যে নেতা আন্দোলন করে চলেছে সে মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের

সন্দেহ কাটছে না। যে বলেছে, ঢাকা শহরের মসজিদগুলোকে শৌচাগার বানানো উচিত সে মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। যে আল্লাহ ও তাঁর নবীকে সুস্পষ্ট শব্দে গালি দিল, আল্লাহর অস্তিত্বকে অস্বীকার করল সে মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। যে কোন ধর্মের পক্ষে নয় সে মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। যে ধর্মের উর্ধ্বে উঠে এসে রবিন্দ্রনাথের আদর্শকে বাস্তবায়ন করতে বলল সে মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। অইন প্রণয়নের ক্ষেত্রে কুরআন হাদীসের প্রবেশকেও যারা বেআইনী মনে করে তারা মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। মূর্তি স্থাপনের বিরোধিতা করাকে যারা অবৈধ মনে করছে তারা মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। সর্বধর্মীয় প্রর্থনা সভার যারা আয়োজন করছে এবং তা বাস্তবায়নে যারা সহযোগিতা করছে তারা মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। আল্লাহ প্রদত্ত বিধান বাস্তবায়ন করা শাস্তিযোগ্য অপরাধ এ বিশ্বাস যারা রাখে, এ আইন যারা করে, এ আইন যারা বাস্তবায়ন করে তারা মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। মুসলমানদের প্রধান বিচারপতি, বিচারপতি, রাষ্ট্রপ্রধান, ধর্মমন্ত্রী, আইন প্রণেতা অমুসলিম হলে কোন সমস্যা নেই যাদের ধারণা তারা মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। যারা মনে করে ইসলামী শরীয়তের আইন বর্তমান পৃথিবীতে চলা সম্ভব নয় তারা মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না। যারা শান্তির জন্য মুসলমানদের বিরুদ্ধে অস্ত্রধারণ করল তারা মুরতাদ কি না -এ বিষয়ে আমাদের সন্দেহ কাটছে না।

আমরা আসলে কোন ধর্মের লোক সম্ভবত -এ বিষয়েও আমাদের সন্দেহ কাটছে না।

সন্দেহবায়ু রোগে যারা আক্রান্ত তারা আসলে এসব বিষয়ে কথা বলার প্রয়োজন নেই। যাদের সন্দেহ কেটে গেছে, যারা কাফেরদের কুফরী দেখতে পাচ্ছে তারা কাজ করে যাক। মুসলমান নামধারী একটি দলইতো ইবলিস শয়তান কাফের কি না এ বিষয়ে সন্দিহান ছিল। পরবর্তীতে তারা নিশ্চিত হয়েছিল যে, ইবলিস শয়তান আসলে কাফের নয়; বরং সে হচ্ছে প্রকৃত মুওয়াহহিদ। কারণ সে আল্লাহর আদেশ অমান্য করে হলেও আল্লাহর সঙ্গে শিরক করা থেকে বেঁচে থেকেছে। সন্দেহ রোগের ওষুধ বই লিখা নয়, ওয়ায

করা নয়, পিঠে হাত বোলানো নয়। এর ওষুধ তাই যা আল্লাহ ও তাঁর রাসূল তরবারীর মাধ্যমে দিয়েছেন।

৯৬. إن الحد لا يثبت عند قيام الشبهة

এ ফাতওয়াদাতাদের আমলতো চলছে এ কথার উপর যে, لا يقام الحد عند التيقن أيضا নিশ্চিত হওয়ার পরও দণ্ডবিধি বাস্তবায়ন করা যাবে না। তাহলে এ প্রসঙ্গে তারা আলোচনা করছেন কেন? যাই হোক এ সন্দেহ শুবহার কি কোন শুরু শেষ আছে? একজন যিনাকারের বিরুদ্ধে চার জন সাক্ষ্য দেয়ার পরও যদি সন্দেহ পোষণ করা হয় যে, হতে পারে এরা শত্রুতাবশত সাক্ষ্য দিচ্ছে, তাহলে শুধু এ সম্ভাবনার কারণে কি বিচারপতি শাস্তি বাস্তবায়ন না করার অধিকার রাখবে? যিন্দিক ও মুলহিদদের সব সময় দাবি থাকে তারা মুসলমান। এরপরও তাদের উপর শাস্তি বাস্তবায়িত হয় কি না? বোঝা যাচ্ছে, নিজ থেকে তৈরি করা কোন সন্দেহ এখানে গ্রহণযোগ্য নয়। শরীয়ত যতটুকু শুবহাকে শুবহা হিসাবে ধর্তব্য করেছে ততটুকুই ধর্তব্য হবে। এর বাইরে অমূলক সন্দেহ করা মানেই হচ্ছে যিন্দিক ও মুলহিদদের জন্য রাস্তা খুলে দেয়া।

ইসলামের ইতিহাসে এমন মুসলমানও অতীত হয়েছে বা বর্তমানে আছে যারা ফেরাউন কাফের কি না এ বিষয়ে সন্দিহান। আবু তালেব কাফের কি না এ বিষয়ে সন্দিহান। বারাক ওবামা কাফের কি না এ বিষয়ে সন্দিহান। তাসলিমা নাসরিন কাফের কি না এ বিষয়ে সন্দিহান। লতীফ সিদ্দীকী কাফের কি না এ বিষয়ে সন্দিহান। ড. হুমায়ন আযাদ কাফের কি না এ বিষয়ে সন্দিহান। জিহাদকে বর্বরতা, নিষ্ঠুরতা, হিংস্রতা বললে কাফের হবে কি না এ বিষয়ে সন্দিহান। কাফেরদেরকে কাফের বলা যাবে কি না এ বিষয়ে সন্দিহান।

অথচ দলিলের আলোকে যে কাফের হওয়া প্রমাণিত তাকে কাফের মনে না করাকে কুফরী বলা হয়েছে। বিস্তারিত দেখুন, আল্লামা কাশ্মীরী রহ. রচিত 'ইকফারুল মুলহিদীন' কিতাবটি।

৯৭. أن أقيمها بالشبهات

এ বিষয়ে প্রথম কথা হচ্ছে, আমল চলছে নিশ্চিত অপরাধের অপরাধীর সঙ্গে ভালোবাসার। যে পৃথিবীতে ইসলামী আইন প্রতিষ্ঠার লড়াই অপরাধ এবং সে লড়াইয়ের বিরুদ্ধে ফাতওয়ার আয়োজন, সে পৃথিবীতে এসব উদ্ধৃতি দিয়ে কোন মুসলমানের পিঠ বাঁচানোর চেষ্টা চলছে? না কি আল্লাহর দুশমন কাফের মুরতাদদের পিঠ বাঁচানোর চেষ্টা চলছে? বিষয়টি খতিয়ে দেখার দায়িত্ব আমাদের উপর পড়ে। আর আমরাও কামনা করি, কুফরী আদালতগুলো এমন আদালতে রূপান্তরিত হোক যে আদালতে শরীয়তের এ উসূল ও নীতিমালা প্রয়োগ করা যাবে।

দ্বিতীয় কথা হচ্ছে, আমরা সাধারণত কাফের ও মুরতাদদের কুফরী ও ইরতিদাদগুলো তলিয়ে দেখতে আগ্রহবোধ করি না, পাছে তাদের বাস্তব অবস্থাটা ধরা পড়ে যায়। আর ধরা পড়ে গেলেই তাকে কাফের মুরতাদ ফাতওয়া দিতে হবে। অনেকের ক্ষেত্রে এমন ঘটনাও ঘটেছে যে, তাদের সামনে সকল দলিল প্রমাণ তুলে ধরার পর সে বলেছে, আপনার যেহেতু বুঝে এসেছে সেহেতু এটা আপনার দায়িত্বে পড়ে, আমার যেহেতু বুঝে আসেনি সেহেতু আমার দায়িত্বে আসে না। বললাম, তাহলে আপনি এ প্রমাণগুলো অস্বীকার করেন। বললেন, অস্বীকার করতে পারব না, তবে আমার বুঝে আসেনি। বললাম, কোন কথাটায় আপনার সন্দেহ? বললেন, আপনাকে বোঝাতে পারব না। বললাম, আমার বুঝশক্তি কম হওয়ার কারণে না কি দলিল না থাকরা কারণে? বললেন, আমাকে বিষয়টি আরো বুঝতে হবে। বললাম, আমার কাছে এ মুহূর্তে যে উপাদানগুলো সেগুলোর একটা সমাধানতো হয়ে যাওয়া দরকার। বললেন,আমি আরো দেখি।

পরে দেখা গেছে মাসের পর মাস এমন কি বছরও গড়িয়ে গেছে, তিনি আর দেখেননি। সন্দেহ দূর করার কোন ব্যবস্থা নেননি। তাহলে কি আমরা বলতে পারি না যে, তিনি মূলত সন্দেহের মাঝে থাকতেই পছন্দ করেন, যাতে কখনো কোন সিদ্ধান্তে পৌঁছতে না হয়। কারণ, সিদ্ধান্তে পৌঁছলেই কার্যকর করার দায়িত্ব এসে যাবে। সে বাস্তবায়নটা মন গ্রহণ করতে চায় না।

এমন পরিস্থিতির মুখোমুখীও আমরা হচ্ছি যখন ইসলামের জন্য যাদের জীবন কুরবান বলে ধারণা করা হয়, তাদের কোন কোন কথায় এমন সন্দেহ করতে ইচ্ছা করে যে, তারা মনে মনে কামনা করেন ইসলামী খিলাফত প্রতিষ্ঠিত না

হোক। কারণ ইসলামী খিলাফত প্রতিষ্ঠিত হলে যিনার শাস্তি হিসাবে সবার সামনে যিনাকারীকে পাথর মেরে মেরে হত্যা করা হবে। আর এ দৃশ্য তার সহ্য হবে না। শরীয়তকর্তৃক নির্ধারিত কোন শিরচ্ছেদের বিধানের কথা শুনলেই সে কেঁপে ওঠে। চুরির কারণে হাত কেটে দেয়ার কথা শুনলেই সে কেঁপে ওঠে। একশত বেত্রাঘাতের কথা শুনলেই সে কেঁপে ওঠে। তারা যেন এ আয়াতের কথা ভুলেই গেছে-

الزَّانِيَةُ وَالزَّانِي فَاجْلِدُوا كُلَّ وَاحِدٍ مِنْهُمَا مِائَةَ جَلْدَةٍ وَلَا تَأْخُذْكُمْ بِهِمَا رَأْفَةٌ فِي دِينِ اللَّهِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَائِفَةٌ مِنَ الْمُؤْمِنِينَ. (سورة النور ٢).

"ব্যভিচারিণী ও ব্যভিচারী তাদের প্রত্যেককে একশ'টি করে বেত্রাঘাত কর। আর যদি তোমরা আল্লাহ ও শেষ দিবসের প্রতি ঈমান এনে থাক তবে আল্লাহর দীনের ব্যাপারে তাদের প্রতি দয়া যেন তোমাদেরকে পেয়ে না বসে। আর মুমিনদের একটি দল যেন তাদের আযাব প্রত্যক্ষ করে"। -সূরা নূর ২

অনেকের কথাবার্তা থেকে এমনও সন্দেহ করতে ইচ্ছা করে যে, তাদের কামনা কুরআনে কারীমে যদি জিহাদ সম্পর্কে এবং কাফেরদের বিরুদ্ধে এত স্পষ্ট আয়াতগুলো না থাকত তাহলে ভালো হত। এখন এ আয়াতগুলো থাকার কারণে এগুলোর সঠিক কোন জবাব দেয়া যাচ্ছে না, বা নিজেদের মত প্রতিষ্ঠিত করতে কষ্ট হচ্ছে। কিন্তু এসব মানুষের ব্যাপারেও আমাদের সন্দেহ কাটে না।

তাহলে শুবহাত দূর করার কোন ব্যবস্থাতো আখের লাগবে। আমরা শুবহা দূর করার ব্যবস্থা নিব? না কি শুবহা জিইয়ে রাখার সম্ভাব্য সকল ব্যবস্থা করব? আমাদের দায়িত্ব কী?

৯৮. 'ইসলাম কি সমর্থন করে?'

সমর্থন করে কি না? এ বিষয়টি আমরা ইসলামী শরীয়ত থেকে নেব? না কি জাতিসংঘ থেকে নেব? যদি ইসলাম থেকে নেব হয় তাহলে ৯২ নং টীকায় যেসব উদ্ধৃতি উল্লেখ করা হয়েছে সেগুলোর আলোকে আমরা বিষয়টিকে বিচার করতে পারি। আর যদি জাতিসংঘের মানবাধিকার নীতির আলোকে সিদ্ধান্ত নিতে হয় তাহলে এ দায়িত্ব একলক্ষ সাহেবের উপর থাকলেই ভালো হয়।

৯৯. 'কিতাল বা স্বশস্ত্র যুদ্ধের উদ্দেশ্যে যখন মুসলিম দল বের হত'

কিতাল বা স্বশস্ত্র যুদ্ধের উদ্দেশ্যে মুসলিম দল বের হওয়া জিহাদ না সন্ত্রাস? এ বের হওয়ার জন্য অস্ত্রে ধার দেয়া, অস্ত্র জোগাড় করা জিহাদ না সন্ত্রাস? এ কিতাল ও স্বশস্ত্র যুদ্ধের জন্য মুসলিম যুবকদেরকে তৈরি করা জিহাদের প্রস্তুতি না সন্ত্রাসের প্রস্তুতি? এ কিতাল ও স্বশস্ত্র যুদ্ধের জন্য মুসলিম যুবকদেরকে কলা কৌশল সেখানো জিহাদের প্রস্তুতি না সন্ত্রাসের প্রস্তুতি? এ কিতাল ও স্বশস্ত্র যুদ্ধের জন্য তৈরিকৃত বই-পত্র জিহাদের বই না সন্ত্রাসের বই। এ কিতাল ও স্বশস্ত্র যুদ্ধের মানসিকতা জিহাদের মানসিকতা না সন্ত্রাসের মানসিকতা?

এ সকল প্রশ্নের উত্তর কী এবং একলক্ষ সাহেবের এ ফাতওয়া কিসের বিরুদ্ধে?

১০০. أن رسول الله كان إذا بعث جيشا

এরকম বাহিনী পাঠানো বৈধ কি না? এর বৈধতার ব্যাপারে একলক্ষ সাহেবের কী খেয়াল তা পরিষ্কার হওয়ার পর এর নিয়ম-নীতি নিয়ে আলোচনার একটা ফলাফল পাওয়া যেত। যে বাহিনীর বৈধতা নিয়ে প্রশ্ন, যে বাহিনীকে অবৈধ প্রমাণিত করার জন্য এত আয়োজন, সে বাহিনীর খুটিনাটি ভুল-ভ্রান্তি নিয়ে কেন আলোচনা হচ্ছে তা বোধগম্য নয়।

এ বাহিনীগুলো কি আল্লাহর দুশমন অমুসলিমদের সঙ্গে জিহাদের ময়দানে ভালোবাসা ভালোবাসা খেলত? সেখানে রক্তারক্তি হত না কোলাকুলি হত? কঠোরতা হত না সৌহার্দ্য হত? যে বাহিনী ও কাফেলার বৈধতার উপর আপত্তি সে বাহিনী ও কাফেলার উদ্ধৃতি দিতে একটু লজ্জাবোধ হওয়ার দরকার ছিল।

১০১. ولا مريضا ولا راهبا ولا تقطعوا مثمرا

কোন কোন ক্ষেত্রে কি এর অনুমতিও দেয়া হয়নি? বিষয়গুলোর কিতাবভিত্তিক আলোচনা হবে। হাওয়াই কথায় এসব বিষয়ে সমাধানে পৌঁছা সম্ভব নয়। আলোচনার ধারাবাহিকতায় সবার আগে আসবে, জিহাদ একটি ফরয আমল কি না? দ্বিতীয়ত এ ফরযটি কাদের উপর? তৃতীয়ত এর কৌশলগত পদ্ধতি কী? এরপর কাজে নামতে গিয়ে যখন জিহাদের কাফেলা অস্ত্র নিয়ে

অপারেশনে বের হবে তখন চতুর্থ নম্বরে এর বিধি-নিষেধের বিস্তারিত আলোচনা আসবে।

যারা প্রথম তিনটি পর্বকে অস্বীকার করে তাদের সঙ্গে চতুর্থ নম্বরের এ বিষয়টি নিয়ে অলোচনা করতে আমার ধর্মীয় মর্যাদাবোধে আঘাত লাগছে। এ জন্য যারা প্রথম তিনটি বিষয়ের প্রতি শ্রদ্ধাশীল, প্রথম তিনটি বিষয়ে আল্লাহর বিধানের সঠিক উপলব্ধি রাখে এবং প্রথম তিনটি পর্বে উত্তীর্ণ হওয়ার জন্য নিজেকে ও অপর মুসলমানকে তৈরি করেছে এবং তৈরি করে চলেছে -শুধু তাদের জন্য এবং তাদের সমীপে চতুর্থ বিষয়টি নিয়ে কিছু নিবেদন করতে চাই। মাসআলাটির বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা মূলত ফিকহের মুতাওয়াল কিতাবাদি থেকেই নিতে হবে। বিষয়টি নিয়ে গবেষণার সুবিধার্থে যে দু'য়েকটি কথা এখানে উল্লেখ করা হবে তা দেখার আগে ফিকহে হানাফীর সর্বাধিক সমাদৃত কিতাব হেদায়ার কিছু উদ্ধৃতির উপর সামান্য নজর বুলিয়ে নিলে ভালো হবে।

হেদায়া কিতাবে রয়েছে-

"ويستحب أن يدعو من بلغته الدعوة" مبالغة في الإنذار ولا يجب ذلك لأنه صح أن النبي عليه الصلاة والسلام أغار على بني المصطلق وهم غارون وعهد إلى أسامة رضي الله عنه أن يغير على أبنى صباحا ثم يحرق والغارة لا تكون بدعوة قال: "فإن أبوا ذلك استعانوا بالله عليهم وحاربوهم" لقوله عليه الصلاة والسلام في حديث سليمان بن بريدة "فإن أبوا ذلك فادعهم إلى إعطاء الجزية إلى أن قال فإن أبوها فاستعن بالله عليهم وقاتلهم" ولأنه تعالى هو الناصر لأوليائه والمدمر على أعدائه فيستعان به في كل الأمور قال: "ونصبوا عليهم المجانيق" كما نصب رسول الله عليه الصلاة والسلام على الطائف"وحرقوهم" لأنه عليه الصلاة والسلام أحرق اليوبرة قال: "وأرسلوا عليهم الماء وقطعوا أشجارهم وأفسدوا زروعهم" لأن في جميع ذلك إلحاق الكبت والغيظ بهم وكسر شوكتهم وتفريق جمعهم فيكون مشروعا.

"ولا بأس برميهم وإن كان فيهم مسلم أسير أو تاجر" لأن في الرمي دفع الضرر العام بالذب عن بيضة الإسلام وقتل الأسير والتاجر ضرر خاص ولأنه قلما يخلو حصن من مسلم فلو امتنع باعتباره لانسد بابه "وإن تترسوا بصبيان المسلمين أو بالأسارى لم يكفوا

عن رميهم" لما بينا "ويقصدون بالرمي الكفار" لأنه إن تعذر التمييز فعلا فلقد أمكن قصدا والطاعة بحسب الطاقة وما أصابوه منهم لا دية عليهم ولا كفارة لأن الجهاد فرض والغرامات لا تقرن بالفروض بخلاف حالة المخمصة لأنه لا يمتنع مخافة الضمان لما فيه من إحياء نفسه أما الجهاد فمبني على إتلاف النفس فيمتنع حذار الضمان. (**الهداية، كتاب السير، باب كيفية القتال**).

"ولا يقتلوا امرأة ولا صبيا ولا شيخا فانيا ولا مقعدا ولا أعمى" لأن المبيح للقتل عندنا هو الحراب ولا يتحقق منهم ولهذا لا يقتل يابس الشق والمقطوع اليمنى والمقطوع يده ورجله من خلاف والشافعي رحمه الله تعالى يخالفنا في الشيخ الفاني والمقعد والأعمى لأن المبيح عنده الكفر والحجة عليه ما بينا وقد صح أن النبي عليه الصلاة والسلام نهى عن قتل الصبيان والذراري وحين رأى رسول الله صلى الله عليه وسلم امرأة مقتولة قال "ما كانت هذه تقاتل فلم قتلت" قال: "إلا أن يكون أحد هؤلاء ممن له رأي في الحرب أو تكون المرأة ملكة" لتعدي ضررها إلى العباد وكذا يقتل من قاتل من هؤلاء دفعا لشره ولأن القتال مبيح حقيقة "ولا يقتلوا مجنونا" لأنه غير مخاطب إلا أن يقاتل فيقتل دفعا لشره غير أن الصبي والمجنون يقتلان ما داما يقاتلان وغيرهما لا بأس بقتله بعد الأسر لأنه من أهل العقوبة لتوجه الخطاب نحوه وإن كان يجن ويفيق فهو في حال إفاقته كالصحيح. (**المصدر السابق**).

এ ইবারতগুলো এবং এর মত আরো শত শত ইবারতের আলোকে বলা যায়:

ক. যে মুকাতিল বা মুহারিব হবে তাকে হত্যা করা যাবে, সে যেই হোক।

খ. শুধু ঐ ব্যক্তিই মুকাতিল বা মুহারিব নয় যে সরাসরি অস্ত্র ধারণ করেছে। বরং প্রত্যেক ঐ ব্যক্তি পর্যন্ত মুহারিব ও মুকাতিলের অন্তর্ভুক্ত যে সমর্থন ও মতামত দিয়েও সহযোগিতা করেছে।

গ. মুকাতিল বা মুহারিবকে মারতে গেলে যদি গায়রে মুকাতিল ও গায়রে মুহারিবকে বাঁচানোর কোন ব্যবস্থা না থাকে তাহলে সে ক্ষেত্রে গায়রে মুকাতিল ও গায়রে মুহারিবকে হত্যা করার অনুমতি রয়েছে। এমন কি এমন পরিস্থিতিতে কোন মুসলমানকে মারতে হলে তাকেও মারার অনুমতি রয়েছে।

ঘ. কাফেরদের দম্ভ ও জৌলুস নষ্ট করে দেয়ার জন্য, তাদের মাঝে বিশৃংখলা

সৃষ্টি করার জন্য হাদীসের আলোকে মিনজানিকের ব্যবহার, রাতের বেলায় হামলা করা, আগুন লাগিয়ে দেয়া, পানি ছেড়ে দেয়া, গাছ কেটে ফেলা ইত্যাদির অনুমতি এ দিকে ইঙ্গিত করে যে, পরিস্থিতির বিবেচনায় গায়রে মুকাতিল ও গায়রে মুহারিবের উপর হমলার অনুমতি রয়েছে।

ঙ. বর্তমান পৃথিবীতে যুদ্ধের যে অস্ত্রগুলো আবিষ্কার করা হয়েছে সেগুলোর অধিকাংশই এমন যা দ্বারা হামলা করতে গেলে মুকাতিল ও গায়রে মুকাতিলকে আলাদা করা প্রায় অসম্ভব। তাই শত্রু হামলা করবে পারমাণবিক বোমা দিয়ে, যে হামলায় একটি দেশ ভূগর্ভে তলিয়ে যেতে পারে। আর আমরা হামলা করব- একটি ছুরি নিয়ে শুধু ঐ ব্যক্তিকে ধরে এনে জবাই করে দেব যে বোমা হামলা করতে গিয়ে সর্বশেষ বাটনে চাপ দিয়েছে। কারণ এর আগ পর্যন্ত যারা যাই করেছে তাদের কেউ এ হামলায় সরাসরি জড়িত নয়। - এমন কথা আমাদের কুরআন, হাদীস ও ফিকহ বলেনি।

চ. যে রাষ্ট্রপ্রধানরা ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে এবং যুদ্ধ করে চলেছে তাদেরকে যারা ভোট দিয়েছে এবং যুদ্ধ করার জন্য সমর্থন ও শক্তির যোগান দিয়েছে তাদেরকে গায়রে মুকাতিল ও গায়রে মুহারিব অসহায় সাধারণ নাগরিক বলার আগে তথ্য-উপাত্তগুলো আবার দেখে নেয়া দরকার।

১০২. 'ইবাদতরত মানুষকে হত্যা করা কী ধরনের অপরাধ?'

এখানে সম্পূরক প্রশ্ন হতে পারে, হত্যা অপরাধ করার কারণে না কি ইবাদত করার কারণে? দ্বিতীয় সম্পূরক প্রশ্ন, মূর্তীর সামনে সেজদা, যিশুর সামনে সেজদা এগুলোকেই কি ইবাদত বলা হচ্ছে? উত্তরের শব্দাবলী তো এমনটিই বলছে।

১০৩. 'উত্তরঃ যে কোন অবস্থায় খুন করা অপরাধ'

তার মানে- যুদ্ধরত অবস্থায় কাফেরকে হত্যা করা অপরাধ, বিবাহিত ব্যক্তি যিনা করলে তাকে হত্যা করা অপরাধ, মুসলমানদেরকে হত্যা করে পালিয়ে যাওয়া অবস্থায়, মোটকথা যে কোন অবস্থায় খুন করা অপরাধ ও অন্যায়। বক্তব্যতো এমনটিই বলছে। বাকি এর ভিন্ন কোন ব্যাখ্যা থাকলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বলতে পারবেন।

এখানে আরেকটু অতিউৎসাহ প্রকাশ পাওয়ার কারণ স্পষ্ট নয়। প্রশ্ন করা হয়েছে, ইবাদতরত মানুষকে হত্যা করা কী ধরনের অপরাধ। উত্তর দেয়া হয়েছে, যে কোন অবস্থায় হত্যা করা অপরাধ। যাই হোক এটা আমাদের মাথা ঘামানোর মত কোন বিষয় নয়। বাকি একটু সন্দেহ হয়, তাই সামান্য টাচ্ করা হয়েছে।

১০৪. 'উপাসনারত কাউকে হত্যা করা সবচে জঘন্য এবং মারাত্মক অপরাধ'

তার মানে ক্রুসেডাররা যখন তাদের ধর্মীয় আদেশ মত ইবাদত হিসাবে মুসলমানদের উপর হামলা করে তখন মুসলমানদের পক্ষ থেকে তাদের উপর হামলা করা, তাদেরকে হত্যা করা সবচাইতে জঘন্য অপরাধ। কারণ এটা তাদের উপাসনা। যুদ্ধের ময়দানে কাফেররা যদি মুসলমানদের বিরুদ্ধে লড়াইয়ে জেতার জন্য লাত-ওজ্জা-সরস্বতী-দুর্গার কাছে প্রর্থনায় বসে যায় তাহলে তাদের উপর হামলা করা এবং তাদেরকে হত্যা করা সবচাইতে জঘন্য অপরাধ। কোন মহল্লায় হামলা করতে গেলে তারা যদি ইসলামের কালেমা না পড়ে মূর্তির পূজায় লেগে যায় তাহলে তাদের উপর হামলা করা এবং তাদেরকে হত্যা করা সবচাইতে বড় অপরাধ।

কিন্তু আসলেই কি এসব ক্ষেত্রে হামলা করা ও হত্যা করা সবচাইতে জঘন্য অপরাধ? না কি কোন কোন ক্ষেত্রে হামলা করা ফরযও। আর যদি বলা হয়, এসব বিষয় ব্যাখ্যার অপেক্ষা রাখে। তাহলে আমরা বলতে পারি, ব্যাখ্যা ছাড়া এতবড় কথা বলা হল কেন যার দ্বারা একটি ফরয বিধানকে অস্বীকার করা হয়েছে?

আর এ উদ্ভট দাবিকে প্রমাণিত করার জন্য নীচে যেসব দলিল উল্লেখ করা হয়েছে সেগুলোর সঙ্গে এ দাবির কী সম্পর্ক? চলুন দেখি সে দলিলগুলো।

১০৫. ومن يقتل مؤمنا متعمدا فجزائه جهنم

উত্তর দেয়া হয়েছে, উপসনারত কাউকে হত্যা করা সবচে জঘন্য এবং মারাত্মক অপরাধ। দলিল দেয়া হয়েছে, 'যে কোন মুমিনকে ইচ্ছাকৃত হত্যা করবে তার পরিণাম জাহান্নাম'। দাবি ও দলিলের পারস্পরিক সম্পর্ক বোঝা গেল না।

